


Vol. 56 | No. 1 | 2018

Check for updates

# সাহিত্য পত্রিকা

journal.bangla.du.ac.bd

## বাংলাদেশের বিশিষ্ট গ্রামনাম 'কালীপুর'

| | |
|---|---|
| Volume | 56 |
| Issue | 1 |
| Year | 2018 |
| ISSN | 0558-1583 |
| eISSN | 3006-886X |
| Author(s) | Muhammad Shahjahan Mia |
| Published online | December 1, 2020 |
| DOI | 10.62328/sp.v56i1.1 |
| Link to article | https://doi.org/10.62328/sp.v56i1.1 |
| Pages | ১-৭৪ |
| Publisher | University of Dhaka |
| Copyright | সাহিত্য পত্রিকা |
| Designed and Developed by | Zobayer Abdullah |

সাহিত্য পত্রিকা ॥ বর্ষ : ৫৬ ॥ সংখ্যা : ১ ॥ কার্তিক ১৪২৬ ॥ অক্টোবর ২০১৮

Check for updates

https://doi.org/10.62328/sp.v56i1.1

# বাংলাদেশের বিশিষ্ট গ্রামনাম 'কালীপুর'

## মুহম্মদ শাহজাহান মিয়া*

**সারসংক্ষেপ :**

বাংলাদেশের গ্রামের সংখ্যা এখন সর্বসমেত বিরানব্বই সহস্রাধিক। বাংলাদেশ সরকারের পরিসংখ্যান বিভাগ কর্তৃক সঙ্কলিত তথ্যানুসারে একথা জানা গিয়েছে। বস্তুত এসব গ্রামনাম এদেশের সমাজসংস্কৃতি, ইতিহাসঐতিহ্য ও ভাষাউপভাষা-সংক্রান্ত মূল্যবান্ জ্ঞানভাণ্ডারবিশেষ। মূলত এদেশের প্রত্যেকটি গ্রামনাম, জ্ঞানসঞ্চয়ের লক্ষ্যে, এক-একটি ক্ষুদ্রাকৃতি বাতায়ন হিসাবে ব্যবহৃত হতে পারে। উপযুক্ত সমীক্ষা ও অনুশীলনের সহায়তা গ্রহণ করা হলে এক-একটি গ্রামনাম জ্ঞানজগতের এক-একটি বিশাল দিগন্ত উন্মোচিত করে দিতে পারে বলে ধারণা করা যায়। আধুনিক বরগুণা জেলার পাথরঘাটা থানার আজিজাবাদ ডাকঘর-সন্নিহিত 'কালীপুর' একটি সমধিক গুরুত্বপূর্ণ গ্রাম। এ-গ্রামনামের বাতায়নপথে দৃষ্টি প্রসারিত করেও আমরা এদেশের স্থাননামবিষয়ক এক 'অণুবিশ্ব'-এর সন্ধান পেতে পারি। বস্তুত এর ফলে উদ্‌ঘাটিত হতে পারে কালীদেবী-সম্পর্কিত এক বিচিত্র ও বিপুল জ্ঞানভাণ্ডার। এ-জ্ঞানভাণ্ডারের যোগ রয়েছে এদেশের সমাজসংস্কৃতি ও ইতিহাসঐতিহ্যের সঙ্গে।

এপ্রবন্ধে, প্রয়োজনীয় সমীক্ষা ও অনুশীলন-সহযোগে, বাঙালীর কালীদেবী-বিষয়ক ভাবনা-উন্মোচনের চেষ্টা করা হয়েছে। আমাদের বিশ্বাস : এ-উপায়েই বাংলাদেশের প্রায় সকল গ্রামনামের সমাজসংস্কৃতি-ইতিহাসঐতিহ্যগত পটভূমি উদ্‌ঘাটন করা সম্ভবপর।

### [এক] কথারম্ভ :

বাংলাদেশের গ্রামসমূহ নানা বৈচিত্র্যে পরিপূর্ণ। 'বাংলাদেশ'-ভূখণ্ডে বসবাসকারী ব্যক্তিবর্গের প্রায় দুহাজার বছরের অভিজ্ঞতা এসব গ্রামনামে গ্রথিত হয়েছে। এ দুহাজার বছরেও নানাদিগ্‌দেশাগত মানবসম্প্রদায় এ-ভূখণ্ডে বসতি স্থাপন করেছেন।[১] ফলে তাঁদের ভাষা-সভ্যতা ও সমাজ-সংস্কৃতির বিভিন্ন উপাদানও এখানকার আবহমান সংস্কৃতির সঙ্গে যুক্ত হয়েছে।

---

* অধ্যাপক, বাংলা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

বাংলাদেশ সরকারের পরিসংখ্যানবিভাগের হিসাব অনুসারে বাংলাদেশের গ্রামসংখ্যা এখন বিরানব্বই হাজারেরও অধিক। এসব গ্রামনামের মধ্যে দেবদেবীআখ্যাযুক্ত গ্রামনামও প্রচুর। 'কালীপুর' দেবতা- সংজ্ঞাযুক্ত গ্রামনাম। এর অবস্থান : বরগুণা জেলার পাথরঘাটা থানার আজিজাবাদ ডাকঘর-সন্নিহিতঅঞ্চলে[২]। (এদেশে 'কালীপুর'-সংজ্ঞক গ্রামনাম আরও আছে।) 'কালীপুর'-গ্রামনাম বিষয়েও বিস্তৃত আলোচনার অবকাশ রয়েছে। আমরা এপ্রবন্ধে ওইরূপ আলোচনায় সচেষ্ট হব।

### [দুই] 'কালীপুর'-গ্রামনামের অভিধানসম্মত অর্থ :

কালীপুর : কালী + পুর । ('কালীপুর'-এর বানানভেদ : 'কালিপুর'।)

কালী[৩] : [কাল (শিব) + স্ত্রী ঈ (ঙীপ্)]। কালের পত্নী; কালিকা[৪], শিবপত্নী; দুর্গামূর্তিবিশেষ (চণ্ডী); আদ্যা মহাবিদ্যা।

পুর : 'লোকাদিপূর্ণ', প্রাসাদযুক্ত পরিখাবেষ্টিত একক্রোশ বা ততোধিক দীর্ঘ স্থান; হট্টাদিবিশিষ্টস্থান; নগর; (এখানে) গ্রাম। (সং.)। বাংলাদেশের বহুগ্রামনামে 'পুর'-শব্দের সংযোগ রয়েছে।

কালীপুর (কালিপুর) : কালীদেবীর স্মৃতিযুক্ত স্থাননাম। (সম্ভবত পূর্বে এখানে কালীদেবীর মন্দির ছিল।)

### [তিন] কালী (কালি) বা কালিকাদেবীর পরিচয় :

দশ মহাবিদ্যার মধ্যে প্রথম মহাবিদ্যা 'কালী'[৫]। শক্তিউপাসকরা কালীকে আদ্যাশক্তি বলে উপাসনা করেন। এঁর চারটি হাত আছে। দুই দক্ষিণহস্তে খট্বাঙ্গ ও চন্দ্রহাস, আর দুই বামহস্তে চর্ম ও পাশ। গলায় নরমুণ্ড, দেহ ব্যাঘ্রচর্মে আবৃত। ইনি দীর্ঘদন্তী, রক্তচক্ষু, বিস্তৃতমুখ ও স্থূলকর্ণ। তাঁর বাহন 'কবন্ধ' (=মস্তকহীন শব)। দেবাসুরের যুদ্ধে, বিশেষত শুম্ভনিশুম্ভের সহিত যুদ্ধে, দেবতারা পরাজিত হয়ে স্বর্গ হতে বিতাড়িত হন। তাঁরা দেবী আদ্যাশক্তি ভগবতীর স্তব করতে থাকেন। তখন দেবীর শরীরকোষ হতে অপর এক দেবী আবির্ভূতা হন। সেই দেবী 'কৌষিকী'- নামে খ্যাত। দেবী কৌষিকী তাঁর শরীর থেকে নিষ্ক্রান্ত হলে, ভগবতী দেবী কৃষ্ণবর্ণ ধারণ করেন। সেই সময় থেকে ইনি 'কালী' বা 'কালিকা'-নামে পরিচিতা। পূর্বকালে, কালীদেবীর সেবার নিমিত্ত এদেশে, রাজাদেশে, ভূমিদান করা হয়েছে। দেবসেবার্থ প্রদত্ত ভূমি 'দেবত্র' বা 'দেবোত্তর'-নামে চিহ্নিত। (দ্র. মৎপ্রণীত 'বাংলাদেশের সামরিকপদবিযুক্ত গ্রামনাম', পৃ ৩৮১।)

**[চার] কালীপূজাপদ্ধতি :**

হিন্দুর, বিশেষত শাক্তসম্প্রদায়ভুক্ত হিন্দুর, অন্যতম প্রধান ধর্মীয় উৎসব 'কালীপূজা'। কালী হচ্ছেন দশমহাবিদ্যার প্রথম মহবিদ্যা। তাঁর সম্বন্ধে নানাপুরাণ[৬] ও তন্ত্রে[৭] বহু তথ্য আছে। বঙ্গীয় তন্ত্রসার, শ্যামারহস্য প্রভৃতি তন্ত্রে কালীর বিভিন্ন রূপের কথা বলা হয়েছে। যথা : দক্ষিণ, সিদ্ধ, গুহ্য, ভদ্র, শ্মশান, রক্ষা ও মহাকালী। এঁদের মধ্যে দক্ষিণ কালিকা সর্বাধিক জনপ্রিয় ও ব্যাপকভাবে পূজিত।

শাক্তরা কালীকে আদ্যাশক্তি[৮]-রূপে উপাসনা করেন। কৃষ্ণানন্দ আগমবাগীশ (আনু. ১৫শ-১৬শ শতক) বঙ্গদেশে দক্ষিণকালিকার পূজা প্রবর্তন করেন বলে কথিত হয়। (এবিষয়ে আরও মত রয়েছে।) তবে বঙ্গে কালীপূজার নিশ্চিত প্রমাণ পাওয়া যায় নদীয়ার রাজা কৃষ্ণচন্দ্র রায়ের সময় থেকে। (রাজা কৃষ্ণচন্দ্র রায়ের জীবৎকাল : ১৭১০-১৭৮৩ খ্রি.।) ব্রহ্মযামলতন্ত্রে বলা হয়েছে : 'কালিকা বঙ্গদেশে'। (অর্থাৎ, বঙ্গদেশে দেবী 'কালিকা' বা 'কালী'-রূপে পূজিতা হন।) কলকাতার কালীঘাটের 'কালী' এবং দক্ষিণেশ্বরের 'ভবতারিণী' অতি প্রসিদ্ধ। গৃহে বা মন্দিরে প্রতিষ্ঠিত কালীর পূজা হয় নিত্য। এছাড়া দীপান্বিতা (কার্তিকী অমাবস্যা), মাঘী কৃষ্ণা চতুর্দশী, জ্যৈষ্ঠের কৃষ্ণ চতুর্দশী প্রভৃতি তিথিতে কালিকাদেবীর বিশেষপূজার বিধান আছে। মাঘে পূজিতা দেবীর নাম রটন্তী, জ্যৈষ্ঠে পূজিতা দেবীর নাম 'ফলহারিণী'। (কালীদেবীর পূজাস্থলের নাম : 'কালীতলা'।) দীপান্বিতা কালীপূজা সাড়ম্বরে, আলোকসজ্জাসহ, ব্যাপকভাবে অনুষ্ঠিত হয়। কালীপূজায় সাধারণত পাঁঠা, ভেড়া অথবা মহিষ বলি দেওয়া হয়। বিশ্বসারতন্ত্র মতে, গুহ্যকালী গোধামাংসে প্রীত হন।

বাংলাদেশ ও পশ্চিমবঙ্গের প্রায় সর্বত্রই, কার্তিক মাসের অমাবস্যাতিথিতে, দীপান্বিতা কালীপূজা অনুষ্ঠিত হয়। [দ্র. বাংলাপিডিয়া (খণ্ড২), পৃ ৩১০-৩১১]

সুবোধকুমার মুখোপাধ্যায়প্রণীত 'প্রাক্-পলাশী বাংলা (সামাজিক ও আর্থিক জীবন, ১৭০০-১৭৫৭)'- শীর্ষক গ্রন্থের ১১৮ ও ১১৯-সংখ্যক পৃষ্ঠায় 'কালীদেবী' ও 'কালীপূজা'-বিষয়ক কিছু তথ্য রয়েছে। এখানে সেগুলো বিবৃত করা যায় :

"বাংলার প্রায় দুই তৃতীয়াংশ-হিন্দু শাক্ত ও শৈব।...

"শক্তির প্রতীক দুর্গা ও কালী এযুগে* পূজিতা হতেন। এ উপলক্ষ্যে ছাগ ও মহিষ বলি দেওয়া হত। হিন্দু জনসাধারণ বিপুল সংখ্যায় এপূজাগুলিতে অংশগ্রহণ করত।... বাংলার হিন্দু জমিদাররা এসময় দুর্গা ও কালীপূজা শুরু করেন। এযুগেই রাজা কৃষ্ণচন্দ্র কালীপূজার অনুষ্ঠান করেছিলেন। রামপ্রসাদের কালীকীর্তন ও শাক্তপদাবলীতে

কালীপূজাপদ্ধতির উল্লেখ আছে। এতে কালীপ্রতিমা, পূজাপদ্ধতি, উপকরণ সম্পর্কে বিস্তৃত তথ্য পাওয়া যায় ।..."
*এযুগে= অর্থাৎ, ১৭০০-১৭৫৭ খ্রিষ্টাব্দে।

## [পাঁচ] বাঙালী সমাজে কালী (কালি) বা কালিকাদেবীর প্রভাব :

বিশেষ কোনো কামনাপূরণের জন্যও কালীপূজা হয়ে থাকে। গ্রামাঞ্চলে গুরুতর ব্যাধি মহামারিরূপে দেখা দিলে অনেকে মিলিতভাবে, রোগমুক্তি কামনায়, কালীপূজা করেন। মহামারিনিবারণার্থ গ্রামের অধিবাসিগণ মিলিত হয়ে যে-কালীমূর্তি স্থাপন করে পূজা করেন, তাঁর নাম 'রক্ষাকালী'[৯]। উপর্যুপরি কন্যাসন্তান হলে কালীর কাছে মানত করা হয় : যেন কন্যা আর না হয়। এক্ষেত্রে নবজাত কন্যার নাম রাখা হয় : 'আন্নাকালী' ('আর না কালী')।

অতঃপর 'ডাকাতে-কালী'-প্রসঙ্গ[১০]:

ডাকাতের দল যে-কালীমূর্তির পূজা করে ডাকাতি করতে যান, তাঁর নাম : 'ডাকাতে কালী'[১১]। ডাকাতদের নরবলিসহ কালীপূজার কথাও শোনা যায়। কারও কারও মতে, কালী আদিতে ছিলেন অনার্যদেবী। তাঁদের যুক্তি এই যে কালীর রূপকল্পনা ও পরিবেশ অনার্যোচিত। তাছাড়া অধিকাংশ দেবীর পূজা হয় দিনে, কিন্তু কালীর পূজা হয় রাতে। সম্ভবত লুণ্ঠন ও দস্যুতাপরায়ণ আদিম অধিবাসীরা রাত্রির অন্ধকারে, লোকচক্ষুর অন্তরালে, তাঁদের গুপ্ত বাসস্থানে এই পূজা করতেন। কালক্রমে কালী আর্যদেবীরূপে প্রতিষ্ঠালাভ করেন।

## [ছয়] বাংলাসাহিত্যে কালী বা কালিকাদেবীর প্রভাব :

প্রাচীন অনার্য নারীদেবতা চণ্ডী। ইনি শক্তিরূপিণী। শতাধিক নামে চণ্ডী আর্যসমাজে পূজিতা হতেন। ক্রমে আর্যসমাজে তিনি শিবপত্নী বা হরগৃহিণীরূপে শিবানী, উমা, গৌরী, তারা প্রভৃতি নামে প্রতিষ্ঠালাভ করেন। পৌরাণিকযুগে এঁর মর্যাদা ও প্রতিষ্ঠা অসামান্যরূপে বেড়ে যায়। দশপ্রকার শক্তির আধাররূপে তাঁর দশমহাবিদ্যার দশমূর্তি পরিকল্পিত হয়েছে। যথা : কালী, তারা, ষোড়শী, ভুবনেশ্বরী, ভৈরবী, ছিন্নমস্তা, ধূমাবতী, বগলা, মাতঙ্গী ও কমলা। চণ্ডী কালো বলে কালিকা, কালী বা শ্যামা-নামে (শক্তিদেবতারূপে) পূজিতা হতে থাকেন। সম্ভবত বৌদ্ধপ্রভাবে পরে তাঁর উগ্র-রৌদ্ররূপ কমনীয় ও করুণাময়ী রূপে পরিণত হয়। অনার্যপ্রভাবে, এককালে, তিন অনার্যদেবতা- বিষ্ণু, শিব ও কালী (চণ্ডী) সর্বভারতিক দেবতারূপে পূজিত হন। ফলে ব্রাহ্মণ্যসমাজ বৈষ্ণব, শৈব ও শাক্তসম্প্রদায়ে বিভক্ত হয়ে পড়ে।

বৈষ্ণবপ্রেমবাদের প্রভাবে বাৎসল্যরসাশ্রিত শাক্তমত তথা সন্তানবৎসলা জননীরূপিণী শ্যামাভক্তিবাদ বাংলাদেশে, আঠার শতক থেকে, প্রসারলাভ করতে থাকে। এমতের আদি সাহিত্যিক 'উদ্‌গাতা' সম্ভবত সাধককবি রামপ্রসাদ সেন (১৭২৩-১৭৭৫ খ্রি.)।

[উদ্‌গাতা'= (এখানে) কোনো উচ্চ আদর্শের প্রচারক।] এভাবে চণ্ডীর মাহাত্ম্যজ্ঞাপক চণ্ডীমঙ্গল, কালিকা-মাহাত্ম্যসূচক কালিকামঙ্গল[১২], গৌরীপরিচায়ক সারদামঙ্গল, দুর্গামহিমাজ্ঞাপক দুর্গামঙ্গল এবং মাতৃরূপিণী শ্যামার স্তুতির জন্য শ্যামাসঙ্গীত রচিত হয়েছে। এই শ্যামাসঙ্গীতকেই বলা হয় শাক্তপদাবলী[১৩]। গৌরী, উমা, দুর্গা ও কালী, –এচারস্বরূপে 'তাঁর' (=শ্যামার) মহিমা বর্ণিত হয়েছে।

রামপ্রসাদের শ্যামাসঙ্গীত একসময়ে খুব জনপ্রিয় ছিল। শ্যামাসঙ্গীতে মতসমন্বয়ের সুরও ছিল। শ্যাম (কৃষ্ণ) ও শ্যামা (কালী) যে অভিন্ন তাও তাঁরা উপলব্ধি করেছেন। কমলাকান্তের একটি পদে আছে :

"কালী কেবল মেয়ে নয়,–
সে যে মেয়েরই বরণ করিয়ে ধারণ
কখন কখন পুরুষ হয়।"

কয়েকজন বিখ্যাত শাক্তপদকারের নাম : রামপ্রসাদ সেন, গঙ্গাগোবিন্দ সিংহ, ভারতচন্দ্র রায়, রাজা কৃষ্ণচন্দ্র রায়, মুক্তারাম সেন, রাজা শিবচন্দ্র রায়, শম্ভুচন্দ্র রায়, প্রমুখ। আঠারশতক থেকে কতিপয় মুসলিম কবিও শাক্তপদ রচনা করেছেন। এঁরা হলেন : আলি রজা, আকবর আলী, মির্জা হোসেন আলী এবং কাজী নজরুল ইসলাম[১৪]।

[দ্র. মুহম্মদ আবদুল হাই ও ড. আহমদ শরীফ-সম্পাদিত 'মধ্যযুগের বাঙলা গীতিকবিতা', ভূমিকা-অংশ।]

**[সাত] বাংলাদেশের গ্রামনামে কালী (কালি) বা কালিকাদেবীর প্রভাব :**

বাংলাদেশের গ্রামনামসমূহের মধ্যে কালী (কালি) বা কালিকা-সংজ্ঞাযুক্ত ২৭৭টি গ্রামনাম রয়েছে। এদেশে 'কালী (কালি)'-সংজ্ঞাযুক্ত ১৬৮টি এবং 'কালিকা'-সংজ্ঞাযুক্ত ১০৯টি গ্রামনামের সন্ধান মেলে। এখানে এসব গ্রামের নামোল্লেখ করা যায়। (সংশ্লিষ্ট গ্রামনামগুলোর সঙ্গে সেগুলোর স্থিতিস্থানও নির্দেশ করা হল।)[১৫]

(ক) কালী (কালি)-সংজ্ঞাযুক্ত গ্রামনামসমূহ :
১. চর কালী* (নোয়াখালী জেলার নোয়াখালী সদর মহকুমার কোম্পানীগঞ্জ থানার চর ফকির ইউনিয়নস্থ গ্রামনাম।)

*'চর'-স্থিত 'কালী'-সংজ্ঞাযুক্ত গ্রামনাম।

২. পশ্চিম চর কালী* (বাখরগঞ্জ জেলার ভোলা মহকুমার বোরহান উদ্দিন থানার চর ভেদুরিয়া ইউনিয়নস্থ গ্রামনাম।)
*পশ্চিমদিগ্‌বর্তী এবং 'চর'-স্থিত 'কালী'-সংজ্ঞক গ্রামনাম।

৩. পূর্ব চর কালী* (বাখরগঞ্জ জেলার ভোলা মহকুমার বোরহান উদ্দিন থানার চর সামাইয়া ইউনিয়নস্থ গ্রামনাম।)
*পূর্বদিগ্‌বর্তী এবং 'চরাঞ্চল'-স্থিত 'কালী'-সংজ্ঞক গ্রামনাম।

৪. চর উদয় কালী* (বাখরগঞ্জ জেলার ভোলা মহকুমার লালমোহন থানার লর্ড হার্ডিঞ্জ ইউনিয়নস্থ গ্রামনাম।)
*'চর'-স্থিত 'উদয় কালী'-সংজ্ঞক গ্রামনাম। উদয়=সমৃদ্ধি, সমুন্নতি। (সং.)।

৫. হর কালী* (রংপুর জেলার রংপুর সদর মহকুমার গঙ্গাচড়া থানার খালেয়া ইউনিয়নস্থ গ্রামনাম।)
*হর কালী : 'হর' (=শিব) ও 'কালী' (=কালিকাদেবী)। দ্বন্দ্বসমাস। হর ও কালী-সংজ্ঞাযুক্ত গ্রামনাম।

৬. কালীর আলগা* (রংপুর জেলার কুড়িগ্রাম মহকুমার কুড়িগ্রাম থানার যাত্রাপুর ইউনিয়নস্থ গ্রামনাম।)
*বিযুক্ত বা অসংলগ্ন স্থানস্থিত 'কালী'-আখ্যাযুক্ত গ্রামনাম। আলগা : অলগ্ন, অসংলগ্ন, বিযুক্ত। সং. অলগ্ন > বাং. আলগা। [হি অলগ]।

৭. কালীউতা* (কুমিল্লা জেলার ব্রাহ্মণবাড়িয়া মহকুমার নাসিরনগর থানার চাপারতলা ইউনিয়নস্থ গ্রামনাম।)
*'উত'-শব্দের অর্থ : সমুচ্চয়, সমাহার। (সং.)। এগ্রাম কালীদেবীর স্মৃতি বহন করে।

৮. কালীকচ্ছ* (কুমিল্লা জেলার ব্রাহ্মণবাড়িয়া মহকুমার সরাইল থানার কালীকচ্ছ ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীকচ্ছ : কালী + কচ্ছ।
কচ্ছ : তীর, বেলা; নদী-সরোবরের প্রান্তভাগ। (সং.)।
'জলাশয়ের প্রান্তদেশে' অবস্থিত 'কালী'-সংজ্ঞক স্থাননাম। যে-'কচ্ছ'-এর নাম 'কালী'। (সম্ভবত এখানে পূর্বকালে কালীমন্দিরও ছিল।)
তুলনীয় : জলাশয়ের স্কন্ধদেশে (=কান্দায়) অবস্থিত স্থাননাম : 'দাউদকান্দি'। গুজরাটের অন্তর্গত জনপদবিশেষের নাম : 'ভৃগুকচ্ছ'। যে-'কচ্ছ'-এর নাম 'ভৃগু' (=মুনিবিশেষ)। কর্মধারয় সমাস।

৯. কালিকন্দর* (বাখরগঞ্জ জেলার ঝালকাটি মহকুমার ঝালকাটি থানার কীর্তিপাশা ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালিকন্দর : কালি + কন্দর । কন্দর : দরী; (বাংলায়) গহ্বর । (সং.) ।
পূর্বকালে এগ্রামের নিকটে সজল বা নির্জল গহ্বর ছিল ।

১০. কালীকাটি* (বাখরগঞ্জ জেলার পিরোজপুর মহকুমার নাজিরপুর থানার শ্রীরামকাটি ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীকাটি : কালী + কাটি । কাটি : 'জঙ্গল কেটে প্রতিষ্ঠিত জনপদ'; (এখানে) গ্রাম ।
কালীকাটি : কালীদেবীর স্মৃতিবাহক গ্রামনাম ।

১১. কালীকাটি* (বাখরগঞ্জ জেলার পিরোজপুর মহকুমার পিরোজপুর থানার শঙ্করপাশা ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীকাটি : কালীদেবীর স্মৃতিধারক গ্রামনাম ।

১২. কালীকিঙ্করপুর* (কুমিল্লা জেলার কুমিল্লা সদর দক্ষিণ মহকুমার কোতোয়ালী থানার চৌয়ারা ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীকিঙ্করপুর : কালীকিঙ্কর + পুর ।
কালীকিঙ্কর : কালী + কিঙ্কর । কালীর কিঙ্কর । ৬ষ্ঠীতৎ ।
তুলনীয় : কালিদাস (কালীর দাস, ৬ষ্ঠীতৎ) ।
পুর : নগর, শহর; (এখানে) গ্রাম ।
কালীকিঙ্করপুর : কালীর 'কিঙ্কর' (=ভৃত্য, দাস), তার 'পুর' (=গ্রাম) ।
পূর্বকালে, এগ্রাম প্রতিষ্ঠিত হওয়ার সময়ে, এখানে কালীদেবীর উপাসকের নিবাস ছিল ।

১৩. কালী কীর্তি* (বাখরগঞ্জ জেলার ভোলা মহকুমার বোরহান উদ্দিন থানার শিবপুর ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালী কীর্তি : কালীদেবীর 'কীর্তি' (=যশঃ, খ্যাতি)-স্থাপয়িতা গ্রামনাম ।
অনুমান করি : পূর্বকালে এখানে কালীমন্দির ছিল ।

১৪. কালী কুটি* (ঢাকা জেলার নারায়ণগঞ্জ মহকুমার রূপগঞ্জ থানার নাগরী ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালী কুটি : কালী + কুটি । ৬ষ্ঠীতৎ । কুটি : গৃহ, কুটীর । (সং.) ।
আদিকালে, এগ্রামপ্রতিষ্ঠার সময়ে, এখানে কালীমন্দির ছিল বলে ধারণা করি ।

১৫. কালীকৃষ্ণনগর* (কুমিল্লা জেলার কুমিল্লা সদর দক্ষিণ মহকুমার চৌদ্দগ্রাম থানার উজিরপুর ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীকৃষ্ণনগর : কালীকৃষ্ণ + নগর । কালীকৃষ্ণ : কালী ও কৃষ্ণ । দ্বন্দ্বসমাস ।

নগর : পুর, শহর; (এখানে) গ্রাম।
কালীকৃষ্ণনগর : কালীদেবী ও শ্রীকৃষ্ণের স্মৃতিবাহক গ্রামনাম।

১৬. কালীকৃষ্ণনগর* (কুমিল্লা জেলার কুমিল্লা সদর দক্ষিণ মহকুমার চৌদ্দগ্রাম থানার কালিকাপুর ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবী ও শ্রীকৃষ্ণের স্মৃতিধারক গ্রামনাম।

১৭. কালীকৃষ্ণনগর* (কুমিল্লা জেলার কুমিল্লা সদর দক্ষিণ মহকুমার বুড়িচঙ্গ থানার বকশিমুল ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবী ও শ্রীকৃষ্ণের স্মৃতিবাহক গ্রামনাম।

১৮. কালীকৃষ্ণনগর* (নোয়াখালী জেলার ফেনী মহকুমার পরশুরাম থানার মির্জানগর ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবী ও শ্রীকৃষ্ণের আখ্যাযুক্ত গ্রামনাম।

১৯. কালিকৃষ্ণপুর* (সিলেট জেলার সিলেট সদর মহকুমার গোলাপগঞ্জ থানার দক্ষিণ বাদপাশা ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালিকৃষ্ণপুর : কালিকৃষ্ণ + পুর। কালিকৃষ্ণ : কালী ও কৃষ্ণ। দ্বন্দ্বসমাস।
পুর : নগর, শহর; (এখানে) গ্রাম।
কালিকৃষ্ণপুর : কালিকাদেবী ও শ্রীকৃষ্ণের সংজ্ঞাযুক্ত গ্রামনাম।

২০. কালি কেওটিল* (টাঙ্গাইল জেলার টাঙ্গাইল থানার কাকুয়া ইউনিয়নস্থ গ্রামনাম।)
*এর নিকটবর্তী অপর এক গ্রামের নাম : শর্মা কেওটিল।
কালি কেওটিল : কালি + কেওটিল।
কেওটিল : কেওট + ইল (তদ্‌যুক্ত-অর্থে)।
কেওট : ধীবর, জেলে। [সং. কৈবর্ত > কেবট্ট > বাং. কেওট]।
কালি কেওটিল : কালীদেবীর স্মৃতিবাহক জেলে-অধ্যুষিত গ্রাম।

২১. কালির কোনা* (১) [সিলেট জেলার মৌলভীবাজার মহকুমার কুলাউড়া থানার পৃথিমপাশা ইউনিয়নস্থ গ্রামনাম।]
কালির কোনা : কালীদেবীর স্মৃতিধারক গ্রামনাম।
কোনা : সং. কোণ + আ (তদ্‌যুক্ত-অর্থসূচক)।
'কোনা'-শব্দের মূলঅর্থ : অন্তরালবর্তী; প্রসারিত অর্থ : (এখানে) গ্রাম।

২২. কালির কোনা* (২) [সিলেট জেলার মৌলভীবাজার মহকুমার কুলাউড়া থানার পৃথিমপাশা ইউনিয়নস্থ গ্রামনাম।]
কালির কোনা : কালীদেবীর স্মৃতিধারক গ্রামনাম।

২৩. কালিগঞ্জ* (কুমিল্লা জেলার কুমিল্লা সদর দক্ষিণ মহকুমার বুড়িচঙ্গ থানার ষোলনল ইউনিয়নস্থ গ্রামনাম ।)
* কালিগঞ্জ : কালি + গঞ্জ । ৬ষ্ঠীতৎ ।
গঞ্জ : যে-স্থানে পণ্য আনীত ও রক্ষিত হয় (মূল অর্থ) । 'গঞ্জ'-এর প্রসারিত অর্থ : (এখানে) গ্রাম ।
কালিগঞ্জ : কালীদেবীর স্মৃতিবাহক গ্রামনাম ।

২৪. কালিগঞ্জ দিয়ারা* (কুমিল্লা জেলার চাঁদপুর মহকুমার মতলব থানার নাসিরাকান্দি ইউনিয়নস্থ গ্রামনাম ।)
কালিগঞ্জ দিয়ারা : কালিগঞ্জ +দিয়ারা ।
দিয়ারা : উঁচুভূমিযুক্ত । দিয়ার + আ (তদ্‌যুক্ত-অর্থে) । আ. দিয়ার্ (= উঁচুভূমি) ।
কালিগঞ্জ দিয়ারা : উঁচুভূমিতে প্রতিষ্ঠিত 'কালিগঞ্জ'-সংজ্ঞক গ্রাম ।
অতীতকালে, এগ্রাম প্রতিষ্ঠিত হওয়ার সময়ে, এস্থান অপেক্ষাকৃত উচ্চ ছিল ।

২৫. কালিগঞ্জ* (টাঙ্গাইল জেলার ভূঁয়াপুর থানার গাবসারা ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীদেবীর স্মৃতিবাহক গ্রামনাম ।

২৬. কালিগঞ্জ* (ঢাকা জেলার ঢাকা সদর উত্তর মহকুমার কালীগঞ্জ থানার একটি ইউনিয়নের নাম ।)
*কালীদেবীর স্মৃতিযুক্ত গ্রামনাম ।

২৭. কালিগঞ্জ চর* (ঢাকা জেলার ঢাকা সদর দক্ষিণ মহকুমার কেরানিগঞ্জ থানার সুভড্যা ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালিগঞ্জ-সংজ্ঞাযুক্ত চরবিশেষ ।
চর : নদীগর্ভে পলি পড়ে উৎপন্ন স্থলভাগ, চড়া । [দেশি] ।

২৮. কালিগঞ্জ দরগাপাড়া* (ঢাকা জেলার ঢাকা সদর দক্ষিণ মহকুমার কেরানিগঞ্জ থানার সুভড্যা ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালিগঞ্জ-অন্তর্বর্তী 'দরগাপাড়া'-গ্রাম ।
দরগাপাড়া : দরগা + পাড়া । দরগাযুক্ত পাড়া ।
দরগা : পীরের কবর ও তৎসংলগ্ন পবিত্র স্মৃতিমন্দির । [ফা. দরগাহ্] ।
পাড়া : গ্রামের অংশ, মহল্লা; (এখানে) গ্রাম ।
[সং. পাটক > প্রা. পাডঅ > বাং. পাড়া] ।

২৯. কালিগঞ্জ পশ্চিমপাড়া* (ঢাকা জেলার ঢাকা সদর দক্ষিণ মহকুমার কেরানিগঞ্জ থানার সুভড্যা ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালিগঞ্জের অন্তর্গত 'পশ্চিমপাড়া' । বর্তমানে এটি একটি পৃথগ্‌গ্রাম ।

পশ্চিমপাড়া : পশ্চিমদিগ্‌বর্তী 'পাড়া' (= গ্রামের অংশ, মহল্লা)।

৩০. কালিগঞ্জ পূর্বপাড়া* (ঢাকা জেলার ঢাকা সদর দক্ষিণ মহকুমার কেরানিগঞ্জ থানার সুভড্যা ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবীর স্মৃতিধারক গ্রামনাম।

৩১. কালিগঞ্জ বিদ্যাপট্টি গোদারাঘাট* (ঢাকা জেলার ঢাকা সদর দক্ষিণ মহকুমার কেরানিগঞ্জ থানার সুভড্যা ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবীর স্মৃতিযুক্ত গ্রামনাম।
গোদারাঘাট : গোদারা + ঘাট। ৬ষ্ঠীতৎ।
গোদারা : নদ্যাদি পারাপার করানো বা পারাপার হওয়া।
[ফা. গুজার-গাহ্ > গুজারা > গুদারা > গোদারা]।
ঘাট : নদী খাল প্রভৃতির তীরে নৌকা ইত্যাদি ভিড়াবার স্থান; জলাশয়ের অবতরণস্থান। [সং. ঘট্ট]।

৩২. কালিগঞ্জ* (ঢাকা জেলার নারায়ণগঞ্জ মহকুমার বৈদ্যের বাজার থানার মোগরাপাড়া ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবীর স্মৃতিযুক্ত গ্রামনাম।

৩৩. কালিগঞ্জ* (পাবনা জেলার সিরাজগঞ্জ মহকুমার উল্লাপাড়া থানার পঞ্চক্রোশী ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবীর স্মৃতিবাহক গ্রামনাম।
গঞ্জ : হাট, গোলা, বড় বাজার; (এখানে) গ্রাম। (সং.)।

৩৪. কালীগঞ্জ বাজার* (ময়মনসিংহ জেলার ময়মনসিংহ সদর উত্তর মহকুমার ফুলপুর থানার বিসকা ইউনিয়নস্থ স্থাননাম।)
*কালীদেবীর স্মৃতিবাহক স্থাননাম।
বাজার : হাট, ক্রয়বিক্রয়ের স্থান।
[ফা. বাজার্ < পেহ্‌লবী 'বাচার্' (=হাট)]।

৩৫. কালিগঞ্জ* (যশোহর জেলার ঝিনাইদহ মহকুমার কোটচাঁদপুর থানার কালিগঞ্জ ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবীর আখ্যাযুক্ত গ্রামনাম।

৩৬. কালীগঞ্জ* (রংপুর জেলার নীলফামারী মহকুমার জলঢাকা থানার গোলনা ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবীর সংজ্ঞাযুক্ত গ্রামনাম।

৩৭. কালীগঞ্জ* (রংপুর জেলার নীলফামারী মহকুমার ডিমলা থানার পশ্চিম ছাতনাই ইউনিয়নস্থ্ গ্রামনাম ।)
*কালীদেবীর আখ্যাযুক্ত গ্রামনাম ।

৩৮.কালীগঞ্জ* (রংপুর জেলার রংপুর সদর মহকুমার পীরগাছা থানার ইটাকুমারী ইউনিয়নস্থ্ গ্রামনাম ।)
*কালীদেবীর সংজ্ঞাযুক্ত গ্রামনাম ।

৩৯. কালীগঞ্জ* (রংপুর জেলার রংপুর সদর মহকুমার একটি থানার নাম ।)
*কালীদেবীর আখ্যাযুক্ত স্থাননাম ।

৪০. কালীগঞ্জ* (রাজশাহী জেলার নওয়াবগঞ্জ মহকুমার শিবগঞ্জ থানার বিনোদপুর ইউনিয়নস্থ্ গ্রামনাম ।)
*কালীদেবীর সংজ্ঞাযুক্ত গ্রামনাম ।

৪১. কালীগঞ্জ* (রাজশাহী জেলার নাটোর মহকুমার নাটোর থানার পিপরুল ইউনিয়নস্থ্ গ্রামনাম ।)
* কালীদেবীর স্মৃতিযুক্ত গ্রামনাম ।

৪২. কালীগাঁও খাজুরা* (রাজশাহী জেলার রাজশাহী সদর মহকুমার মোহনপুর থানার বাকশিমইল ইউনিয়নস্থ্ গ্রামনাম ।)
কালীগাঁও খাজুরা : কালীগাঁও + খাজুরা । কালীদেবীর আখ্যাযুক্ত গ্রামনাম ।
কালীগাঁও : কালী + গাঁও । ৬ষ্ঠীতৎ । গাঁও : জনপদবিশেষ ।
[সং. গ্রাম > প্রা. গাম > বাং. (গাম) গাঁও] ।
খাজুরা : খাজুর + আ (তদ্‌যুক্ত-অর্থে) । খাজুর : বৃক্ষবিশেষ ।
[সং. খর্জূর > প্রা খর্জূর > বাং. খাজুর] ।
মধ্যযুগের কবিকঙ্কণচণ্ডীতে আছে :
(কুম্ভীর) খাজুরের বৃক্ষ যেন ভাসিয়া বেড়ায় । (পৃ ২৩৬)

৪৩. কালীগাঁও জয়পুর* (রাজশাহী জেলার নওগাঁ মহকুমার মান্দা থানার তেঁতুলিয়া ইউনিয়নস্থ্ গ্রামনাম ।)
*কালীগাঁও-সংশ্লিষ্ট জয়পুর । কালীগাঁও + জয়পুর ।
কালীগাঁও : কালী-নামাঙ্কিত জনপদ । ৬ষ্ঠীতৎ ।
জয়পুর : জয়জ্ঞাপক যে-'পুর' । মধ্যপদলোপী কর্মধারয় সমাস ।
পুর : নগর, শহর; (এখানে) গ্রাম ।

৪৪. কালীগাঁও তিতিহরি* (রাজশাহী জেলার নওগাঁ মহকুমার মান্দা থানার তেঁতুলিয়া ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীগাঁও তিতিহরি : কালীগাঁও + তিতিহরি ।
কালীগাঁও : কালীদেবীর আখ্যাযুক্ত জনপদ ।
তিতিহরি : তি + তিহরি ।
তি : ত্রিসংখ্যক, তিন ।
[সং. ত্রি > প্রা. তি (সমাসে পূর্বপদ) > বাং. তি, তে] ।
তিহরি : তিহর + ই (তদ্‌যুক্ত-অর্থে) ।
তিহর : বর্ণসঙ্কর জাতিবিশেষ । [সং. তীবর] ।
তিতিহরি : ত্রিসংখ্যক 'তিহর' (< তীবর)-এর বসতিযুক্ত গ্রাম ।
টাঙ্গাইলস্থ 'কেওট' (<কৈবর্ত)-এর বসতিযুক্ত গ্রামনাম : 'কালি কেওটিল' ।

৪৫. কালিগাঁতি* (খুলনা জেলার বাগেরহাট মহকুমার মোল্লাহাট থানার শিবপুর ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালিগাঁতি : কালি + গাঁতি । কালীদেবীর সংজ্ঞাযুক্ত গ্রামনাম ।
গাঁতি: জমিদারির অন্তর্গত বড় বা ছোট 'জমা' (=রাইয়তের অধিকৃত ভূমিসমূহ) ।
[সং. গ্রন্থি > বাং. গাঁতি] ।

৪৬.কালিগ্রাম* (ফরিদপুর জেলার গোপালগঞ্জ মহকুমার মোকসুদপুর থানার জলিরপাড় ইউনিয়নস্থ গ্রামনাম ।)
* কালীদেবীর স্মৃতিযুক্ত গ্রামনাম ।

৪৭. মুন্সি কালিগ্রাম* (ফরিদপুর জেলার গোপালগঞ্জ মহকুমার মোকসুদপুর থানার জলিরপাড় ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*মুন্সি কালিগ্রাম : মুন্সি + কালীগ্রাম । মুন্সি-অধ্যুষিত কালীগ্রাম ।
মুন্সি : কেরানি, লেখক, উর্দুশিক্ষক, বিদ্বান্ । [আ. মুন্‌শী] ।
পূর্বকালে, এগ্রামপ্রতিষ্ঠার সময়ে, এখানে জনৈক 'মুন্সি' বাস করতেন ।

৪৮. কালিগ্রাম* (রাজশাহী জেলার নওগাঁ মহকুমার মান্দা থানার নুরুল্লাবাদ ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীদেবীর সংজ্ঞাযুক্ত গ্রামনাম ।

৪৯. কালিগ্রাম* (রাজশাহী জেলার নাটোর মহকুমার সিংড়া থানার হাতিয়ানদহ ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীদেবীর আখ্যাযুক্ত গ্রামনাম ।

৫০. কালিগ্রাম* (রাজশাহী জেলার রাজশাহী সদর মহকুমার চারঘাট থানার পাকুড়িয়া ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীদেবীর স্মৃতিবাহক গ্রামনাম ।

৫১. কালিঘাট চা বাগান* (সিলেট জেলার মৌলভীবাজার মহকুমার শ্রীমঙ্গল থানার কালীঘাট ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালিঘাট চা বাগান : কালিঘাট-সন্নিহিত চা বাগান ।
কালীদেবীর স্মৃতিবাহী জনপদ ।

৫২. কালীচক* (রাজশাহী জেলার নওয়াবগঞ্জ মহকুমার শিবগঞ্জ থানার মোবারকপুর ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীদেবীর আখ্যাযুক্ত গ্রামনাম ।
চক : বহুদূরব্যাপী বিস্তৃত মাঠ; প্রান্তরের বৃহৎ অংশ; (এখানে) গ্রাম ।
[সং. চক্র > প্রা. চক্‌ক > বাং. চক] ।

৫৩. কালিচড়া* (পাবনা জেলার পাবনা সদর মহকুমার সাঁথিয়া থানার সাঁথিয়া ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীদেবীর সংজ্ঞাযুক্ত গ্রামনাম ।
চড়া : নদীগর্ভে পলি হতে জাত তটবৎ উন্নত স্থান । [সং. তট, তটা; হি চর] ।
দাশরথি রায়ের পাঁচালীতে আছে :
"(গঙ্গা কন) আমার সর্বাঙ্গে ঘেরেছে চড়া,
সাধ্য নাই আর নড়া-চড়া ।" (পৃ ১৭)

৫৪. কালীর চর* (নোয়াখালী জেলার নোয়াখালী সদর মহকুমার লক্ষ্মীপুর থানার শাকচর ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীদেবীর স্মৃতিযুক্ত গ্রামনাম ।
চর : নদীগর্ভে পলি পড়ে উৎপন্ন স্থলভাগ, চড়া; (এখানে) গ্রাম ।

৫৫. কালীর চর* (নোয়াখালী জেলার নোয়াখালী সদর মহকুমার হাতিয়া থানার বুড়ীচর ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীদেবীর আখ্যাযুক্ত গ্রামনাম ।

৫৬. কালীর চর* (পটুয়াখালী জেলার পটুয়াখালী মহকুমার গলাচিপা থানার গোলখালী ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীদেবীর স্মৃতিবাহী গ্রামনাম ।

৫৭. কালীচরণ* (দিনাজপুর জেলার ঠাকুরগাঁও মহকুমার দেবীগঞ্জ থানার পামুলী ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীদেবীর স্মৃতিধারক গ্রামনাম ।

৫৮. কালীচরণপুর* (ফরিদপুর জেলার গোয়ালন্দ মহকুমার রাজবাড়ী থানার আলীপুর ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীদেবীর স্মৃতিযুক্ত গ্রামনাম ।

৫৯. কালিচরণপুর* (যশোহর জেলার যশোহর সদর মহকুমার কেশবপুর থানার সুফলাকাটি ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীদেবীর আখ্যাযুক্ত গ্রামনাম ।

৬০. কালিচরণপুর* (যশোহর জেলার ঝিনাইদহ মহকুমার ঝিনাইদহ থানার কালিচরণপুর ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীদেবীর স্মৃতিধারক গ্রামনাম ।

৬১. কালীজানি* (ময়মনসিংহ জেলার জামালপুর মহকুমার জামালপুর থানার মেস্তা ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীজানি : কালী + জানি । ৬ষ্ঠীতৎ ।
কালীদেবীর আখ্যাযুক্ত গ্রামনাম ।
জানি : 'গ্রাম'-জ্ঞাপক শব্দ । [সং. উদ্যান > বাং. জান + ই (স্বার্থে)] ।

৬২. কালীজুড়ি* (সিলেট জেলার সিলেট সদর মহকুমার বিশ্বনাথ থানার দেওকলস ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীদেবীর সংজ্ঞাযুক্ত গ্রামনাম ।
জুড়ি : 'গ্রাম'-সূচক শব্দ । [সং. যোজিত > প্রা. জোডিঅ > বাং. (জোড়ি) জুড়ি] ।

৬৩. কালীজুড়ি পূর্ব* (সিলেট জেলার সিলেট সদর মহকুমার বিশ্বনাথ থানার দেওকলস ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীদেবীর আখ্যাযুক্ত গ্রামনাম ।
কালীজুড়ি পূর্ব : পূর্বদিগ্‌বর্তী 'কালীজুড়ি'-গ্রাম ।

৬৪. কালিটিলা* (সিলেট জেলার মৌলভীবাজার মহকুমার বড়লেখা থানার জুড়ী পশ্চিম ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীদেবীর স্মৃতিবাহী গ্রামনাম ।
টিলা : ছোটপাহাড়, উচ্চভূমি; (এখানে) গ্রাম (প্রসারিত অর্থে) । [হি. টীলা] ।

৬৫. কালীটেকা* (সিলেট জেলার সিলেট সদর মহকুমার বিশ্বনাথ থানার দৌলতপুর ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীদেবীর আখ্যাযুক্ত গ্রামনাম ।
টেকা : টেক + আ (তদ্‌যুক্ত-অর্থে) ।
টেক : অন্তরীপের মত নদীর মুখ-সরু তীর বা হুলা, বাঁকা তীর ।
[হিন্দি ও মরাঠীতে 'টেক'(=উচ্চস্থান)] ।
'বঙ্কিমচন্দ্র-গ্রন্থাবলী (প্রথমভাগ)'-তে আছে :
"(বজরা) দেখিয়াছি–টেকের মাথায়–ঐ কি?" (পৃ ৩৮০)

৬৬. কালিডহর* (সিলেট জেলার সিলেট সদর মহকুমার গোপালগঞ্জ থানার পূর্ব আমুরা ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীদেবীর স্মৃতিযুক্ত গ্রামনাম ।
ডহর : নিম্নভূমি, গর্ত ।
[সং. দভ্র (=সাগর) > প্রা. ডহর > বাং. ডহর] ।
মধ্যযুগের 'শূন্যপুরাণ'-কাব্যে আছে :
"ডহর ডাঙ্গর+ সব একুই সুসর ।" (পৃ ১১০)
+ডাঙ্গর=ডাঙ্গা, উচ্চস্থান ।

৬৭. কালির তবক* (পটুয়াখালী জেলার বরগুণা মহকুমার বরগুণা থানার বরগুণা ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীদেবীর সংজ্ঞাযুক্ত গ্রামনাম ।
তবক : স্তুতিকারক, স্তুতিপাঠক, মহিমাকীর্তক, বন্দী, বন্দনাকারী, স্তুতিপাঠকারী ।
[সং.স্তবক (=স্তুতিকারক) > বাং. তবক] ।
[সং. স্তব (= স্তুতি)+ক (= কারী)= স্তুতিকারী] ।
তুলনীয় : সং. স্তুতি > আদিমধ্যযুগের বাংলা 'তুতী' (শ্রী.কী) ।
পূর্বকালে, এগ্রামপ্রতিষ্ঠার সময়ে, এখানে কালীদেবীর জনৈক 'তবক' (=স্তুতিপাঠক, স্তবক) বাস করতেন ।

৬৮. কালীদহ* (নোয়াখালী জেলার ফেনী মহকুমার ফেনী থানার কালীদহ ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীদহ : কালীদেবীর নামে এ দহের নামকরণ, সেজন্য এর নাম 'কালীদহ' । কালীদহ-সন্নিহিত গ্রামটির নামও 'কালীদহ' । [তুলনীয় : পাবনা জেলার সাঁথিয়া থানার একটি গ্রামনাম : 'ঘুঘুদহ' । এগ্রামের নিকটে রয়েছে ঘুঘুদহ-বিল ।]
এখানে 'কালীদহ' 'কালিয়হ্রদ'-অর্থে ব্যবৃহত হয়নি ।

৬৯. কালিদাস* (টাঙ্গাইল জেলার বাসাইল থানার যাদবপুর ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীউপাসকের স্মৃতিযুক্ত গ্রামনাম ।
কালিদাস : কালীদেবীর দাসসদৃশ ভক্তজন ।
(এ-কালিদাস ভারতীয় বিখ্যাত সংস্কৃত-কবি কালিদাস নন ।)
[কালীর দাস, ষ.ত; বিকল্পে হ্রস্ব, পক্ষে 'কালীদাস' পাণিনি; মুগ্ধবোধ, টীকা] ।

৭০. চর কালিদাস জগৎ* (নোয়াখালী জেলার ফেনী মহকুমার ফেনী থানার ফরহাদনগর ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীউপাসকের স্মৃতিধারক গ্রামনাম ।
জগৎ : বাস্তু, বাসস্থান, বাসগৃহ । (সং.) । দ্র. 'কিরাতার্জুনীয়' ।
চর কালিদাস জগৎ : 'চর'-স্থিত কালীউপাসকের বাসগৃহ, তদ্‌যুক্ত গ্রাম ।
আদিকালে, এ-গ্রামস্থাপনের সময়ে, এখানে জনৈক কালীউপাসকের বাসস্থান ছিল ।

৭১. দক্ষিণ কালিদাসের বাগ* (নোয়াখালী জেলার নোয়াখালী সদর মহকুমার লক্ষ্মীপুর থানার উত্তর জয়পুর ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীউপাসকের স্মৃতি-সংবলিত গ্রামনাম ।
বাগ : বাগান, উদ্যান; (এখানে) গ্রাম । [ফা. বাগ্‌হ্‌; হি বাগ] ।
দক্ষিণ কালিদাসের বাগ : দক্ষিণদিগ্‌বর্তী কালীউপাসকের গ্রাম ।

৭২. কালিদাসের বাগ* (নোয়াখালী জেলার নোয়াখালী সদর মহকুমার লক্ষ্মীপুর থানার হাজিরপাড়া ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীপূজকের স্মৃতিবাহী গ্রামনাম ।
বাগ : উদ্যান, বাগান; (এখানে) গ্রাম । [ফা. বাগ্‌হ্‌; হি বাগ] ।

৭৩. চর কালিদাস* (বাখরগঞ্জ জেলার ভোলা মহকুমার লালমোহন থানার কলমা ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীউপাসকের স্মৃতিধারক গ্রামনাম ।

৭৪. চর কালিদাস* (সিলেট জেলার সুনামগঞ্জ মহকুমার ছাতক থানার দেওকাপন ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীপূজকের স্মৃতি-সংবলিত গ্রামনাম ।

৭৫. কালিদাস খালি* (রাজশাহী জেলার রাজশাহী সদর মহকুমার চারঘাট থানার চরগারী ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালী-পূজাকারীর স্মৃতিবাহক গ্রামনাম ।
খালি : ছোট খাল; (এখানে) গ্রাম । [সং. খল্ল > বাং. খাল + ই (হ্রস্বার্থে)] ।
কালিদাসখালি : ছোট খাল-সন্নিহিত কালীউপাসকের গ্রাম ।

৭৬. কালিদাস গাঁতি* (পাবনা জেলার সিরাজগঞ্জ মহকুমার সিরাজগঞ্জ থানার বহুলী ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীউপাসকের স্মৃতিধারক গ্রামনাম ।
গাঁতি : জমিদারির অন্তর্গত বড় বা ছোট 'জমা' (=রাইয়তের অধিকৃত ভূমিসমূহ); (এখানে) গ্রাম । [সং. গ্রন্থি > বাং. গাঁতি] ।

৭৭. কালিদাসটেকা* (সিলেট জেলার হবিগঞ্জ মহকুমার বানিয়াচঙ্গ থানার বানিয়াচঙ্গ দক্ষিণপূর্ব ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীপূজকের স্মৃতিযুক্ত গ্রামনাম ।
টেকা : টেক + আ (তদ্‌যুক্ত-অর্থে) । (এখানে) গ্রাম ।
টেক : অন্তরীপের মত নদীর মুখ-সরু তীর বা হুলা, বাঁকা তীর । [টঙ্ক- মূল] ।

৭৮. কালিদাস নীলী* (পাবনা জেলার সিরাজগঞ্জ মহকুমার তারাশ থানার নওগাঁও ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*পাবনার সিরাজগঞ্জ মহকুমার তারাশ থানার তারাশ ইউনিয়নস্থ একটি গ্রামের নাম : রঘু নীলী । মনে হয় : কালিদাস ও রঘু নীলচাষের কাজে সংশ্লিষ্ট ছিলেন ।
কালীপূজকের স্মৃতিবাহক গ্রামনাম ।
নীলী : ওষধিবিশেষ, নীলের গাছ । [সং. নীল + স্ত্রী ঈ (ঙীষ্)] ।
সম্ভবত এখানে পূর্বে নীলগাছের চাষ হত ।

৭৯. কালিদাসপাড়া* (সিলেট জেলার সুনামগঞ্জ মহকুমার ছাতক থানার সইলা-আফজালাবাদ ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীউপাসকের স্মৃতিধারক গ্রামনাম ।
পাড়া : গ্রামের অংশ, মহল্লা; (এখানে) গ্রাম ।
[সং. পাটক > প্রা. পাডঅ >বাং. পাড়া] ।

৮০. কালিদাসপুর* (কুষ্টিয়া জেলার চুয়াডাঙ্গা মহকুমার দামুরহুদা থানার দর্শনা ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীপূজকের স্মৃতিবাহক গ্রামনাম ।
পুর : নগর, শহর; (এখানে) গ্রাম । (সং.) ।

৮১. কালিদাসপুর* (কুষ্টিয়া জেলার কুষ্টিয়া সদর মহকুমার মীরপুর থানার আমবাড়িয়া ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালী-পূজারীর স্মৃতিধারক গ্রামনাম ।

৮২. কালিদাসপুর* (কুষ্টিয়া জেলার কুষ্টিয়া সদর মহকুমার মীরপুর থানার কালিদাসপুর ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীউপাসকের স্মৃতিবাহক গ্রামনাম।

৮৩. কালিদাসপুর* (খুলনা জেলার খুলনা সদর মহকুমার পাইকগাছা থানার চান্দখালী ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীপূজকের স্মৃতিধারক গ্রামনাম।

৮৪. কালিদাসপুর* (রাজশাহী জেলার রাজশাহী সদর মহকুমার গোদাগারী থানার ঋষিকুল ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীউপাসকের স্মৃতিবাহক গ্রামনাম।

৮৫. কালিনগর* (কুমিল্লা জেলার ব্রাহ্মণবাড়িয়া মহকুমার কসবা থানার দক্ষিণ আখাউড়া ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবীর স্মৃতিজ্ঞাপক গ্রামনাম।
নগর : 'পর্বততুল্য-প্রাসাদবান্', পুর, পত্তন; (এখানে) গ্রাম।

৮৬. কালিনগর* (কুমিল্লা জেলার ব্রাহ্মণবাড়িয়া মহকুমার কসবা থানার কাইমপুর ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবীর স্মৃতিবাহক গ্রামনাম।

৮৭. কালিনগর* (খুলনা জেলার খুলনা সদর মহকুমার তেরখাদা থানার বারাসাত ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবীর স্মৃতিধারক গ্রামনাম।

৮৮. কালিনগর* (খুলনা জেলার খুলনা সদর মহকুমার দাকোপ থানার কামারখোলা ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবীর স্মৃতিজ্ঞাপক গ্রামনাম।
৮৯. কালিনগর* (খুলনা জেলার খুলনা সদর মহকুমার পাইকগাছা থানার দেলুটি ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবীর স্মৃতিব্যঞ্জক গ্রামনাম।

৯০. কালিনগর* (ঢাকা জেলার মানিকগঞ্জ মহকুমার সাটুরিয়া থানার আটগ্রাম ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবীর স্মৃতিদ্যোতক গ্রামনাম।

৯১. কালীনগর* (ঢাকা জেলার মানিকগঞ্জ মহকুমার সিঙ্গাইর থানার বয়রা ইউনিয়নস্থ গ্রামনাম।)

*কালীদেবীর মহিমাসূচক গ্রামনাম।

৯২. কালীনগর* (ঢাকা জেলার মানিকগঞ্জ মহকুমার হরিরামপুর থানার ধুলসুরা ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবীর গৌরবপ্রকাশক গ্রামনাম।

৯৩. কালিনগর (বাকপাড়া)* [ফরিদপুর জেলার গোপালগঞ্জ মহকুমার মোকসুদপুর থানার ভাবরাসুর ইউনিয়নস্থ গ্রামনাম।]
*কালীদেবীর স্মৃতিব্যঞ্জক গ্রামনাম।
বাকপাড়া : বাক + পাড়া (< বাগ + পাড়া)।
বাগ (বাক) : বাগান, উদ্যান। (ফা. বাগ্‌হ্‌, হি বাগ)।
পাড়া : গ্রামের অংশ, মহল্লা; (এখানে) গ্রাম।
[সং. পাটক > প্রা. পাডঅ > বাং. পাড়া]।

৯৪. কালীনগর* (ফরিদপুর জেলার গোয়ালন্দ মহকুমার রাজবাড়ী থানার মিজানপুর ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবীর মহিমাসূচক গ্রামনাম।

৯৫. কালিনগর* (ফরিদপুর জেলার গোয়ালন্দ মহকুমার পাংশা থানার বোয়ালিয়া ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবীর স্মৃতিদ্যোতক গ্রামনাম।

৯৬. কালিনগর* (ফরিদপুর জেলার ফরিদপুর সদর মহকুমার বোয়ালমারী থানার রূপাপাত ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবীর স্মৃতিবাহক গ্রামনাম।

৯৭. কালিনগর* (ফরিদপুর জেলার মাদারীপুর মহকুমার কালকিনি থানার আলীনগর ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবীর স্মৃতিধারক গ্রামনাম।

৯৮. ছোট কালিনগর* (ফরিদপুর জেলার মাদারীপুর মহকুমার গোঁসাইরহাট থানার নাগেরপাড়া ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবীর আখ্যাযুক্ত গ্রামনাম।
ছোট : অপেক্ষাকৃত হ্রস্বাকৃতি। [সং. ক্ষুদ্র > প্রা. ছুড্ড, ছুট্ট > বাং. ছোট]।

৯৯. বড় কালিনগর* (ফরিদপুর জেলার মাদারীপুর মহকুমার গোসাঁইরহাট থানার নাগেরপাড়া ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবীর সংজ্ঞাযুক্ত গ্রামনাম।

বড় : অপেক্ষাকৃত বৃহদাকৃতি। [সং. বড্র > বড্ড (দেশীনামমালা) > বাং. বড়]।

১০০. কালিনগর* (ময়মনসিংহ জেলার জামালপুর মহকুমার নালিতাবাড়ী থানার ঝিনাইগাঁতি ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবীর স্মৃতিবাহক গ্রামনাম।

১০১. কালিনগর* (ময়মনসিংহ জেলার জামালপুর মহকুমার নালিতাবাড়ী থানার বাগবেড়-কলসপাড় ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবীর আখ্যাযুক্ত গ্রামনাম।

১০২. কালীনগর* (ময়মনসিংহ জেলার নেত্রকোণা মহকুমার দুর্গাপুর থানার পোড়া কান্দুলিয়া ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবীর গৌরবসূচক গ্রামনাম।

১০৩. কালীনগর* (যশোহর জেলার নড়াইল মহকুমার কালিয়া থানার কলাবাড়িয়া ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবীর মহিমাজ্ঞাপক গ্রামনাম।

১০৪. কালিনগর* (যশোহর জেলার নড়াইল মহকুমার লোহাগড়া থানার নলদী ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবীর স্মৃতিযুক্ত গ্রামনাম।

১০৫. কালীনগর* (যশোহর জেলার মাগুরা মহকুমার মাগুরা থানার কাসুন্দি ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবীর গৌরবপ্রকাশক গ্রামনাম।

১০৬. কালীনগর* (যশোহর জেলার মাগুরা মহকুমার মাগুরা থানার আঠারখাদা ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবীর মহিমাসূচক গ্রামনাম।

১০৭. কালীনগর* (যশোহর জেলার মাগুরা মহকুমার শ্রীপুর থানার অমলসার ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবীর স্মৃতিযুক্ত গ্রামনাম।

১০৮. পাড়া কালিনগর* (যশোহর জেলার মাগুরা মহকুমার শ্রীপুর থানার গয়েশপুর ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবীর আখ্যাযুক্ত গ্রামনাম।

পাড়া : গ্রামের অংশ, মহল্লা; (এখানে) গ্রাম ।
[সং. পাটক > প্রা. পাডঅ > বাং. পাড়া] ।

১০৯. কালীনগর* (যশোহর জেলার মাগুরা মহকুমার শ্রীপুর থানার শ্রীপুর ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীদেবীর স্মৃতিবাহক গ্রামনাম ।

১১০. কালীনগর* (রাজশাহী জেলার নওয়াবগঞ্জ মহকুমার ভোলাহাট থানার জামবাড়ীয়া ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীদেবীর গৌরবসূচক গ্রামনাম ।

১১১. কালীনগর* (রাজশাহী জেলার নওগাঁ মহকুমার মান্দা থানার কালিকাপুর ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীদেবীর স্মৃতিবাহক গ্রামনাম ।

১১২. কালীনগর* (রাজশাহী জেলার নওয়াবগঞ্জ মহকুমার নওয়াবগঞ্জ থানার শাহজাহানপুর ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীদেবীর সংজ্ঞাযুক্ত গ্রামনাম ।

১১৩. আরজী কালীনগর* (রাজশাহী জেলার নওয়াবগঞ্জ মহকুমার নওয়াবগঞ্জ থানার শাহজাহানপুর ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীদেবীর মহিমাব্যঞ্জক গ্রামনাম ।
আরজী : অধীন, অন্তর্ভুক্ত । আরজ + ঈ(তদ্‌যুক্ত-অর্থে) ।
আরজ : [আ. আর্দ্‌ (=অধীনকরণ; submission) > আর্‌জ্‌] ।
আরজী কালীনগর : সংশ্লিষ্ট অপর একটি গ্রামের অন্তর্ভুক্ত 'কালীনগর'-গ্রাম ।

১১৪. কালীনগর* (রাজশাহী জেলার নওয়াবগঞ্জ মহকুমার পোরসা থানার গাঙ্গুড়িয়া ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীদেবীর স্মৃতিধারক গ্রামনাম ।

১১৫. কালিনগর* (রাজশাহী জেলার নাটোর মহকুমার সিংড়া থানার কলম ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীদেবীর সংজ্ঞাযুক্ত গ্রামনাম ।

১১৬. কালিনগর* (সিলেট জেলার মৌলভীবাজার মহকুমার কুলাউড়া থানার জয়ফরনগর ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীদেবীর আখ্যাযুক্ত গ্রামনাম ।

১১৭. কালীনগর* (সিলেট জেলার মৌলভীবাজার মহকুমার কুলাউড়া থানার সাগরনাল ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীদেবীর স্মৃতিবাহক গ্রামনাম ।

১১৮. দক্ষিণ কালীনগর* (সিলেট জেলার মৌলভীবাজার মহকুমার বড়লেখা থানার জুড়ী পশ্চিম ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীদেবীর মহিমাদ্যোতক গ্রামনাম ।
দক্ষিণ : দক্ষিণদিগ্‌বর্তী ।

১১৯. নিজ কালীনগর* (সিলেট জেলার মৌলভীবাজার মহকুমার বড়লেখা থানার জুড়ী পশ্চিম ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীদেবীর গৌরবসূচক গ্রামনাম ।
নিজ : আ. 'নিস্‌বত্‌'-শব্দের সংক্ষিপ্ত রূপ ।
আরবি 'নিস্‌বত্‌'-শব্দের অর্থ : সম্বন্ধ, সংযোগ, সম্পর্ক ।
নিজ কালীনগর : অপর একটি গ্রামের সঙ্গে সম্বন্ধযুক্ত 'কালীনগর'-গ্রাম ।

১২০. কালীনগর* (সিলেট জেলার সিলেট সদর মহকুমার কানাইঘাট থানার পশ্চিম লক্ষ্মীপ্রসাদ ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীদেবীর স্মৃতিযুক্ত গ্রামনাম ।

১২১.কালিনগর* (সিলেট জেলার হবিগঞ্জ মহকুমার চুনারুঘাট থানার শানখোলা ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীদেবীর মহিমাদ্যোতক গ্রামনাম ।

১২২. কালিপুরা* (কুমিল্লা জেলার কুমিল্লা সদর মহকুমার মুরাদনগর থানার বাঙ্গোরা পশ্চিম ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীদেবীর স্মৃতিধারক গ্রামনাম ।
পুরা : 'লোকাদিপূর্ণ'; প্রাসাদযুক্ত পরিখাবেষ্টিত একক্রোশ বা ততোধিক দীর্ঘ স্থান; হট্টাদি-বিশিষ্টস্থান; নগর; (এখানে) গ্রাম ।
[সং. পুর > পুরা (অন্ত্য 'অ'-স্থানে 'আ'-কার, বিবৃত উচ্চারণে)] ।

১২৩. কালিপুর* (কুমিল্লা জেলার কুমিল্লা সদর উত্তর মহকুমার হোমনা থানার নিলখি ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীদেবীর স্মৃতিবাহক গ্রামনাম ।

১২৪. কালিপুরা* (কুমিল্লা জেলার চাঁদপুর মহকুমার চাঁদপুর থানার রাজরাজেশ্বর ইউনিয়নস্থ গ্রামনাম ।)

*কালীদেবীর সংজ্ঞাযুক্ত গ্রামনাম।
পুরা : [সং. পুর > পুরা (অন্ত্য 'অ'-স্থানে 'আ'-কার, বিবৃত উচ্চারণে)]।
পুর : নগর, শহর; (এখানে) গ্রাম।

১২৫. কালীপুর* (কুমিল্লা জেলার চাঁদপুর মহকুমার মতলব থানার ষাটনল ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবীর স্মৃতিধারক গ্রামনাম।

১২৬. কালীপুর বাজার* (কুমিল্লা জেলার চাঁদপুর মহকুমার মতলব থানার ষাটনল ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবীর আখ্যাযুক্ত গ্রামনাম।
বাজার : নিয়মিত ক্রয়বিক্রয়ের স্থান। [ফা. বাজার্]।

১২৭. কালীপুর* (কুমিল্লা জেলার ব্রাহ্মণবাড়িয়া মহকুমার নবীনগর থানার ইব্রাহিমপুর ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবীর মহিমাসূচক গ্রামনাম।

১২৮. জয়কালীপুর* (কুমিল্লা জেলার ব্রাহ্মণবাড়িয়া মহকুমার বাঞ্ছারামপুর থানার পূর্ব দরিয়াদৌলত ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবীর স্মৃতিধারক গ্রামনাম।
জয়কালী : জয়দাত্রী বা বিজয়াধিষ্ঠাত্রী কালীদেবী; কালীমূর্তিবিশেষ। রামপ্রসাদের একটি শাক্তপদে আছে :
"তুমি 'জয়কালী' বলি দেও করতালি, মন রাখ সেই শ্রীচরণে॥"

১২৯. কালিপুর* (টাঙ্গাইল জেলার ভূঁয়াপুর থানার গাবসারা ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবীর সংজ্ঞাযুক্ত গ্রামনাম।

১৩০. কালিপুর* (টাঙ্গাইল জেলার মধুপুর থানার ধোপাখালী ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবীর স্মৃতিবাহক গ্রামনাম।

১৩১. চর কালীপুর* (ঢাকা জেলার মুন্সীগঞ্জ মহকুমার গজারিয়া থানার ইমামপুর ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবীর আখ্যাযুক্ত গ্রামনাম।
চর : নদীগর্ভে পলি হতে জাত তটবৎ উন্নত স্থান। (দেশি)।

১৩২. কালীপুর* (পটুয়াখালী জেলার বরগুণা মহকুমার আমতলী থানার কুকুয়া ইউনিয়নস্থ গ্রামনাম।)

*কালীদেবীর মহিমাজ্ঞাপক গ্রামনাম।

১৩৩. কালীপুর* (পটুয়াখালী জেলার বরগুণা মহকুমার পাথরঘাটা থানার কাঁঠালতলী ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবীর গৌরবসূচক গ্রামনাম।

১৩৪. কালীপুর* (পটুয়াখালী জেলার বরগুণা মহকুমার পাথরঘাটা থানার কালমেঘা+ ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবীর স্মৃতিযুক্ত গ্রামনাম।
+কালমেঘা : কালমেঘ + আ (তদ্‌যুক্ত-অর্থে)।
কালমেঘ : মেঘতুল্য কৃষ্ণবর্ণ তিক্ত ক্ষুপবিশেষ (Andographis paniculata)।
ক্ষুপ=হ্রস্বশাখামূলবিশিষ্ট বৃক্ষ; ক্ষুদ্র বৃক্ষ। (সং.)।
আদিকালে, এ-জনপদপ্রতিষ্ঠার সময়ে, এস্থান 'কালমেঘ'-বৃক্ষে পরিপূর্ণ ছিল। তখন এ-নবোত্থিত ভূমি জঙ্গলাকীর্ণ ছিল। পরে জঙ্গল কেটে জনপদ স্থাপিত হয়।

১৩৫. কালীপুর* (ময়মনসিংহ জেলার কিশোরগঞ্জ মহকুমার ভৈরববাজার থানার ভৈরববাজার পৌরসভার অন্তর্গত স্থাননাম।)
*কালী (কালি)- দেবীর সংজ্ঞাযুক্ত স্থাননাম।

১৩৬. কালিপুর* (রাজশাহী জেলার রাজশাহী সদর মহকুমার গোদাগারী+ থানার মোহনপুর ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালী (কালি)-দেবীর স্মৃতিধারক গ্রামনাম।
+গোদাগারী : গোদা + গারী। মূলঅর্থ : গোদার গৃহ; প্রসারিত অর্থ : গোদার স্মৃতিযুক্ত স্থাননাম। গোদা : গোদরোগী, শ্লীপদী।
(দ্র.মৎপ্রণীত 'বাংলাদেশের গ্রামনাম : অবহেলিত জনগোষ্ঠীর প্রতি সহমর্মিতা', পৃ ৫৮)।

১৩৭. কালীপুর* (সিলেট জেলার মৌলভীবাজার মহকুমার কমলগঞ্জ থানার আলীনগর ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবীর স্মৃতিবাহক গ্রামনাম।

১৩৮. কালিপুর* (সিলেট জেলার সুনামগঞ্জ মহকুমার তাহিরপুর থানার বাধাঘাট+ উত্তর ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবীর আখ্যাযুক্ত গ্রামনাম।
+বাধাঘাট : প্রকৃত বানান : বাঁধা ঘাট।
বাঁধা ঘাট : পাকা ঘাট; যে-ঘাট ইট-পাথর দিয়ে বাঁধানো।
বাঁধা : বাঁধ + আ (তদ্‌যুক্ত-অর্থে)।

বাঁধ : [সং. বন্ধ > প্রা. বংধ > বাং. বাঁধ]।
বন্ধন : নির্মাণ।

১৩৯. কালিপুর* (সিলেট জেলার সুনামগঞ্জ মহকুমার তাহিরপুর থানার শ্রীপুর দক্ষিণ ইউনিয়নস্থ্ গ্রামনাম।)
*কালীদেবীর মহিমাব্যঞ্জক গ্রামনাম।

১৪০. কালিপুর* (সিলেট জেলার হবিগঞ্জ মহকুমার হবিগঞ্জ থানার রিচি ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালী (কালি)-দেবীর সংজ্ঞাযুক্ত গ্রামনাম।

১৪১. কালিবাড়ী* (খুলনা জেলার বাগেরহাট মহকুমার মোরেলগঞ্জ থানার জিউধরা+ ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালী (কালি)- দেবীর স্মৃতিধারক গ্রামনাম।
বাড়ী : ভিটাসুদ্ধ বা বাগিচাসুদ্ধ ঘর; (এখানে) গ্রাম।
[সং. বাটী (উদ্যান) > প্রা. বাডী > বাং. বাড়ী]।
+ জিউধরা : জিউ + ধরা।
জিউ : জীবন, প্রাণ। [সং. জীব > প্রা. জীঅ > বাং. জীউ, জিউ]।
ধরা : (বাংলায়) যে ধরে। (যথা : ধামাধরা।)

১৪২. কালিবাড়ী* (খুলনা জেলার বাগেরহাট মহকুমার শরণখোলা থানার খন্তাকাটা+ ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালী (কালি)- দেবীর আখ্যাযুক্ত গ্রামনাম।
+খন্তাকাটা : খন্তা + কাটা। যে খন্তা দ্বারা কাটে বা হত্যা করে; দস্যু, ডাকাত। এটি দস্যুস্মৃতিবাহী স্থাননাম।
খন্তা : খননাস্ত্রবিশেষ। [সং. খনিত্র]।
(দ্র. মৎপ্রণীত 'বাংলাদেশের গ্রামনাম; অবহেলিত জনগোষ্ঠীর প্রতি সহমর্মিতা', পৃ ২৫।)

১৪৩. কালিবাড়ী* (পটুয়াখালী জেলার বরগুণা মহকুমার আমতলী থানার গুলিশাখালী+ ইউনিয়নস্থ্ গ্রামনাম।)
*কালীদেবীর স্মৃতিধারক গ্রামনাম।
+ গুলিশাখালী : গুলিশা + খালী।
গুলিশা : দেশীয় মৎস্যবিশেষের নাম। টাঙ্গাইলঅঞ্চলে এর নাম : 'গোলশা'।
খালী : ছোট খাল। [খাল + ঈ]।
গুলিশাখালী : মূল অর্থ : গুলিশাবহুল ছোট খাল; প্রসারিত অর্থ : স্থাননামবিশেষ।

১৪৪. কালীবাড়ী* (পটুয়াখালী জেলার বরগুণা মহকুমার পাথরঘাটা+ থানার কাঁঠালতলী ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবীর সংজ্ঞাযুক্ত গ্রামনাম।
+ পাথরঘাটা : পাথরনির্মিত ঘাট; যে-ঘাট পাথর-নির্মিত। পাথর + ঘাটা।
পাথর : পাষাণ। [সং. প্রস্তর > প্রা. পত্থর > বাং. পাথর]।
ঘাটা : নদী-প্রভৃতিতে অবতরণস্থান; নদীপারে যাওয়ার স্থান; শুল্কস্থান।
[সং. ঘট্ট > বাং. ঘাট > ঘাটা (অন্ত্য 'অ'-স্থানে 'আ'-কার, বিবৃত উচ্চারণে)]।

১৪৫. কালীবাড়ী*(পটুয়াখালী জেলার বরগুণা মহকুমার পাথরঘাটা থানার কালমেঘা ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবীর স্মৃতিজ্ঞাপক গ্রামনাম।

১৪৬. উত্তর কালীবাড়ী* (ফরিদপুর জেলার ফরিদপুর সদর মহকুমার কোতোয়ালী থানার ফরিদপুর পৌরসভার ঝিলটুলি+ ইউনিয়নস্থ স্থাননাম।)
*কালীদেবীর গৌরবসূচক গ্রামনাম।
+ ঝিলটুলি : ঝিল + টুলি।
ঝিল : স্বভাবজাত জলাশয়বিশেষ। [হি ঝীল]।
টুলি : বস্তির ছোট ভাগ বা পাড়া। [হি টোলী]।
ঝিলটুলি : ঝিলসমীপবর্তী টুলি।

১৪৭. কালীবাড়ী*(বাখরগঞ্জ জেলার বরিশাল সদর উত্তর মহকুমার গৌরনদী থানার বাগধা ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবীর গৌরবপ্রকাশক গ্রামনাম।

১৪৮. কালীবাড়ী*(বাখরগঞ্জ জেলার বরিশাল সদর দক্ষিণ মহকুমার কোতোয়ালী থানার বরিশাল পৌরসভাস্থ স্থাননাম।)
*কালীদেবীর স্মৃতিযুক্ত গ্রামনাম।

১৪৯. বন্দ+কালীবাড়ী* (ময়মনসিংহ জেলার কিশোরগঞ্জ মহকুমার নিকলী থানার সিংপুর ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবীর গৌরবসূচক গ্রামনাম।
+ বন্দ : ভূমিখণ্ড। [ফা. বন্‌দ্]।
যেমন : 'এক বন্দে দশ বিঘা জমি।'

১৫০. কালিবাড়ী*(রাজশাহী জেলার রাজশাহী সদর দক্ষিণ মহকুমার বোয়ালিয়া থানার রাজশাহী পৌরসভাস্থ স্থাননাম।)
*কালী (কালি)-দেবীর মহিমাজ্ঞাপক স্থাননাম।

১৫১. কালীবাড়ী* (সিলেট জেলার সিলেট সদর মহকুমার কোতোয়ালী থানার টুকেরবাজার ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীদেবীর আখ্যাযুক্ত গ্রামনাম ।

১৫২. কালীবৃত্তি*(নোয়াখালী জেলার নোয়াখালী সদর মহকুমার লক্ষ্মীপুর থানার কুশাখালী ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীদেবীর মহিমাসূচক গ্রামনাম ।
কালীবৃত্তি : কালী + বৃত্তি ।
কালী : কালের পত্নী, কালিকা, শিবপত্নী ।
[সং. কাল (=শিব) + স্ত্রী ঈ (ঙীপ্)] ।
বৃত্তি : কালীদেবীর সেবার্থ প্রদত্ত ভূমি । (সং.) ।

১৫৩. কালিযোগা*(খুলনা জেলার সাতক্ষীরা মহকুমার কালিগঞ্জ থানার কুশলিয়া ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীদেবীর স্মৃতিবাহক গ্রামনাম ।
কালিযোগা : কালি + যোগা ।
কালি : কালিকা দেবী; শিবপত্নী । [সং. কালী] ।
যোগা : যোগ + আ (তৎসংশ্লিষ্ট-অর্থে) ।
যোগ : ধ্যান, সমাধি, উপাসনা, সাধনা, আরাধনা । (সং.) ।
কালিযোগা : কালি সাধনা-সংশ্লিষ্ট (স্থান) ।

১৫৪. কালীশঙ্কর* (বাখরগঞ্জ জেলার ঝালকাটি মহকুমার কাঁঠালিয়া থানার চেচরী রামপুর ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীদেবীর স্মৃতিধারক গ্রামনাম ।
কালীশঙ্কর : কালী ও শঙ্কর । দ্বন্দ্বসমাস ।
কালী : শিবপত্নী, কালিকাদেবী । (সং.) ।
শঙ্কর : শিব; মহাদেব । (সং.) ।

১৫৫. কালিশঙ্করপুর*(কুষ্টিয়া জেলার কুষ্টিয়া সদর মহকুমার কুষ্টিয়া থানার খালিসচরপুর ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীদেবীর সংজ্ঞাযুক্ত গ্রামনাম ।
কালিশঙ্করপুর : কালী ও শঙ্কর (দ্বন্দ্বসমাস), তদাশ্রিত 'পুর' ।

১৫৬. চর কালীশঙ্করপুর* (ফরিদপুর জেলার ফরিদপুর সদর মহকুমার বোয়ালমারী থানার বানা ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীদেবীর স্মৃতিবাহক গ্রামনাম ।

চর : নদীগর্ভে পলি পড়ে উৎপন্ন স্থলভাগ, চড়া। (দেশী)।
চর কালীশঙ্করপুর : 'চর'-স্থিত কালীশঙ্করপুর।

১৫৭. কালীশঙ্করপুর* (যশোহর জেলার মাগুরা মহকুমার মাগুরা থানার রাঘবদাড়ি ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবীর স্মৃতিধারক গ্রামনাম।

১৫৮. কালিশঙ্করপুর* (যশোহর জেলার মাগুরা মহকুমার মোহাম্মদপুর থানার পলাশবাড়িয়া ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালী (কালি)- দেবীর আখ্যাযুক্ত গ্রামনাম।

১৫৯. ধানজুরী কালীশহর* (দিনাজপুর জেলার দিনাজপুর সদর মহকুমার নওয়াবগঞ্জ থানার খানপুর ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবীর স্মৃতিধারক গ্রামনাম।
ধানজুরী : প্রভূত ধানউৎপাদী। ধান + জুরী।
ধান : খাদ্যশস্যবিশেষ। [সং. ধান্য]।
জুরী : তদ্‌যুক্ত-অর্থসূচক শব্দ।
[সং. যোজিত (=যুক্ত) > বাং. জুড়ী > জুরী]।
কালীশহর : কালী + শহর। ৬ষ্ঠীতৎ।

১৬০. কালীশিমুল*(কুমিল্লা জেলার ব্রাহ্মণবাড়িয়া মহকুমার সরাইল থানার পাকশিমুল ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবীর সংজ্ঞাযুক্ত গ্রামনাম।
কালীশিমুল : কালী + শিমুল।
কালীমন্দির-সন্নিহিত ও শিমুলগাছ-সমন্বিত গ্রামনাম।

১৬১. কালিশিরি*(সিলেট জেলার হবিগঞ্জ মহকুমার চুনারঘাট থানার আহমদাবাদ ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালী (কালি)- দেবীর আখ্যাযুক্ত গ্রামনাম।
কালিশিরি : কালীদেবীর অবস্থানজনিত শোভা। কালীজনিতা শ্রী, মধ্যপদলোপী কর্মধারয় সমাস। [সং. কালীশ্রী > বাং. কালিশিরি]।
তুলনীয় : লক্ষ্মীশ্রী।
অতীতকালে, এগ্রাম প্রতিষ্ঠিত হওয়ার সময়ে, এখানে কালীদেবীর মন্দির ছিল।

১৬২. কালিসফা* (রাজশাহী জেলার নওগাঁ মহকুমার মান্দা থানার ভারসোন ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবীর স্মৃতিধারক গ্রামনাম।

কালিসফা : 'কালী সঁপা' (বিশুদ্ধ বানান)।
কালী সঁপা : কালীদেবীকে নিবেদন বা উৎসর্গ করা (গ্রাম)। কালী + সঁপা।
কালী : শিবপত্নী, কালিকাদেবী।
সঁপা : সকর্মক বাংলাধাতু 'সঁপ'-যোগে গঠিত ক্রিয়াপদ।
'সঁপা'(=সমর্পণ করা)। [সঁপ+আ]।
সঁপ : [সং. সম্ + √ অর্পি > প্রা. √ সমপ্প > বাং. সঁপ]।

১৬৩. কালীসীমা*(কুমিল্লা জেলার ব্রাহ্মণবাড়িয়া মহকুমার ব্রাহ্মণবাড়িয়া থানার চান্দুরা ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবীর গৌরবসূচক গ্রামনাম।
সীমা : রাজকল্পিতক্ষেত্রমানমর্যাদা; আলি। (সং.)। 'মনুসংহিতা'-য় আছে :
"উন্নত-ভূমি অঙ্গার বটাদিবৃক্ষ সেতু বল্মীক নিম্নস্থান সরোবরাদি অস্থি চৈত্য ইত্যাদি ক্ষেত্রাদির সীমানির্ণয়ার্থ গৃহীত হয়।"
কালীসীমা : সীমাযুক্ত কালী-সংজ্ঞক গ্রামনাম।

১৬৪. কালীসীমা (বড়)* [কুমিল্লা জেলার ব্রাহ্মণবাড়িয়া মহকুমার ব্রাহ্মণবাড়িয়া থানার দক্ষিণ নাটাই ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবীর মহিমাজ্ঞাপক গ্রামনাম।
কালীসীমা : সীমা বা আলি-যুক্ত কালী-সংজ্ঞক গ্রামনাম।
বড় : বৃহৎ, দীর্ঘ, বিস্তৃত প্রভৃতি অর্থসূচক।
[সং. বড্র > বড্ড (দেশীনামমালা) > বাং বড়]।
কালীসীমা (বড়) : অপেক্ষাকৃত বৃহদায়তন 'কালীসীমা'-গ্রাম। (এর নিকটে আর-এক 'কালীসীমা'-গ্রাম ছিল।)

১৬৫. ভাটি কালীসীমা* [কুমিল্লা জেলার ব্রাহ্মণবাড়িয়া মহকুমার ব্রাহ্মণবাড়িয়া থানার চান্দুরা ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবীর স্মৃতিযুক্ত গ্রামনাম।
ভাটি কালীসীমা : ভাটি + কালীসীমা। ভাটিস্থিত 'কালীসীমা'-গ্রাম।
ভাটি : নদীর স্বাভাবিক স্রোতের দিক্; উজানের বিপরীত দিক্; দক্ষিণদিক্; নদীর নিম্নাভিমুখ স্রোত। [ভাটা > ভাটি]।

১৬৬. কালীহর কান্দা* (ময়মনসিংহ জেলার নেত্রকোণা মহকুমার পূর্বধলা থানার হোগলা ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালীদেবীর স্মৃতিধারক গ্রামনাম।
কালীহর কান্দা : কালীহর + কান্দা।

কালীহর : কালী ও হর । দ্বন্দ্বসমাস ।
কালী : শিবপত্নী, কালিকাদেবী । হর : প্রলয়ে হারক শিব । (সং.) ।
'ভারতচন্দ্র-গ্রন্থাবলী'-তে আছে :
"হর হর মোর দুঃখ হর ।" (পৃ ৩)
কান্দা : স্কন্ধতুল্য নদী-জলাশয়াদির তীর; কিনারা, ধার ।
কালীহর কান্দা : জলাশয়াদির তীরে অবস্থিত কালী ও শিবের স্মৃতিযুক্ত গ্রামনাম ।

১৬৭. কালীহাটা* (বাখরগঞ্জ জেলার বরিশাল সদর দক্ষিণ মহকুমার উজিরপুর থানার বামরাইল ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীদেবীর গৌরবসূচক গ্রামনাম ।
কালীহাটা : কালী + হাটা । ৬ষ্ঠীতৎ ।
কালী : শিবপত্নী, কালিকা দেবী । (সং.) ।
হাটা : সাধারণের ক্রয়বিক্রয় স্থান; (এখানে) গ্রাম ।
[সং. হট্ট > বাং. হাট > হাটা (অন্ত্য 'অ'-স্থানে 'আ'-কার, বিবৃত উচ্চারণে)] ।
তুলনীয় : গয়াহাটা (টাঙ্গাইল) ।

১৬৮. দক্ষিণ কালীহাটা* (বাখরগঞ্জ জেলার বরিশাল সদর দক্ষিণ মহকুমার উজিরপুর থানার বামরাইল ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালীদেবীর স্মৃতিযুক্ত গ্রামনাম ।
দক্ষিণ কালীহাটা : দক্ষিণদিগ্‌বর্তী কালী-সংজ্ঞক গ্রামনাম ।

**(খ) 'কালিকা'-আখ্যাযুক্ত গ্রামনামসমূহ :**
১. কালিকা* (ঢাকা জেলার মানিকগঞ্জ মহকুমার সাটুরিয়া থানার দরগ্রাম ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালিকা : মহাবিদ্যাবিশেষ, কালী; শিবপত্নী ।
[সং. কাল (=কৃষ্ণবর্ণ, কালরঙ্) + ইক (ঠন্) অস্ত্যর্থে + স্ত্রী আ (টাপ্)] ।
*কালিকাদেবীর আখ্যাসংবলিত গ্রামনাম ।

২. কালিকা* (ময়মনসিংহ জেলার ময়মনসিংহ সদর উত্তর মহকুমার ফুলপুর থানার কামারগাঁও ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালিকাদেবীর স্মৃতিবাহক গ্রামনাম ।

৩. বৃ-কালিকা* (ময়মনসিংহ জেলার নেত্রকোণা মহকুমার বারহাট্টা থানার বারহাট্টা ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালিকাদেবীর সংজ্ঞাযুক্ত গ্রামনাম ।

বৃ-কালিকা : অপেক্ষাকৃত বৃহদায়তন 'কালিকা'-গ্রাম ।
বৃ : 'বৃহৎ'-শব্দের সংক্ষিপ্ত রূপ ।

৪. স্বল্প-কালিকা* (ময়মনসিংহ জেলার নেত্রকোণা মহকুমার বারহাট্টা থানার বারহাট্টা ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালিকাদেবীর মহিমাব্যঞ্জক গ্রামনাম ।
স্বল্প-কালিকা : অপেক্ষাকৃত স্বল্পায়তন 'কালিকা'-গ্রাম ।

৫. কালিকাগাঁও* (দিনাজপুর জেলার ঠাকুরগাঁও মহকুমার ঠাকুরগাঁও থানার কালিকাগাঁও ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালিকাদেবীর গৌরবসূচক গ্রামনাম ।
গাঁও : গ্রাম; বাসগ্রাম; জনপদবিশেষ ।
[সং. গ্রাম > প্রা. গাম > বাং. (গাম) গাঁও] ।

৬. কালিকাডোবা* (রংপুর জেলার গাইবান্ধা মহকুমার গোবিন্দগঞ্জ থানার গুমানিগঞ্জ ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালিকাদেবীর আখ্যাযুক্ত গ্রামনাম ।
কালিকাডোবা : কালিকা + ডোবা ।
ডোবা : বর্ষায় জলে ডোবে এমন গর্ত; বড় গর্ত ।
[সকর্মক বাংলা ধাতু 'ডুবা' > ডোবা] ।
কালিকাডোবা : কালিকা-সংজ্ঞক ডোবা-সন্নিহিত গ্রাম ।
+গুমানিগঞ্জ : গুমানি + গঞ্জ ।
গুমানি : গুমান + ই (তদ্‌যুক্ত-অর্থে) ।
গুমান : গৌরব, গর্ব । [ফা. গুমান্] ।
গঞ্জ : হাট, বাজার । [ফা. গন্‌জ্] ।

৭. কালিকাতলা* (কুষ্টিয়া জেলার কুষ্টিয়া সদর মহকুমার কুমারখালি থানার বগুলাট ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালিকাদেবীর মহিমাজ্ঞাপক গ্রামনাম ।
কালিকাতলা : কালিকাদেবীর পূজার জন্য নির্দিষ্ট স্থান; (এখানে) গ্রাম ।

৮. কালিকানগর* (বাখরগঞ্জ জেলার ভোলা সদর মহকুমার বোরহান উদ্দিন থানার কাচিয়া ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালিকাদেবীর স্মৃতিধারক গ্রামনাম ।
নগর : পুর, শহর; (এখানে) গ্রাম ।

৯. কালিকাপাড়া* (সিলেট জেলার হবিগঞ্জ মহকুমার বানিয়াচঙ্গ থানার বানিয়াচঙ্গ দক্ষিণ-পশ্চিম ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালিকাদেবীর গৌরবসূচক গ্রামনাম ।
পাড়া : গ্রামের অংশ, মহল্লা; (এখানে) গ্রাম ।
[সং. পাটক > প্রা. পাডঅ > বাং. পাড়া] ।

১০. পুরাণ কালিকাপাড়া* (সিলেট জেলার হবিগঞ্জ মহকুমার বানিয়াচঙ্গ থানার বানিয়াচঙ্গ দক্ষিণ-পশ্চিম ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালিকাদেবীর আখ্যাযুক্ত গ্রামনাম ।
পুরাণ : পুরাভব, পুরাতন ।
[সং. পুরাতন > প্রা. পুরাঅণ > বাং. পুরাণ] ।

১১. কালিকাপুর* (কুমিল্লা জেলার কুমিল্লা সদর দক্ষিণ মহকুমার কোতোয়ালী থানার গলিয়ারা ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালিকাদেবীর স্মৃতিবাহক গ্রামনাম ।
পুর : নগর, শহর; (এখানে) গ্রাম । [সং.] ।

১২. কালিকাপুর* (কুমিল্লা জেলার কুমিল্লা সদর দক্ষিণ মহকুমার কোতোয়ালী থানার চৌয়ারা ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালিকাদেবীর সংজ্ঞাযুক্ত গ্রামনাম ।

১৩. কালিকাপুর* (কুমিল্লা জেলার কুমিল্লা সদর দক্ষিণ মহকুমার কোতোয়ালী থানার জগন্নাথপুর ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালিকাদেবীর গৌরবসূচক গ্রামনাম ।

১৪. কালিকাপুর* (কুমিল্লা জেলার কুমিল্লা সদর দক্ষিণ মহকুমার কোতোয়ালী থানার জোড়করণ পশ্চিম ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালিকাদেবীর মহিমাজ্ঞাপক গ্রামনাম ।

১৫. নসরাইল কালিকাপুর* (কুমিল্লা জেলার কুমিল্লা সদর দক্ষিণ মহকুমার কোতোয়ালী থানার জগন্নাথপুর ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালিকাদেবীর আখ্যাযুক্ত গ্রামনাম ।
নসরাইল : নসর + আইল । ৬ষ্ঠীতৎ ।
নসর : সাহায্য, পৃষ্ঠপোষকতা; ব্যক্তিনামবিশেষ । [আ. নাছর্] ।
আইল : ক্ষেত্র সীমা, সীমা; (এখানে) গ্রাম । [সং. আলি] ।
নসরাইল : এগ্রামনামের সঙ্গে 'নসর'-নামক ব্যক্তিনামেরও সম্পর্ক রয়েছে ।

১৬. কালিকাপুর* (কুমিল্লা জেলার কুমিল্লা সদর দক্ষিণ মহকুমার কোতোয়ালী থানার দুর্গাপুর দক্ষিণ ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালিকাদেবীর স্মৃতিবাহক গ্রামনাম ।

১৭. কালিকাপুর* (কুমিল্লা জেলার কুমিল্লা সদর দক্ষিণ মহকুমার কোতোয়ালী থানার পাঁচথুবি ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালিকাদেবীর গৌরবপ্রকাশক গ্রামনাম ।

১৮. কালিকাপুর* (কুমিল্লা জেলার কুমিল্লা সদর দক্ষিণ মহকুমার চৌদ্দগ্রাম থানার উজিরপুর ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালিকাদেবীর মহিমাদ্যোতক গ্রামনাম ।

১৯. কালিকাপুর* (কুমিল্লা জেলার কুমিল্লা সদর দক্ষিণ মহকুমার চৌদ্দগ্রাম থানার কালিকাপুর ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালিকাদেবীর সংজ্ঞাযুক্ত গ্রামনাম ।

২০. কালিকাপুর* (কুমিল্লা জেলার কুমিল্লা সদর দক্ষিণ মহকুমার চৌদ্দগ্রাম থানার বাতিশা ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালিকাদেবীর স্মৃতিবাহক গ্রামনাম ।

২১. কালিকাপুর* (কুমিল্লা জেলার কুমিল্লা সদর দক্ষিণ মহকুমার বুড়িচঙ্গ থানার বকশিমুল ইউনিয়নস্থ গ্রামনাম ।)
কালিকাপুর : কালিকা + পুর । ৬ষ্ঠীতৎ ।
কালিকা : মহাবিদ্যাবিশেষ, কালী ।
[সং. কাল (কৃষ্ণবর্ণ) + ইক (ঠন্) অস্ত্যর্থে + স্ত্রী আ (টাপ্)] ।
"কালিকার ছেলে কেবা নয়, কালিকার পেটে জন্মান সবাই ।
... কালিকার সম্বন্ধ ধরিলে, মা হন ভগিনী, পিতা হন ভাই ॥"
দাশরথি রায় ।
পুর : নগর, শহর; (এখানে) গ্রাম ।
পূর্বকালে, এগ্রাম প্রতিষ্ঠিত হওয়ার সময়ে, এখানে কালিকাভক্ত মানুষের নিবাস ছিল । এটি কালিকাদেবীর আখ্যাযুক্ত গ্রামনাম ।

২২. কালিকাপুর* (কুমিল্লা জেলার কুমিল্লা সদর দক্ষিণ মহকুমার বরুড়া থানার পয়ালগাছা+দক্ষিণ ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালিকাদেবীর সংজ্ঞাসংবলিত গ্রামনাম ।
+ পয়ালগাছা : পয়ালগাছ + আ (তদ্‌যুক্ত-অর্থে) । পয়ালগাছ : পিয়ালবৃক্ষ ।

[সং. প্রিয়াল (√প্রী + আল) > বাং. পিয়াল > পয়াল]।
পয়ালগাছা : (এখানে) পিয়াল বা পয়ালগাছযুক্ত স্থান।

২৩. কালিকাপুর* (কুমিল্লা জেলার কুমিল্লা সদর দক্ষিণ মহকুমার লাকসাম থানার ভুলাইন ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালিকাদেবীর স্মৃতিবাহক গ্রামনাম।

২৪. পশ্চিম কালিকাপুর* (কুমিল্লা জেলার চাঁদপুর মহকুমার মতলব+ থানার নারায়ণপুর ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালিকাদেবীর আখ্যাযুক্ত গ্রামনাম।
পশ্চিম কালিকাপুর : পশ্চিমদিগ্‌বর্তী কালিকাপুর।
+মতলব : আধুনিক বাংলা অভিধানে এ-শব্দের অর্থ : অভিপ্রায়, অভিসন্ধি, উদ্দেশ্য; ফন্দি, কৌশল। তবে এখানে 'মতলব'-শব্দের অর্থ : আশা।
[আ. মৎলব্]। উল্লেখ্য, মূল আরবিভাষায় 'মৎলব্'-শব্দের অন্যতম অর্থ : 'আশা' (desire)|

২৫. পূর্ব কালিকাপুর* (কুমিল্লা জেলার চাঁদপুর মহকুমার মতলব থানার নারায়ণপুর ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালিকাদেবীর গৌরবসূচক গ্রামনাম।
পূর্ব কালিকাপুর : পূর্বদিগ্‌বর্তী কালিকাপুর।

২৬. কালিকাপুর* (কুমিল্লা জেলার ব্রাহ্মণবাড়িয়া মহকুমার কসবা+ থানার কসবা ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালিকাদেবীর মহিমাজ্ঞাপক গ্রামনাম।
+কসবা : মূল অর্থ : গ্রামের চেয়ে বড় কিন্তু শহরের চেয়ে ছোট বসতি।[আ. কস্‌বাহ্]।

২৭. কালিকাপুর* (কুমিল্লা জেলার ব্রাহ্মণবাড়িয়া মহকুমার বাঞ্ছারামপুর থানার পূর্ব উজানচর ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালিকাদেবীর আখ্যাযুক্ত গ্রামনাম।

২৮. কালিকাপুর* (কুমিল্লা জেলার ব্রাহ্মণবাড়িয়া মহকুমার কসবা থানার দক্ষিণ আখাউড়া ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালিকাদেবীর সংজ্ঞা-সংবলিত গ্রামনাম।

২৯. কালিকাপুর* (কুষ্টিয়া জেলার কুষ্টিয়া সদর মহকুমার মীরপুর থানার চিথলিয়া ইউনিয়নস্থ গ্রামনাম।)

*কালিকাদেবীর স্মৃতিবাহক গ্রামনাম।

৩০. কালিকাপুর* (খুলনা জেলার খুলনা সদর মহকুমার ডুমুরিয়া থানার সরাপপুর+ ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালিকাদেবীর আখ্যাযুক্ত গ্রামনাম।
+সরাপপুর : সরাপ + পুর। সরাপ : মদ, সুরা।
[আ. শরাব্ (=পান করা; মদপান করা)]।
পুর : নগর, শহর; (এখানে) গ্রাম। (সং.)।
আদিকালে, এগ্রামপ্রতিষ্ঠার সময়ে, এখানে এক সুরাপানস্থান বা পানগৃহ ছিল।

৩১. কালিকাপুর* (খুলনা জেলার খুলনা সদর মহকুমার পাইকগাছা থানার মহেশ্বরীপুর+ ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালিকাদেবীর স্মৃতিবাহক গ্রামনাম।
+মহেশ্বরীপুর : মহেশ্বরী + পুর। ৬ষ্ঠীতৎ।
মহেশ্বরী : দুর্গাদেবী। [মহান্ ঈশ্বর, কর্মধা + স্ত্রী ঈ (ঙীষ্)= মহেশ্বরী]।
পুর : নগর, শহর; (এখানে) ইউনিয়ন-নাম।

৩২. কালিকাপুর* (খুলনা জেলার সাতক্ষীরা মহকুমার আশাশুনি থানার খাজরা+ ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালিকাদেবীর সংজ্ঞাযুক্ত গ্রামনাম।
+খাজরা : খেজুরগাছ-সংবলিত (স্থান)।
[সং. খর্জূর > প্রা. খর্জূর > বাং. খাজুর + আ (তদ্‌যুক্ত-অর্থে)=খাজুরা > খাজরা (দ্বিমাত্রিকতার ফলে)]।

৩৩. কালিকাপুর* (খুলনা জেলার সাতক্ষীরা মহকুমার কালিগঞ্জ থানার কৃষ্ণনগর ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালিকাদেবীর স্মৃতিবাহক গ্রামনাম।

৩৪. কালিকাপুর* (খুলনা জেলার সাতক্ষীরা মহকুমার কালিগঞ্জ থানার রতনপুর ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালিকাদেবীর স্মৃতিধারক গ্রামনাম।

৩৫. কালিকাপুর* (টাঙ্গাইল জেলার ঘাটাইল থানার দেওপাড়া ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালিকাদেবীর সংজ্ঞাযুক্ত গ্রামনাম।

৩৬. কালিকাপুর* (ঢাকা জেলার ঢাকা সদর উত্তর মহকুমার সাভার থানার সিমুলিয়া ইউনিয়নস্থ গ্রামনাম।)

*কালিকাদেবীর মহিমাসূচক গ্রামনাম।

৩৭. কালিকাপুর* (ঢাকা জেলার নারায়ণগঞ্জ মহকুমার নরসিংদি থানার করিমপুর ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালিকাদেবীর গৌরবজ্ঞাপক গ্রামনাম।

৩৮. কালিকাপুর* (ঢাকা জেলার নারায়ণগঞ্জ মহকুমার রায়পুর থানার চাঁদপুর ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালিকাদেবীর আখ্যাযুক্ত গ্রামনাম।

৩৯. চর কালিকাপুর* (ঢাকা জেলার মানিকগঞ্জ মহকুমার দৌলতপুর থানার বাঘুটিয়া ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালিকাদেবীর স্মৃতিধারক গ্রামনাম।
চর কালিকাপুর : 'চর'-স্থিত কালিকাপুর।
চর : নদীগর্ভে পলি পড়ে যে-ছোট দ্বীপের সৃষ্টি হয়, তা-ই 'চর'।

৪০.কালিকাপুর* (দিনাজপুর জেলার দিনাজপুর সদর মহকুমার পার্বতীপুর থানার পলাশবাড়ী ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালিকাদেবীর স্মৃতিবাহক গ্রামনাম।

৪১. কালিকাপুর* (দিনাজপুর জেলার দিনাজপুর সদর মহকুমার কোতোয়ালী থানার সুন্দরবন+ ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালিকাদেবীর সংজ্ঞাযুক্ত গ্রামনাম।
+সুন্দরবন : যে বন 'সুন্দর' (=চারু, মনোরম)। কর্মধা। দিনাজপুরের 'সুন্দরবন' অপেক্ষাকৃত পূর্ববর্তী সময়ের। দৃশ্যত সুন্দর বলেই এর এরূপ নামকরণ। বাংলাদেশের দক্ষিণবর্তী 'সুন্দরবন'-এর নামকরণ 'সুন্দর' বা 'সুন্দরী' গাছ-অনুসারী বলে অনেকে উল্লেখ করেছেন। বিষয়টি পুনর্বিচার্য।

৪২. কালিকাপুর* (দিনাজপুর জেলার ঠাকুরগাঁও মহকুমার আটোয়ারী থানার মির্জাপুর ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালিকাদেবীর আখ্যাযুক্ত গ্রামনাম।

৪৩. ছোট কালিকাপুর* (নোয়াখালী জেলার নোয়াখালী সদর মহকুমার বেগমগঞ্জ থানার আলিয়ারপুর ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালিকাদেবীর স্মৃতিবাহক গ্রামনাম।
ছোট কালিকাপুর : অপেক্ষাকৃত হ্রস্বাকৃতি 'কালিকাপুর'-গ্রাম।

৪৪. কালিকাপুর* (নোয়াখালী জেলার নোয়াখালী সদর মহকুমার বেগমগঞ্জ থানার গোপালপুর ইউনিয়নস্থ গ্রামনাম।)

*কালিকাদেবীর স্মৃতিধারক গ্রামনাম।

৪৫. কালিকাপুর* (নোয়াখালী জেলার নোয়াখালী সদর মহকুমার বেগমগঞ্জ থানার ছয়আনি ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালিকাদেবীর আখ্যাযুক্ত গ্রামনাম।

৪৬. কালিকাপুর* (নোয়াখালী জেলার নোয়াখালী সদর মহকুমার বেগমগঞ্জ থানার সোনাপুর ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালিকাদেবীর মহিমাসূচক গ্রামনাম।

৪৭. কালিকাপুর* (নোয়াখালী জেলার নোয়াখালী সদর মহকুমার রামগঞ্জ থানার রামনারায়ণপুর ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালিকাদেবীর সংজ্ঞাযুক্ত গ্রামনাম।

৪৮. কালিকাপুর* (নোয়াখালী জেলার নোয়াখালী সদর মহকুমার রামগঞ্জ থানার লামচর ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালিকাদেবীর স্মৃতিধারক গ্রামনাম।

৪৯. কালিকাপুর* (নোয়াখালী জেলার ফেনী মহকুমার ছাগলনাইয়া থানার মুন্সিরহাট ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালিকাদেবীর গৌরবসূচক গ্রামনাম।

৫০. নিজ কালিকাপুর* (নোয়াখালী জেলার ফেনী মহকুমার পরশুরাম থানার মির্জানগর ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালিকাদেবীর আখ্যাযুক্ত গ্রামনাম।
নিজ কালিকাপুর : নিজ + কালিকাপুর।
নিজ : সম্বন্ধ; সম্পর্ক। [আ. নিস্‌বত্‌-এর সংক্ষিপ্ত রূপ]।
নিজ কালিকাপুর : আর-এক 'কালিকাপুর'-এর সঙ্গে সম্বন্ধযুক্ত বা সংযোগ- বিশিষ্ট 'কালিকাপুর'।
['নিজ কালিকাপুর'-এর অদূরে ভিন্ন এক 'কালিকাপুর' ছিল। যেমন : ময়মনসিংহের 'দরিরামপুর'-এর কাছে অন্য এক 'রামপুর'। দরি=মধ্যে, ভিতরে। [ফা. দর্‌ + ই (স্বার্থে)]।

৫১. কালিকাপুর* (পটুয়াখালী জেলার পটুয়াখালী মহকুমার মির্জাগঞ্জ থানার মির্জাগঞ্জ ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালিকাদেবীর স্মৃতিবাহক গ্রামনাম।

৫২. কালিকাপুর* (পটুয়াখালী জেলার পটুয়াখালী মহকুমার পটুয়াখালী থানার পটুয়াখালী পৌরসভাস্থ স্থাননাম ।)
*কালিকাদেবীর আখ্যাযুক্ত গ্রামনাম ।

৫৩. কালিকাপুর* (পটুয়াখালী জেলার পটুয়াখালী মহকুমার পটুয়াখালী থানার লাউকাটি ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালিকাদেবীর গৌরবসূচক গ্রামনাম ।

৫৪. কালিকাপুর* (পটুয়াখালী জেলার পটুয়াখালী মহকুমার পটুয়াখালী থানার একটি ইউনিয়নের নাম ।)
*কালিকাদেবীর মহিমাব্যঞ্জক স্থাননাম ।

৫৫. কালিকাপুর* (পটুয়াখালী জেলার পটুয়াখালী মহকুমার বাউফল থানার সূর্যমণি ইউনিয়নস্থ গ্রামনাম ।)

*কালিকাদেবীর স্মৃতিযুক্ত গ্রামনাম ।

৫৬. কালিকাপুর* (পটুয়াখালী জেলার পটুয়াখালী মহকুমার গলাচিপা থানার গলাচিপা+ ইউনিয়নস্থ গ্রামনাম ।)

*কালিকাদেবীর আখ্যাযুক্ত গ্রামনাম ।

+ গলাচিপা : যে গলা 'চিপে' (=চেপে) মারে; দস্যু, ডাকাত । গলা + চিপা । দস্যু-স্মৃতিযুক্ত স্থাননাম ।

[দ্র. মৎপ্রণীত 'বাংলাদেশের গ্রামনাম : অবহেলিত জনগোষ্ঠীর প্রতি সহমর্মিতা', পৃ ৩৭-৩৮ ।]

৫৭. কালিকাপুর* (পাবনা জেলার পাবনা সদর মহকুমার ঈশ্বরদি থানার দাসুরিয়া ইউনিয়নস্থ গ্রামনাম ।)

*কালিকাদেবীর মহিমাপ্রকাশক গ্রামনাম ।

৫৮. কালিকাপুর* (পাবনা জেলার পাবনা সদর মহকুমার ফরিদপুর থানার হাদল ইউনিয়নস্থ গ্রামনাম ।)

*কালিকাদেবীর স্মৃতিযুক্ত গ্রামনাম ।

এগ্রামের অপর নাম : 'দরিপাড়া' । এই নামের মাধ্যমে ধারণা করা যায় : এগ্রাম প্রথমে পার্শ্ববর্তী অপর কোনো গ্রামের অন্তর্ভুক্ত ছিল । পরে এটি স্বতন্ত্র গ্রামরূপে আত্মপ্রকাশ করে ।

দরি : [ফা. দর্ + ই (স্বার্থে)] । মধ্যে, ভিতরে ।

৫৯. কালিকাপুর* (পাবনা জেলার পাবনা সদর মহকুমার বেড়া থানার জাত শাকিনী ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালিকাদেবীর গৌরবসূচক গ্রামনাম ।

৬০. কালিকাপুর* (পাবনা জেলার পাবনা সদর মহকুমার সুজানগর থানার নাজিরগঞ্জ ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালিকাদেবীর স্মৃতিধারক গ্রামনাম ।

৬১. কালিকাপুর* (পাবনা জেলার সিরাজগঞ্জ মহকুমার কাজীপুর থানার খাস রাজবাড়ী ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালিকাদেবীর আখ্যাযুক্ত গ্রামনাম ।

৬২. কালিকাপুর* (পাবনা জেলার সিরাজগঞ্জ মহকুমার কাজীপুর থানার গান্ধিয়াইল+ ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালিকাদেবীর মহিমাজ্ঞাপক গ্রামনাম ।
+ গান্ধিয়াইল : গান্ধি + আইল ।
গান্ধি : গন্ধবণিক্; বাঙালী হিন্দু জাতিবিশেষ, গন্ধবেনে, গন্ধদ্রব্য-ব্যবসায়ী ।
[সং. গন্ধী (আদ্য 'অ'-স্থানে 'আ', বিবৃত উচ্চারণে)] ।
আইল : ক্ষেত্রসীমা, সীমা; (এখানে) গ্রাম । [ সং. আলি] ।

৬৩. কালিকাপুর* (পাবনা জেলার সিরাজগঞ্জ মহকুমার উল্লাপাড়া+ থানার রামকৃষ্ণপুর ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালিকাদেবীর স্মৃতিযুক্ত গ্রামনাম ।
+ উল্লাপাড়া : উল্লা + পাড়া ।
উল্লা : আনন্দ, হর্ষ, প্রমোদ । [সং. উল্লাস] ।
পাড়া : গ্রামের অংশ, মহল্লা । [সং. পাটক > প্রা. পাডঅ > বাং. পাড়া] ।
এখানে 'পাড়া'-শব্দের অর্থবিস্তার ঘটেছে ।
উল্লাপাড়া : উল্লাসময় পাড়া, সুখকর স্থান । উল্লাসপূর্ণ পাড়া, মধ্যপ ।
[দ্র. মৎপ্রণীত 'উল্লাপাড়া-উপজেলার হারানো ইতিহাস', পৃ ৪-৫ ।]

৬৪. কালিকাপুর* (ফরিদপুর জেলার গোয়ালন্দ মহকুমার পাংশা+ থানার কালিকাপুর ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালিকাদেবীর গৌরবসূচক গ্রামনাম ।
+ পাংশা : মৎস্যবিশেষের আখ্যাযুক্ত স্থাননাম ।
[সং. পিঙ্গাশ, পিঙ্গাস্য > বাং. পাঙ্গাশ, পাঙ্গাস + আ (তদ্‌যুক্ত-অর্থে)=পাঙ্গাশা, পাঙ্গাসা > পাংশা, পাংসা (দ্বিমাত্রিকতার ফলে)] ।

পাঙ্গাশ, পাঙ্গাস : শল্কহীন চেপ্টা মৎস্যবিশেষ ।
পূর্বকালে, এ-জনপদপ্রতিষ্ঠার সময়ে, এখানকার জলাশয়ে পাঙ্গাশমাছের প্রাচুর্য ছিল ।

৬৫. কালিকাপুর* (ফরিদপুর জেলার মাদারীপুর মহকুমার মাদারীপুর থানার কালিকাপুর ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালিকাদেবীর সংজ্ঞাযুক্ত গ্রামনাম ।

৬৬. মহিমশাহী+কালিকাপুর* (ফরিদপুর জেলার গোয়ালন্দ মহকুমার পাংশা থানার মাঝবাড়ী ইউনিয়নস্থ গ্রামনাম ।)
+মহিমশাহী : মহিমশাহের । [মহিমশাহ + ঈ] ।
মহিমশাহ : মহিম + শাহ । 'মহিম'-নামবিশিষ্ট শাহ, মধ্যপ ।
মহিম : অতিশয় গুরুত্বপূর্ণ; (এখানে) ব্যক্তি-নামবিশেষ । [আ. মুহিম্] ।
শাহ : রাজা, সম্রাট্ । [ফা. শাহ্] ।
ঈ : ফা. ঈ ('তৎসম্বন্ধী'-অর্থসূচক) ।
*কালিকাদেবীর স্মৃতিযুক্ত গ্রামনাম ।

৬৭. কালিকাপুর* (বগুড়া জেলার বগুড়া সদর মহকুমার নন্দীগ্রাম থানার নন্দীগ্রাম ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালিকাদেবীর আখ্যাযুক্ত গ্রামনাম ।

৬৮. কালিকাপুর* (বাখরগঞ্জ জেলার বরিশাল সদর উত্তর মহকুমার মেহেন্দিগঞ্জ থানার মেহেন্দিগঞ্জ ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালিকাদেবীর গৌরবসূচক গ্রামনাম ।

৬৯. কালিকাপুর* (বাখরগঞ্জ জেলার বরিশাল সদর উত্তর মহকুমার হিজলা থানার গুয়াবাড়ীয়া ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালিকাদেবীর মহিমাব্যঞ্জক গ্রামনাম ।

৭০. কালিকাপুর* (বাখরগঞ্জ জেলার বরিশাল সদর দক্ষিণ মহকুমার বাবুগঞ্জ থানার চাঁদপাশা ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালিকাদেবীর আখ্যাযুক্ত গ্রামনাম ।

৭১. আরজি কালিকাপুর* (বাখরগঞ্জ জেলার বরিশাল সদর দক্ষিণ মহকুমার বাবুগঞ্জ থানার চাঁদপাশা ইউনিয়নস্থ গ্রামনাম ।)
*কালিকাদেবীর স্মৃতিধারক গ্রামনাম ।
নিকটবর্তী 'কালিকাপুর'-সংজ্ঞক গ্রামের অধীন 'আরজি কালিকাপুর'-গ্রাম ।
আরজি : অধীন; অন্তর্ভুক্ত ।

[আ. আর্দ্ > ফা. উচ্চারণ 'আর্জ' + ই (স্বার্থে)= আরজি (=অধীন, অন্তর্ভুক্ত)]।

৭২. কালিকাপুর* (বাখরগঞ্জ জেলার ভোলা মহকুমার দৌলতখান থানার বড় মলনচরা ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালিকাদেবীর সংজ্ঞাযুক্ত গ্রামনাম।

৭৩. কালিকাপুর* (ময়মনসিংহ জেলার জামালপুর মহকুমার দেওয়ানগঞ্জ থানার দেওয়ানগঞ্জ ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালিকাদেবীর আখ্যাযুক্ত গ্রামনাম।

৭৪. কালিকাপুর* (ময়মনসিংহ জেলার জামালপুর মহকুমার সরিষাবাড়ী থানার আওনা ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালিকাদেবীর স্মৃতিবাহক গ্রামনাম।

৭৫. কালিকাপুর* (ময়মনসিংহ জেলার সদর দক্ষিণ মহকুমার কোতোয়ালী থানার খাগডহর+ ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালিকাদেবীর স্মৃতিধারক গ্রামনাম।
+খাগডহর : খাগ + ডহর। খাগপূর্ণ ডহর, মধ্যপ।
খাগ : নলখাগড়া, নলজাতীয় তৃণবিশেষ।
ডহর : খাল; জলাজমি; গভীর গর্ত। [হি ডহর (=জলাশয়)]।

৭৬. কালিকাপুর* (ময়মনসিংহ জেলার ময়মনসিংহ সদর দক্ষিণ মহকুমার মুক্তাগাছা+ থানার ঘোগা ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালিকাদেবীর আখ্যাযুক্ত গ্রামনাম।
+মুক্তাগাছা : মুক্তাগাছ + আ (তদ্‌যুক্ত-অর্থে)।
মুক্তাগাছ : ফলবৃক্ষভেদ; নোনাগাছ; নোনাফল; লবনীফল ও তার গাছ (Annonareticulata)।
মুক্তাগাছা : মুক্তাগাছ (=নোনাগাছ)-যুক্ত (স্থান)। পূর্বকালে, এ-গ্রামপ্রতিষ্ঠার সময়ে, এখানে প্রচুর 'নোনাগাছ' বা 'মুক্তাগাছ' ছিল।

৭৭. কালিকাপুর* (ময়মনসিংহ জেলার কিশোরগঞ্জ মহকুমার নিকলী থানার জরাইতলা ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালিকাদেবীর স্মৃতিবাহক গ্রামনাম।

৭৮. কালিকাপুর* (ময়মনসিংহ জেলার নেত্রকোণা মহকুমার দুর্গাপুর থানার চন্দ্রকোণা মায়ানগর ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালিকাদেবীর আখ্যাযুক্ত গ্রামনাম।

৭৯. কালিকাপুর* (যশোহর জেলার ঝিনাইদহ মহকুমার ঝিনাইদহ থানার ঝিনাইদহ পৌরসভাস্থ স্থাননাম ।)

*কালিকাদেবীর গৌরবসূচক গ্রামনাম ।

৮০. কালিকাপুর* (রংপুর জেলার কুড়িগ্রাম মহকুমার নাগেশ্বরী থানার নুনখাওয়া ইউনিয়নস্থ গ্রামনাম ।)

*কালিকাদেবীর মহিমাজ্ঞাপক গ্রামনাম ।

৮১. কালিকাপুর সাপগাছি* (রংপুর জেলার গাইবান্ধা মহকুমার গোবিন্দগঞ্জ থানার দরবস্তা ইউনিয়নস্থ গ্রামনাম ।)

*কালিকাদেবীর স্মৃতিধারক গ্রামনাম ।

সাপগাছি : সাপগাছ + ই ('তদ্‌যুক্ত'-অর্থে) ।

সাপগাছ : সর্পকঙ্কালী (=সর্পকঙ্কালতুল্য বৃক্ষবিশেষ) ।

সাপগাছি : সাপগাছযুক্ত (গ্রাম) ।

৮২. কালিকাপুর* (রংপুর জেলার নীলফামারী মহকুমার কিশোরগঞ্জ থানার পুটিমারী ইউনিয়নস্থ গ্রামনাম ।)

*কালিকাদেবীর আখ্যাযুক্ত গ্রামনাম ।

৮৩. কালিকাপুর* (রাজশাহী জেলার নওগাঁ মহকুমার আত্রাই থানার কালিকাপুর ইউনিয়নস্থ গ্রামনাম ।)

*কালিকাদেবীর স্মৃতিধারক গ্রামনাম ।

৮৪. ক্ষিদ্র কালিকাপুর* (রাজশাহী জেলার নওগাঁ মহকুমার আত্রাই থানার কালিকাপুর ইউনিয়নস্থ গ্রামনাম ।)

*কালিকাদেবীর গৌরবসূচক গ্রামনাম ।

ক্ষিদ্র : ছোট, হ্রস্ব, স্বল্প । [সং. ক্ষুদ্র] ।

৮৫. কালিকাপুর* (রাজশাহী জেলার নওগাঁ মহকুমার মান্দা থানার মান্দা ইউনিয়নস্থ গ্রামনাম ।)

*কালিকাদেবীর সংজ্ঞাযুক্ত গ্রামনাম ।

৮৬. কালিকাপুর* (রাজশাহী জেলার নওগাঁ মহকুমার মান্দা থানার কালিকাপুর ইউনিয়নস্থ গ্রামনাম ।)

*কালিকাদেবীর গৌরবজ্ঞাপক গ্রামনাম ।

৮৭. চক কালিকাপুর* (রাজশাহী জেলার নওগাঁ মহকুমার মান্দা থানার কালিকাপুর ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালিকাদেবীর আখ্যাযুক্ত গ্রামনাম।
চক : বহুদূরব্যাপী বিস্তৃত মাঠ; প্রান্তরের বৃহৎ অংশ।
[সং. চক্র > প্রা. চক্ক > বাং. চক]।
চক কালিকাপুর : 'চক'-স্থিত কালিকাপুর।

৮৮. কালিকাপুর আমহাটি* (রাজশাহী জেলার নাটোর মহকুমার নাটোর থানার ছাতনী ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালিকাদেবীর স্মৃতিধারক গ্রামনাম।
আমহাটি : আম + হাটি। ৬ষ্ঠীতৎ।
আম : আম্রফল। [সং. আম্র > প্রা. অম্ব > বাং. আম]।
হাটি : নির্দিষ্ট দিনে ব্যবসায়ীর ক্রয়বিক্রয় স্থান।
[সং. হট্ট > বাং. হাট + ই (স্বার্থে)]।

৮৯. কালিকাপুর* (রাজশাহী জেলার নাটোর মহকুমার বড়াইগ্রাম থানার জোয়ারি ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালিকাদেবীর সংজ্ঞাযুক্ত গ্রামনাম।

৯০. কালিকাপুর* (রাজশাহী জেলার নাটোর মহকুমার বাগাতিপাড়া থানার জামনগর ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালিকাদেবীর গৌরবসূচক গ্রামনাম।

৯১. চক কালিকাপুর* (রাজশাহী জেলার নাটোর মহকুমার সিংড়া থানার চামারি ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালিকাদেবীর সংজ্ঞাযুক্ত গ্রামনাম।
চক কালিকাপুর : 'চক'-স্থিত কালিকাপুর।

৯২. ছোট কালিকাপুর* (রাজশাহী জেলার নাটোর মহকুমার সিংড়া থানার চামারি ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালিকাদেবীর মহিমাপ্রকাশক গ্রামনাম।
ছোট কালিকাপুর : অপেক্ষাকৃত হ্রস্বাকৃতি 'কালিকাপুর'-গ্রাম।

৯৩. কালিকাপুর* (রাজশাহী জেলার রাজশাহী সদর মহকুমার বাগমারা থানার ভবানীগঞ্জ ইউনিয়নস্থ গ্রামনাম।)

*কালিকাদেবীর আখ্যাযুক্ত গ্রামনাম।

৯৪. কালিকাপুর* (সিলেট জেলার সুনামগঞ্জ মহকুমার সুনামগঞ্জ থানার লক্ষ্মীপুর ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালিকাদেবীর স্মৃতিবাহক গ্রামনাম।

৯৫. কালিকাপুর* (সিলেট জেলার হবিগঞ্জ মহকুমার চুনারুঘাট থানার রানীগাঁও ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালিকাদেবীর গৌরবসূচক গ্রামনাম।

৯৬. কালিকাপুর* (সিলেট জেলার হবিগঞ্জ মহকুমার মাধবপুর থানার ধর্মঘর ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালিকাদেবীর সংজ্ঞাযুক্ত গ্রামনাম।

৯৭. কালিকাপ্রসাদ* (খুলনা জেলার বাগেরহাট মহকুমার রামপাল থানার রাজনগর ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালিকাদেবীর মহিমাপ্রকাশক গ্রামনাম।
কালিকাপ্রসাদ : কালিকার 'প্রসাদ' (=অনুগ্রহ), ষষ্ঠীতৎপুরুষ সমাস।

৯৮. কালিকাপ্রসাদ* (ফরিদপুর জেলার মাদারীপুর মহকুমার নড়িয়া থানার মুক্তারের চর ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালিকাদেবীর স্মৃতিযুক্ত গ্রামনাম।
কালিকাপ্রসাদ : কালিকার 'প্রসাদ' (=প্রসন্নতা), ষষ্ঠীতৎপুরুষ সমাস।

৯৯. কালিকাবাড়ী* (খুলনা জেলার বাগেরহাট মহকুমার মোরেলগঞ্জ থানার হোগলাবুনিয়া ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালিকার গৌরবসূচক গ্রামনাম।
কালিকাবাড়ী : কালিকাদেবীর পূজা-'স্থান' (=বাড়ী)। ৬ষ্ঠীতৎ। ('বাড়ী'-শব্দের আক্ষরিক অর্থ : 'গৃহ'।) এখানে 'বাড়ী'-শব্দের অর্থপ্রসার ঘটেছে। 'বাড়ী'-শব্দের প্রসারিত অর্থ : (এস্থলে) 'গ্রাম'।

১০০. কালিকাবাড়ী* (খুলনা জেলার বাগেরহাট মহকুমার রামপাল থানার চান্দপাই ইউনিয়নস্থ গ্রামনাম।)
*কালিকাদেবীর আখ্যাযুক্ত গ্রামনাম।
কালিকাবাড়ী : কালিকাদেবীর পূজা-'স্থান' (=বাড়ী)। ৬ষ্ঠীতৎ। এখানে 'বাড়ী'-শব্দের প্রসারিত অর্থ : 'গ্রাম'।

১০১. কালিকাবাড়ী* (খুলনা জেলার বাগেরহাট মহকুমার রামপাল থানার ভোজপাতিয়া ইউনিয়নস্থ গ্রামনাম।)

*কালিকাদেবীর সংজ্ঞাযুক্ত গ্রামনাম।

১০২. কালিকাবাড়ী* (ঢাকা জেলার মানিকগঞ্জ মহকুমার দৌলতপুর থানার চক মিরপুর ইউনিয়নস্থ গ্রামনাম।)

*কালিকাদেবীর স্মৃতিবাহক গ্রামনাম।

১০৩. কালিকাবাড়ী* (দিনাজপুর জেলার দিনাজপুর সদর মহকুমার পার্বতীপুর থানার চণ্ডীপুর ইউনিয়নস্থ গ্রামনাম।)

*কালিকাদেবীর মহিমাজ্ঞাপক গ্রামনাম।

১০৪. কালিকাবাড়ী* (পটুয়াখালী জেলার বরগুণা মহকুমার বেতাগী থানার কাজিরাবাদ ইউনিয়নস্থ গ্রামনাম।)

*কালিকাদেবীর গৌরবসূচক গ্রামনাম।

১০৫. দক্ষিণ কালিকাবাড়ী* (পটুয়াখালী জেলার বরগুণা মহকুমার বেতাগী থানার সরিষামুড়ি ইউনিয়নস্থ গ্রামনাম।)

*কালিকাদেবীর আখ্যাযুক্ত গ্রামনাম।

দক্ষিণ কালিকাবাড়ী : দক্ষিণদিগ্‌বর্তী কালিকাবাড়ী।

১০৬. কালিকাবাড়ী* (পটুয়াখালী জেলার বরগুণা মহকুমার বামনা থানার বামনা ইউনিয়নস্থ গ্রামনাম।)

*কালিকাদেবীর স্মৃতিধারক গ্রামনাম।

১০৭. কালিকাবাড়ী* (ময়মনসিংহ জেলার কিশোরগঞ্জ মহকুমার কিশোরগঞ্জ থানার জসোদল ইউনিয়নস্থ গ্রামনাম।)

*কালিকাদেবীর সংজ্ঞাযুক্ত গ্রামনাম।

১০৮. কালিকাবাড়ী* (ময়মনসিংহ জেলার নেত্রকোণা মহকুমার দুর্গাপুর থানার দক্ষিণ মাইজপাড়া ইউনিয়নস্থ গ্রামনাম।)

*কালিকাদেবীর মহিমাদ্যোতক গ্রামনাম।

১০৯. কালিকাবাড়ী* (সিলেট জেলার মৌলভীবাজার মহকুমার বড়লেখা থানার উত্তর সাবাজপুর ইউনিয়নস্থ গ্রামনাম।)

*কালিকাদেবীর স্মৃতিযুক্ত গ্রামনাম।

**[আট] উপর্যুক্ত গ্রামনামাদি-বিষয়ক পর্যালোচনা :**

এ-অংশের 'পর্যালোচনা' তিনটি পর্যায়ে বিন্যস্ত ।

(১) 'কালী' ও 'কালিকা'-সংজ্ঞক গ্রামনামের জেলাভিত্তিক পরিসংখ্যান,

(২) 'কালী'-আখ্যার সহিত অপর কোনো দেবতা ও অবতারের সংজ্ঞাযুক্ত গ্রামনাম এবং

(৩) কালীউপাসকগণের স্মৃতিযুক্ত গ্রামনাম ।

(১) 'কালী' ও 'কালিকা'-সংজ্ঞক গ্রামনামের জেলাভিত্তিক পরিসংখ্যান :

'কালী'- আখ্যাযুক্ত গ্রামনামের হিসাব নিম্নরূপ :

কুমিল্লা ২১, কুষ্টিয়া ৭, খুলনা ৫, চট্টগ্রাম ০, টাঙ্গাইল ৫, ঢাকা ১২, দিনাজপুর ২, নোয়াখালী ৯, পটুয়াখালী ৮, পাবনা ৪, পার্বত্য চট্টগ্রাম ০, ফরিদপুর ১২, বগুড়া ০, বাখরগঞ্জ ১৩, ময়মনসিংহ ৮, যশোহর ১২, রংপুর ৬, রাজশাহী ২০ এবং সিলেট ২৪ ।

'কালিকা'-আখ্যাযুক্ত গ্রামনামের হিসাব নিম্নরূপ :

কুমিল্লা ১৮, কুষ্টিয়া ২, খুলনা ৯, চট্টগ্রাম ০, টাঙ্গাইল ১, ঢাকা ৬, দিনাজপুর ৫, নোয়াখালী ৮, পটুয়াখালী ৯, পাবনা ৭, পার্বত্য চট্টগ্রাম ০, ফরিদপুর ৪, বগুড়া ১, বাখরগঞ্জ ৬, ময়মনসিংহ ১১, যশোহর ১, রংপুর ৪, রাজশাহী ১১ এবং সিলেট ৬ ।

আবার 'কালী' ও 'কালিকা'- আখ্যাযুক্ত গ্রামনামের জেলাভিত্তিক হিসাব :

কুমিল্লা ৩৯, কুষ্টিয়া ৯, খুলনা ১৪, চট্টগ্রাম ০, টাঙ্গাইল ৬, ঢাকা ১৮, দিনাজপুর ৭, নোয়াখালী ১৭, পটুয়াখালী ১৭, পাবনা ১১, পার্বত্য চট্টগ্রাম ০, ফরিদপুর ১৬, বগুড়া ১, বাখরগঞ্জ ১৯, ময়মনসিংহ ১৯, যশোহর ১৩, রংপুর ১০, রাজশাহী ৩১ এবং সিলেট ৩০ ।

'কালী' ও 'কালিকা'-আখ্যাযুক্ত গ্রামনামের সংখ্যা সকল জেলায় একরকম নয় । এই বিবেচনায় জেলাসমূহের ক্রমিক অবস্থান :

কুমিল্লা ৩৯, রাজশাহী ৩১, সিলেট ৩০, বাখরগঞ্জ ১৯, ময়মনসিংহ ১৯, ঢাকা ১৮, নোয়াখালী ১৭, পটুয়াখালী ১৭, ফরিদপুর ১৬, খুলনা ১৪, যশোহর ১৩, পাবনা ১১, রংপুর ১০, কুষ্টিয়া ৯, দিনাজপুর ৭, টাঙ্গাইল ৬, বগুড়া ১, চট্টগ্রাম ০ এবং পার্বত্য চট্টগ্রাম ০ ।

দেখা যাচ্ছে : দশটি জেলায় 'কালী' ও 'কালিকা'- সম্পর্কিত গ্রামনামের সংখ্যা সমধিক । এসব জেলার নাম : কুমিল্লা, রাজশাহী, সিলেট, বাখরগঞ্জ, ময়মনসিংহ, ঢাকা, নোয়াখালী, পটুয়াখালী, ফরিদপুর ও খুলনা ।

(২) 'কালী'-আখ্যার সহিত অপর কোনো দেবতা বা অবতারের সংজ্ঞাযুক্ত গ্রামনাম ।

অ. কালীকৃষ্ণনগর* (কুমিল্লা জেলার কুমিল্লা সদর দক্ষিণ মহকুমার চৌদ্দগ্রাম থানার উজিরপুর ইউনিয়নস্থ গ্রামনাম),

*'কালীকৃষ্ণনগর'-গ্রামনামে আছে : 'কালীকৃষ্ণ'-সমস্ত পদ।

এ'সমস্তপদ'-টির সমস্যমান পদ দুটি : কালী, কৃষ্ণ। এ-'সমস্তপদ'-টির 'অর্থ' এবং 'ব্যাসবাক্য' : 'কালী ও কৃষ্ণ'। কালীকৃষ্ণ-এই সমাসের পূর্বপদ 'কালী' ও উত্তরপদ 'কৃষ্ণ'। (এটি দ্বন্দ্ব সমাস। দ্বন্দ্ব সমাসে সমস্যমান পদগুলোর প্রতিটির অর্থই সমান প্রাধান্য পায়।)

এগ্রামনামের উল্লিখিত ক্রমিকসংখ্যা : কালী-১৫।

আ. কালীকৃষ্ণনগর* (কুমিল্লা জেলার কুমিল্লা সদর দক্ষিণ মহকুমার চৌদ্দগ্রাম থানার কালিকাপুর ইউনিয়নস্থ গ্রামনাম),

*'কালীকৃষ্ণনগর'-গ্রামনামে আছে : 'কালীকৃষ্ণ'-সমস্তপদ। এ-সমস্তপদের অর্থ ও ব্যাসবাক্য : 'কালী' ও 'কৃষ্ণ'। (এখানে আছে 'কালীদেবী' ও 'শ্রীকৃষ্ণ'-এর নাম।)

এগ্রামনামের উল্লিখিত ক্রমিকসংখ্যা : কালী-১৬।

ই. কালীকৃষ্ণনগর* (কুমিল্লা জেলার কুমিল্লা সদর দক্ষিণ মহকুমার বুড়ীচঙ্গ থানার বকশিমুল ইউনিয়নস্থ গ্রামনাম),

*'কালীকৃষ্ণনগর'-গ্রামনামে আছে : 'কালীকৃষ্ণ'-সমস্তপদ। এ-'সমস্তপদ' কালীদেবী ও শ্রীকৃষ্ণের আখ্যাযুক্ত।

এগ্রামনামের উল্লিখিত ক্রমিকসংখ্যা : কালী-১৭।

ঈ. কালীকৃষ্ণনগর* (নোয়াখালী জেলার ফেনী মহকুমার পরশুরাম থানার মির্জানগর ইউনিয়নস্থ গ্রামনাম),

*'কালীকৃষ্ণনগর'-গ্রামনামে আছে : 'কালীকৃষ্ণ'-সমস্তপদ। এ-'সমস্তপদ' কালীদেবী ও শ্রীকৃষ্ণের আখ্যাযুক্ত।

এগ্রামনামের উল্লিখিত ক্রমিকসংখ্যা : কালী-১৮।

উ. কালিকৃষ্ণপুর* (সিলেট জেলার সিলেট সদর মহকুমার গোলাপগঞ্জ থানার দক্ষিণ বাদপাশা ইউনিয়নস্থ গ্রামনাম),

*'কালিকৃষ্ণপুর'-গ্রামনামে আছে : 'কালিকৃষ্ণ'-সমস্তপদ। এ-'সমস্তপদ' কালীদেবী ও শ্রীকৃষ্ণের স্মৃতিবাহক।

এগ্রামনামের উল্লিখিত ক্রমিকসংখ্যা : কালী-১৯।

ঊ. কালীশঙ্কর* (বাখরগঞ্জ জেলার ঝালকাটি মহকুমার কাঁঠালিয়া থানার চেচরী রামপুর ইউনিয়নস্থ গ্রামনাম),

*'কালীশঙ্কর'-গ্রামনামে আছে : 'কালীশঙ্কর'-সমস্তপদ। এ-'সমস্তপদ'-এর অর্থ ও ব্যাসবাক্য : 'কালী' ও 'শঙ্কর'। এ-'সমস্তপদ' কালীদেবী ও 'শঙ্কর' (=শিব)-এর স্মৃতিধারক।

এগ্রামনামের উল্লিখিত ক্রমিকসংখ্যা : কালী-১৫৪।

ঋ. কালিশঙ্করপুর* (কুষ্টিয়া জেলার কুষ্টিয়া সদর মহকুমার কুষ্টিয়া থানার খালিসচরপুর ইউনিয়নস্থ গ্রামনাম),

*'কালিশঙ্করপুর'-গ্রামনামে আছে : 'কালিশঙ্কর'-সমস্তপদ। (এ-সমাস দ্বন্দ্বসমাস-শ্রেণিভুক্ত।) 'কালিশঙ্কর'-সমস্তপদের অর্থ ও ব্যাসবাক্য : 'কালি' (কালী) ও 'শঙ্কর'। এ-সমস্তপদ 'কালীদেবী' ও 'শঙ্কর' (=শিব)-এর স্মৃতিসংবলিত।

এগ্রামনামের উল্লিখিত ক্রমিকসংখ্যা : কালী-১৫৫।

এ. চর কালীশঙ্করপুর* (ফরিদপুর জেলার ফরিদপুর সদর মহকুমার বোয়ালমারী থানার বানা ইউনিয়নস্থ গ্রামনাম),

*'চর কালীশঙ্করপুর'-গ্রামনামে আছে : 'কালীশঙ্কর'-সমস্তপদ। 'কালীশঙ্কর'-সমস্তপদের অর্থ ও ব্যাসবাক্য : কালী ও শঙ্কর। এ-'সমস্তপদ' কালীদেবী ও 'শঙ্কর' (=শিব)-এর আখ্যাযুক্ত।

এগ্রামনামের উল্লিখিত ক্রমিকসংখ্যা : কালী-১৫৬।

ঐ. কালীশঙ্করপুর* (যশোহর জেলার মাগুরা মহকুমার মাগুরা থানার রাঘবদাড়ি ইউনিয়নস্থ গ্রামনাম),

*'কালীশঙ্করপুর'-গ্রামনামে আছে : 'কালীশঙ্কর'-সমস্তপদ। 'কালীশঙ্কর'-সমস্তপদের অর্থ ও ব্যাসবাক্য : কালী ও শঙ্কর। এ-'সমস্তপদ' কালীদেবী ও শঙ্কর-এর স্মৃতিধারক।

এগ্রামনামের উল্লিখিত ক্রমিকসংখ্যা : কালী-১৫৭।

ও. কালিশঙ্করপুর* (যশোহর জেলার মাগুরা মহকুমার মোহাম্মদপুর থানার পলাশবাড়িয়া ইউনিয়নস্থ গ্রামনাম),

*'কালিশঙ্করপুর'-গ্রামনামে আছে : 'কালিশঙ্কর'-সমস্তপদ। 'কালিশঙ্কর'-সমস্তপদের অর্থ ও ব্যাসবাক্য : কালি (কালী) ও শঙ্কর। এ-সমস্তপদ 'কালীদেবী' ও 'শঙ্কর'-এর স্মৃতিবাহক।

এগ্রামনামের উল্লিখিত ক্রমিকসংখ্যা : কালী-১৫৮।

ঔ. কালীহর কান্দা* (ময়মনসিংহ জেলার নেত্রকোণা মহকুমার পূর্বধলা থানার হোগলা ইউনিয়নস্থ গ্রামনাম),

*'কালীহর কান্দা'-গ্রামনামে আছে : 'কালীহর'-সমস্তপদ। 'কালীহর'-সমস্তপদের অর্থ ও ব্যাসবাক্য : 'কালী' ও 'হর' (=শিব)। এ-'সমস্তপদ' কালীদেবী ও 'হর'(=শিব)-এর আখ্যাযুক্ত।

এগ্রামনামের উল্লিখিত ক্রমিকসংখ্যা : কালী-১৬৬।

(৩) কালীউপাসকগণের স্মৃতিযুক্ত গ্রামনাম।

ক. কালীকিঙ্করপুর* (কুমিল্লা জেলার কুমিল্লা সদর দক্ষিণ মহকুমার কোতোয়ালী থানার চৌয়ারা ইউনিয়নস্থ গ্রামনাম),

*'কালীকিঙ্করপুর'-গ্রামনামে আছে : 'কালীকিঙ্কর'-সমস্তপদ। এর অর্থ ও ব্যাসবাক্য : কালীর 'কিঙ্কর'(=দাস=উপাসক), ষষ্ঠীতৎপুরুষ সমাস। (ষষ্ঠীতৎপুরুষ সমাস বা সম্বন্ধ তৎপুরুষ সমাসে পূর্বপদ উত্তরপদের সম্বন্ধপদস্থানীয় হয়।)

এগ্রামনামের উল্লিখিত ক্রমিকসংখ্যা : কালী-১২।

খ. কালির তবক* (পটুয়াখালী জেলার বরগুণা মহকুমার বরগুণা থানার বরগুণা ইউনিয়নস্থ গ্রামনাম),

*'কালির তবক'-গ্রামনামে আছে : 'কালির তবক'-সমস্তপদ। এর অর্থ ও ব্যাসবাক্য : কালীর 'তবক' (=স্তুতিপাঠক= পূজক), ষষ্ঠীতৎপুরুষ সমাস।

'কালির তবক'-এর বিশদ অর্থ : কালীদেবীর 'তবক' (=পূজয়িতা, বন্দনাকারী, পূজক; সং. স্তবক)। 'শব্দবোধ অভিধান'-এ আছে : সং. স্তবক= স্তবকারক।

[√ স্তু+অচ্ কর্তৃ + কন্ স্বার্থে = স্তবক। বিণ.]।

এগ্রামনামের উল্লিখিত ক্রমিকসংখ্যা : কালী-৬৭।

গ. কালিদাস* (টাঙ্গাইল জেলার বাসাইল থানার যাদবপুর ইউনিয়নস্থ গ্রামনাম),

*'কালিদাস' -গ্রামনামে আছে : 'কালিদাস'-শব্দ। এর অর্থ ও ব্যাসবাক্য : কালীর 'দাস' (=ভৃত্য; উপাসক), ষষ্ঠীতৎপুরুষ সমাস।

এগ্রামনামের উল্লিখিত ক্রমিকসংখ্যা : কালী-৬৯।

ঘ. চর কালিদাস জগৎ* (নোয়াখালী জেলার ফেনী মহকুমার ফেনী থানার ফরহাদনগর ইউনিয়নস্থ গ্রামনাম),

*'চর কালিদাস জগৎ'-গ্রামনামে আছে : 'কালিদাস'-শব্দ। এর অর্থ : কালীউপাসক।

এগ্রামনামের উল্লিখিত ক্রমিকসংখ্যা : কালী-৭০।

ঙ. দক্ষিণ কালিদাসের বাগ* (নোয়াখালী জেলার নোয়াখালী সদর মহকুমার লক্ষ্মীপুর থানার উত্তর জয়পুর ইউনিয়নস্থ গ্রামনাম),

*'দক্ষিণ কালিদাসের বাগ'-গ্রামনামে আছে : 'কালিদাস'-শব্দ। এর অর্থ : কালীপূজক।

এগ্রামনামের উল্লিখিত ক্রমিকসংখ্যা : কালী-৭১।

চ. কালিদাসের বাগ* (নোয়াখালী জেলার নোয়াখালী সদর মহকুমার লক্ষ্মীপুর থানার হাজিরপাড়া ইউনিয়নস্থ গ্রামনাম),

*'কালিদাসের বাগ'-গ্রামনামে আছে : 'কালিদাস'-শব্দ। এর অর্থ : কালীসেবক।

এগ্রামনামের উল্লিখিত ক্রমিকসংখ্যা : কালী-৭২।

ছ. চর কালিদাস* (বাখরগঞ্জ জেলার ভোলা মহকুমার লালমোহন থানার কলমা ইউনিয়নস্থ গ্রামনাম),

*'চর কালিদাস'-গ্রামনামে আছে : 'কালিদাস'-শব্দ। এর অর্থ : কালীউপাসক।

এগ্রামনামের উল্লিখিত ক্রমিকসংখ্যা : কালী-৭৩।

জ. চর কালিদাস* (সিলেট জেলার সুনামগঞ্জ মহকুমার ছাতক থানার দেওকাপন ইউনিয়নস্থ গ্রামনাম),

*'চর কালিদাস'-গ্রামনামে আছে : 'কালিদাস'-শব্দ। এর অর্থ : কালীপূজক।

এগ্রামনামের উল্লিখিত ক্রমিকসংখ্যা : কালী-৭৪।

ঝ. কালিদাস খালি* (রাজশাহী জেলার রাজশাহী সদর মহকুমার চারঘাট থানার চরগারী ইউনিয়নস্থ গ্রামনাম),

*'কালিদাস খালি'-গ্রামনামে আছে : 'কালিদাস'-শব্দ। এর অর্থ : কালীসেবক।

এগ্রামনামের উল্লিখিত ক্রমিকসংখ্যা : কালী-৭৫।

ঞ. কালিদাস গাঁতি* (পাবনা জেলার সিরাজগঞ্জ মহকুমার সিরাজগঞ্জ থানার বহুলী ইউনিয়নস্থ গ্রামনাম),

*'কালিদাস গাঁতি'-গ্রামনামে আছে : 'কালিদাস'-শব্দ। এর অর্থ : কালীউপাসক।

এগ্রামনামের উল্লিখিত ক্রমিকসংখ্যা : কালী-৭৬।

ট. কালিদাস টেকা* (সিলেট জেলার হবিগঞ্জ মহকুমার বানিয়াচঙ্গ থানার বানিয়াচঙ্গ দক্ষিণপূর্ব ইউনিয়নস্থ গ্রামনাম),

*'কালিদাস টেকা'-গ্রামনামে আছে : 'কালিদাস'-শব্দ। এর অর্থ : কালীপূজক।

এগ্রামনামের উল্লিখিত ক্রমিকসংখ্যা : কালী-৭৭।

ঠ. কালিদাস নীলী* (পাবনা জেলার সিরাজগঞ্জ মহকুমার তারাশ থানার নওগাঁও ইউনিয়নস্থ গ্রামনাম),

*'কালিদাস নীলী'-গ্রামনামে আছে : 'কালিদাস'-শব্দ। এর অর্থ : কালীসেবক।

এগ্রামনামের উল্লিখিত ক্রমিকসংখ্যা : কালী-৭৮।

ড. কালিদাসপড়া* (সিলেট জেলার সুনামগঞ্জ মহকুমার ছাতক থানার সইলা-আফজালাবাদ ইউনিয়নস্থ গ্রামনাম),

*'কালিদাসপাড়া'-গ্রামনামে আছে : 'কালিদাস'-শব্দ। এর অর্থ : কালীউপাসক।

এগ্রামনামের উল্লিখিত ক্রমিকসংখ্যা : কালী-৭৯।

ঢ. কালিদাসপুর* (কুষ্টিয়া জেলার চুয়াডাঙ্গা মহকুমার দামুরহুদা থানার দর্শনা ইউনিয়নস্থ গ্রামনাম),

*'কালিদাসপুর'-গ্রামনামে আছে : 'কালিদাস'-শব্দ। এর অর্থ : কালীপূজক।

এগ্রামনামের উল্লিখিত ক্রমিকসংখ্যা : কালী-৮০।

ণ. কালিদাসপুর* (কুষ্টিয়া জেলার কুষ্টিয়া সদর মহকুমার মীরপুর থানার আমবাড়িয়া ইউনিয়নস্থ গ্রামনাম),

*'কালিদাসপুর'-গ্রামনামে আছে : 'কালিদাস'-শব্দ। এর অর্থ : কালীসেবক।

এগ্রামনামের উল্লিখিত ক্রমিকসংখ্যা : কালী-৮১।

ত. কালিদাসপুর* (কুষ্টিয়া জেলার কুষ্টিয়া সদর মহকুমার মীরপুর থানার কালিদাসপুর ইউনিয়নস্থ গ্রামনাম),

*'কালিদাসপুর'-গ্রামনামে আছে : 'কালিদাস'-শব্দ। এর অর্থ : কালীউপাসক।

এগ্রামনামের উল্লিখিত ক্রমিকসংখ্যা : কালী-৮২।

থ. কালিদাসপুর* (খুলনা জেলার খুলনা সদর মহকুমার পাইকগাছা থানার চান্দখালী ইউনিয়নস্থ গ্রামনাম),

*'কালিদাসপুর'-গ্রামনামে আছে : 'কালিদাস'-শব্দ। এর অর্থ : কালীপূজক।

এগ্রামনামের উল্লিখিত ক্রমিকসংখ্যা : কালী-৮৩।

দ. কালিদাসপুর* (রাজশাহী জেলার রাজশাহী সদর মহকুমার গোদাগারী থানার ঋষিকুল ইউনিয়নস্থ গ্রামনাম),

*'কালিদাসপুর'-গ্রামনামে আছে : 'কালিদাস'-শব্দ। এর অর্থ : কালীসেবক।

এগ্রামনামের উল্লিখিত ক্রমিকসংখ্যা : কালী-৮৪।

**[নয়] কথাশেষ :**

বাংলাদেশের গ্রামনামসূহ নানাপ্রভেদসমন্বিত। দেবদেবী-আখ্যাযুক্ত গ্রামনামও এখানে প্রচুর। আধুনিক বরগুণা জেলার পাথরঘাটা থানার আজিজাবাদ ডাকঘর-সন্নিহিত 'কালীপুর'-গ্রামনাম কালীদেবীর সংজ্ঞাযুক্ত। এ-গ্রামনামও বিভিন্ন কারণে অসামান্য। গ্রামনামটি সম্পর্কে তাই বিস্তৃত আলোচনার সুযোগ রয়েছে। এগ্রামনামের সম্যক্ পরিচয় উপলব্ধি করতে গিয়ে আমরা এদেশের বহুসংখ্যক গ্রামনামের সঙ্গে সংযোগ স্থাপন করেছি। এসব গ্রামনামের মধ্যে বিশেষভাবে রয়েছে কালী ও কালিকাদেবীর আখ্যাযুক্ত গ্রামনামসমূহ।

আমরা অবহিত হয়েছি : বাংলাদেশের নানা জেলায় 'কালী' বা 'কালিকা'- সংজ্ঞক ২৭৭টি গ্রামনাম রয়েছে। এসব গ্রামনামের জেলাভিত্তিক পরিসংখ্যান নির্দেশ করে : পূর্বকালে কুমিল্লা, রাজশাহী, সিলেট, বাখরগঞ্জ, ময়মনসিংহ, ঢাকা, নোয়াখালী, পটুয়াখালী প্রভৃতি জেলায় কালী বা কালিকাদেবী সবিশেষ পূজিত হতেন। (বাংলাদেশের পুরোনো উনিশটি জেলার মধ্যে কেবল চট্টগ্রাম ও পার্বত্য চট্টগ্রাম জেলায় 'কালী' বা 'কালিকা'-সংজ্ঞাযুক্ত কোনো গ্রামনাম নেই।)

কতিপয় গ্রামনামে, কালীদেবীর আখ্যার সঙ্গে, শঙ্কর (=শিব) ও শ্রীকৃষ্ণের নামের যোগও লক্ষ করা যায়। কালীদেবী শঙ্করগৃহিণী (=শিবপত্নী)। সেজন্য কালীদেবীর নামের সঙ্গে 'শঙ্কর'-আখ্যার সংযোগ স্বাভাবিক কারণেই ঘটেছিল, একথা বলা যায়। তবে 'কালী'-নামের সঙ্গে 'কৃষ্ণ'-আখ্যার সমন্বয় অন্য কারণে সাধিত হয়েছিল। প্রসঙ্গত স্মরণ করা যায় : শ্যামাসঙ্গীতে মত-সমন্বয়ের সুরও ছিল। শ্যাম (=কৃষ্ণ) ও শ্যামা (=কালী)-যে অভিন্ন তাও 'তাঁরা'(=শাক্তপদাবলী-রচয়িতাগণ) উপলব্ধি করেছেন। রামপ্রসাদের শ্যামাসঙ্গীতে আছে :

"কালী হলি মা রাসবিহারী* নটবরবেশে বৃন্দাবনে।"

*রাসবিহারী= শ্রীকৃষ্ণ।

এখানে এও উল্লেখ করা যায় : কালীউপাসকের স্মৃতিযুক্ত গ্রামনামও এদেশে আছে। সামাজিক ব্যক্তিগণ বিপদেআপদে কালীদেবীকে স্মরণ করতেন। তাঁর সহানুভূতি ও সহায়তা পাবার আশায় বিপন্ন লোকেরা পূজা-অর্চনা করেছেন। সেজন্য তাঁর 'রক্ষাকালী'-নাম। ডাকাতগণও কালীদেবীকে, আনুকূল্য লাভের আশায়, একাগ্রচিত্তে স্মরণ করেছেন। সেহেতু তাঁর বিশিষ্ট নাম : 'ডাকাতে কালী'।

বাংলাদেশের ২৭৭টি গ্রামনামে 'কালী' ও 'কালিকা'-আখ্যা নিরন্তর নানাভাবে উচ্চারিত হচ্ছে।[১৬] বাংলার সমাজ-সংস্কৃতি ও ইতিহাসে 'কালী' তথা 'কালিকা'-দেবী, কেবল এ-'পদ্ধতি'-ক্রমেই, চিরায়ুষ্মতী থাকবেন। সংশ্লিষ্ট গ্রামবাসীরাও চলমান এ-'মঙ্গলোৎসব'-এ নিয়ত অংশগ্রহণ করে যাচ্ছেন।

**[দশ] তথ্যপঞ্জি :**

১. স্মরণীয় :

“ভৌগোলিক অবস্থানের কারণে মুসলমানযুগে (১২০৪-১৭৫৭ খ্রিষ্টাব্দে) এ-অঞ্চলে (=পূর্ববাংলায়) বহু জাতি ও সংস্কৃতির এক ব্যাপক মিশ্রণ ঘটে, যার তুলনা সম্ভবত ভারতের অন্য কোনোখানে নেই। এ-এলাকায় শিরা-উপশিরার মতো অভ্যন্তরীণ নৌপথের বিস্তৃতি এবং গঙ্গা-ব্রহ্মপুত্র সমুদ্রপথ এখানে মিলিত হয়েছে। ফলে উত্তর ও পূর্ব থেকে মঙ্গোল, ইসলামিক পশ্চিম থেকে আরব, তুর্কি, আফগান, পারসি, ‘আবিসিনিয়ান’ (=আবিসিনিয়ার লোক)*, পাঞ্জাবি ক্ষত্রিয়, হিন্দুস্থানি লেখক, রাজপুত যোদ্ধা এবং পর্তুগিজ ব্যবসায়ী ও জলদস্যুদের অনেকেই এমাটিতে শিকড় গেড়েছেন।”

*পূর্ব আফ্রিকার একটি দেশ ‘আবিসিনিয়া’। এর প্রাচীন ও বর্তমান নাম : ‘ইথিওপিয়া’। এদেশের অধিবাসীদের ‘হাবসী’ বলা হয়।

[দ্রষ্টব্য : ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৩৬ খ্রিষ্টাব্দের সমাবর্তন-অনুষ্ঠানে প্রদত্ত ‘প্রখ্যাত ঐতিহাসিক’ স্যার যদুনাথ সরকারের ভাষণ।]

২. ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এ-‘কালীপুর’-গ্রামের অধিবাসী। আমরা তাঁর ‘সংক্ষিপ্ত জীবনবৃত্তান্ত’ থেকে এ-গ্রামবিষয়ক তথ্যাদি সঙ্কলন করেছি। তবে এপ্রবন্ধের অপরাপর স্থাননাম-বিষয়ক তথ্য সংগ্রহ করা হয়েছে আর-একটি গ্রন্থ থেকে। এগ্রন্থের নাম ‘গ্রামজনসংখ্যাপরিসংখ্যান’। বাংলাদেশ সরকারের পরিকল্পনামন্ত্রণালয়ের অন্তর্গত প্রতিষ্ঠান ‘বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো’, ১৯৭৭ খ্রিষ্টাব্দে, এগ্রন্থটি ঢাকা থেকে প্রকাশ করে।

৩. প্রণিধানযোগ্য :

“শক্তিদেবীর অনেক রূপ এবং তার অনেক মূল। কোন কোন মূলের, শিবকাহিনীর সঙ্গে, কোনই সম্পর্ক ছিল না। গৌরী দুর্গা চণ্ডী চর্চিকা (চর্চা) কালরাত্রি (কালী)-ইত্যাদি দেবী যা পূর্বে অল্পবিস্তর স্বতন্ত্র ছিল তা দশম-একাদশ শতাব্দীতে শিবগৃহিণীর বিচিত্র রূপ বলে গৃহীত হয়েছিল।... কালরাত্রি (বা কালী) ভৈরবের সঙ্গিনী, যেমন গৌরী শিবের।”

[দ্র. ড. সুকুমার সেনপ্রণীত ‘বঙ্গভূমিকা (খ্রীষ্টপূর্ব ৩০০-১২৫০ খ্রীষ্টপর), পৃ ১৭৯।]

৪. কালিকা : [কাল (কৃষ্ণবর্ণ) + ইক (ঠন্) অস্ত্যর্থে; স্ত্রী কালিকা]।

কালিকা স্ত্রী [কালিক + স্ত্রী আ (টাপ্)]। মহাবিদ্যাবিশেষ, কালী।

(স্ত্রী= স্ত্রীলিঙ্গ। সংস্কৃত শব্দ)

[দ্র. হরিচরণ বন্দ্যোপাধ্যায়-সঙ্কলিত ‘বঙ্গীয় শব্দকোষ’।]

৫.বিবেচনীয় :

কালরাত্রির নামান্তর যে-কালীর সে ঠিক কালিদাসের উল্লিখিত কালী নয়। কুমারসম্ভবে শিবের বরযাত্রার বর্ণনায় কালিদাস কালীকে বরযাত্রী শিবগণের মধ্যে ধরেছেন। 'কালী কপালাভরণা চকাশে' (অর্থাৎ নরাস্থিভূষণা কালীকে বেশ দেখাচ্ছিল)। এখানে কালী ভৈরব-শিবের ভার্যা নয়, বিপত্নীক শিবের পরিচারিকা মাত্র। এখনকার কালীকল্পনা আগেকার কালরাত্রি-কালী কল্পনা থেকে অনেকটা পৃথক্। উমাপতিধরের নিম্নোক্ত শ্লোক থেকে তা প্রতিপন্ন হবে।

(মূল সংস্কৃত শ্লোক):

"সদ্যঃপ্রধ্বস্তদেবাসুর সরস শিরঃশ্রেণি শোণারবিন্দ-
স্রগ্ দামানদ্ধ মূর্তের্ঘন রুধিরকণাক্লিন্ন চর্মাংশুকস্য।
নিষ্পর্যায় ত্রিলোকীভব কবল রস ব্যাত্ত বক্ত্রস্য জীয়াদ্
আনন্দঃ কালরাত্রী কুচকলস পরীরম্ভিণো ভৈরবস্য॥"

(বঙ্গানুবাদ) :

'সদ্য নিহত দেব ও অসুরের আর্দ্র মুণ্ডের রক্তকমল-মালাধারী, ঘন রুধিরকণায় সিক্ত চর্মাম্বরপরিহিত, ত্রিভুবনের জীব জীবন-রস যথেচ্ছ গ্রাসকাজে যাঁর মুখ হাঁ করা, কালরাত্রির কুচকুম্ভ আলিঙ্গনকারী সে ভৈরবের আনন্দ জয়ী হোক॥'

[দ্র. ড. সুকুমারসেনপ্রণীত 'বঙ্গভূমিকা (খ্রীষ্টপূর্ব ৩০০-১২৫০ খ্রীষ্টপর), পৃ ১৮২।]

৬. মার্কণ্ডেয়পুরাণে আছে :

"ততঃ কোপং চকারোচ্চৈরম্বিকা তানরীন্ প্রতি।
কোপেন চাস্যা বদনং মসীবর্ণমভূত্তদা॥
ভ্রূকুটীকুটিলাত্তস্যা ললাটফলকাদ্ দ্রুতং।
কালী করালবদনা বিনিষ্ক্রান্তাসিধারিণী॥"

এপ্রসঙ্গে 'কালী'-শব্দের ব্যুৎপত্তি স্মরণ করা যায় :

সং. কাল (রুদ্র=শিব=সংহারক)+ঈ (স্ত্রীলিঙ্গে)= কালী (সংহারকর্ত্রী)।

৭. 'তন্ত্র'-এ উগ্রকালী, গুহ্যকালী, চামুণ্ডাকালী, দক্ষিণাকালী, ভদ্রকালী, মহাকালী, শ্মশানকালী+ও সিদ্ধকালী : এই অষ্টবিধ কালীমূর্তির পূজাবিধি আছে। এছাড়া জয়কালী, মনস্কামনা কালী ইত্যাদি বহু কালীমূর্তি কল্পিত হয়েছে।

+শ্মশানকালী : (স্ত্রীলিঙ্গ। সংস্কৃতশব্দ)। শ্মশানস্থিতা কালী; কালিকাবিশেষ। (বঙ্গীয় শব্দকোষ)।

৮. আদ্যাশক্তি : আদ্যা + শক্তি। আদিদেবের শক্তি; নারায়ণী, মহামায়া।
আদ্যা : [আদ্য + স্ত্রী আ (টাপ্)]। 'আদিভবা', দুর্গা।
শক্তি : পত্নীরূপা দেবকার্যকারিণী শক্তি বা দেবী।
অষ্টশক্তির নাম : ইন্দ্রাণী, বৈষ্ণবী, ব্রাহ্মণী, নারসিংহী, বারাহী, মাহেশ্বরী, ভৈরবী ও কৌমারী। (বঙ্গীয় শব্দকোষ)।
স্মরণীয় : আদ্যা কালী : যিনি আদ্যা ও কালী; পরমপ্রকৃতি।

৯. নজরুল ইসলামের 'রাঙাজবা'-সঙ্গীতগ্রন্থের একটি গানে 'রক্ষাকালী'-র উল্লেখ রয়েছেঃ

"রক্ষা-কালীর রক্ষা-কবচ আছে আমায় ঘিরে।
মায়ের পায়ের ফুল কুড়িয়ে বেঁধেছি মোর শিরে॥
মার চরণামৃত খেয়ে
অমৃতে প্রাণ আছে ছেয়ে,
দুঃখ-অভাব ভাবনার ভার
দিয়েছি মা ভবানীরে॥..."

[দ্র. নজরুল-রচনাবলী (৩য় খণ্ড), পৃ ১৬১।]

১০. কাজী নজরুল ইসলামের 'রাঙাজবা'- সঙ্গীতগ্রন্থের অপর একটি গানে 'ডাকাত কালী'-র বিস্তৃত বন্দনা লক্ষ করা যায় :

"আয় মা ডাকাত কালী আমার ঘরে কর ডাকাতি।
যা আছে সব কিছু মোর লুটে নে মা রাতারাতি ॥
আয় মা মশাল জ্বেলে ডাকাত ছেলে ভৈরবদের করে সাথী;
জমেছে ভবের ঘরে অনেক টাকা যশঃ খ্যাতি।
কেড়ে মোর ঘরের চাবি নে মা সবই পুত্রকন্যা স্বজন জ্ঞাতি ॥..."

[দ্র. নজরুল-রচনাবলী (৩য় খণ্ড), পৃ ১৭৯-১৮০।]

১১. স্মরণযোগ্য :

চোরগণ চুরি করতে গিয়ে 'কালী' বা 'কালিকা'-দেবীর সহায়তা পান বলে লোকের বিশ্বাস। ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল'-কাব্যস্থিত 'কালিকামঙ্গল (বিদ্যাসুন্দর)'-অংশে একথার প্রমাণ মেলে। নায়ক সুন্দর নায়িকা বিদ্যার দুর্ভেদ্য অন্দরমহলে প্রবেশ করতে পেরেছিল কালী বা কালিকাদেবীর সহায়তালাভের মাধ্যমে।

"সুন্দর উপায় কিছু না পান ভাবিয়া।
যাইব বিদ্যার ঘরে কেমন করিয়া ॥

কোটাল দুরন্ত থানা দুয়ারে দুয়ারে।
পাখি এড়াইতে নারে মানুষে কি পারে ॥
আকাশ পাতাল ভাবি না পেয়ে উপায়।
কালীর চরণ ভাবি বসিলা পূজায় ॥
মনোনীত মালিনী যোগায় উপহার।
পূজা সমাপিয়া স্তুতি করয়ে কুমার ॥
কালের কামিনী কালী কপালমালিকা।
কাতর কিঙ্করে কৃপা কর গো কালিকা ॥...
স্তবে তুষ্টা ভগবতী প্রসন্না হইয়া।
সন্ধি কাটিবারে দিলা উপায় করিয়া ॥
তাম্রপত্রে সন্ধিমন্ত্র বিশেষ লিখিয়া।
শূন্য হৈতে সিঁদকাঠি দিলা ফেলাইয়া ॥
পূজা করি সিঁদকাঠি লইলেন রায়।
মন্ত্র পড়ি ফুঁক দিয়া মাটিতে ভেজায় ॥
অরে অরে কাঠি তোরে বিশাই গড়িল।
সিঁধকাঠি বিঁধ কর কালিকা কহিল ॥...
কালিকার প্রভাবে মন্ত্রের দেখ রঙ্গ।
মালিনী বিদ্যার ঘরে হইল সুড়ঙ্গ ॥...
সুন্দরের চোর নাম তাই সে হইল।
অন্নদামঙ্গল দ্বিজ ভারত রচিল ॥"
(ভারতচন্দ্রগ্রন্থাবলী, পৃ ১৯৯-২০০)

[দ্র. ভারতচন্দ্র রায়গুণাকরপ্রণীত 'ভারতচন্দ্রগ্রন্থাবলী (অন্নদামঙ্গলসহ)', সম্পাদক : ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ও সজনীকান্ত দাস, বঙ্গীয় সাহিত্যপরিষৎ, কলিকাতা, ১৯৪২-৪৩ খ্রি.।]

১২. অবধানযোগ্য :

মঙ্গলকাব্যগুলোর সূচনাকাল হতে দীর্ঘদিন ধর্মঠাকুর, শিব, মনসা, বিষহরি, মঙ্গলচণ্ডী প্রভৃতি লৌকিক দেবতারাই (বহুক্ষেত্রেই অনার্য) প্রাধান্যলাভ করেছিলেন। কিন্তু পরবর্তী কালে এই কাব্যগুলোর রচনাপদ্ধতি অপেক্ষাকৃত শিক্ষিত ও মার্জিতরুচি কবিদের হাতে পড়ে পুরাণানুগ হওয়ার সঙ্গে সঙ্গে পুরাণের দেবতারাই লৌকিক দেবতাদের স্থানে প্রতিষ্ঠিত হতে লাগলেন। কালিকামঙ্গল, অন্নদামঙ্গল, দুর্গামঙ্গল, ভবানীমঙ্গল, গঙ্গামঙ্গল প্রভৃতি এই পরবর্তী কালের রচনা।

ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল'-কাব্য আঠারশতকের মধ্যভাগে রচিত হয়। এই কাব্যের মধ্যের অংশ 'বিদ্যাসুন্দরের কাহিনি'-ভিত্তিক। (এখানকার বিদ্যাসুন্দর-কাহিনির বিস্তার : 'রাজা মানসিংহের বাঙ্গালায় আগমন' হতে শুরু করে 'বিদ্যাসহ সুন্দরের স্বদেশযাত্রা' পর্যন্ত।) ভারতন্দ্রের পূর্বে ও পরে বাংলাদেশের একাধিক কবি এই কাহিনিকে অথবা অনুরূপ কোনো কাহিনিকে স্বতন্ত্র মঙ্গলকাব্যের বিষয় করেছেন। এগুলোকে 'কালিকামঙ্গল'-আখ্যায় আখ্যাত করা যায়। এগুলোতে দেবী কালিকার মাহাত্ম্যকীর্তন নিতান্ত গৌণ, আসলে বিদ্যা ও সুন্দরের সুড়ঙ্গভেদী প্রণয়কাহিনিই কবির মুখ্য অবলম্বন। এই কাহিনির মূল যে প্রাচীন সংস্কৃত কাব্য হতে গৃহীত, তাতে কোনও সন্দেহ নেই। [দ্র. ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ও সজনীকান্ত দাস-সম্পাদিত 'ভারতচন্দ্র-গ্রন্থাবলী', 'ভূমিকা'-অংশ, পৃ ৭-৮ ।]

১৩. স্মরণার্হ :

শ্যামাসঙ্গীত বা শাক্তপদাবলী* মধ্যযুগের বাংলা গীতিকবিতার একটি প্রসিদ্ধ শাখা। কতিপয় শাক্তপদ থেকে এখানে কিছু উদ্ধৃতি দেওয়া যায়।

*শাক্তপদাবলী : শাক্ত+পদাবলী। শাক্ত : শক্তিদেবীসম্বন্ধী; দুর্গা, কালী, জগদ্ধাত্রী প্রভৃতি শিবশক্তি-সম্পর্কিত। [শক্তি+অ (অণ্)]। পদাবলী : গীতিকবিতার সমষ্টি। [পদ+আবলী]। শাক্তপদাবলী : শাক্তভক্তরচিত গানসমূহ।

ক. মনরে তোর এত ভাবনা কেনে!
এবার কালী বলে বস্‌রে ধ্যানে।...
আলো চাল আর পাকা কলা, কাজ কিরে তোর আয়োজনে?
তুমি ভক্তি-সুধা খাইয়ে তাঁরে, তৃপ্ত কর আপন মনে ॥...
মেষ-ছাগল-মহিষাদি কাজ কিরে তোর বলিদানে,
তুমি, 'জয়কালী' 'জয়কালী' বলে, বলি দেও ষড়্ রিপুগণে ॥
প্রসাদ বলে ঢাক ঢোল, কাজ কিরে তোর সে বাজনে?
তুমি 'জয়কালী' বলি দেও করতালি, মন রাখ সেই শ্রীচরণে ॥
(দ্র. মধ্যযুগের বাঙলা গীতিকবিতা, পৃ ২১৬-২১৭।)

খ. মন রে কৃষি কাজ জান না।
এমন মানব-জমিন রইলো পতিত
আবাদ করলে ফলতো সোনা ॥
কালীর নামে দেও রে বেড়া, ফসলে তছরূপ হইবে না।
সে যে মুক্তকেশীর... শক্তবেড়া,
তার কাছেতে যম ঘেঁষে না ॥ ...

গুরু রোপণ করেছেন বীজ, ভক্তি-বারি তায় সেঁচ না।
ওরে একা যদি না পারিস্ মন, রামপ্রসাদকে ডেকে নে না ॥
(দ্র. মধ্যযুগের বাঙলা গীতিকবিতা, পৃ ২৯৭।)

গ. কাজ কিরে মন যেয়ে কাশী।
কালীর চরণে কৈবল্যরাশি+ ॥
সার্ধ ত্রিশ কোটি তীর্থ মায়ের ও চরণ-বাসী।
যদি সন্ধ্যা জান, শাস্ত্র মান, কাজ কি হয়ে কাশীবাসী?
হৃৎকমলে ভাব ব'সে চতুর্ভুজা মুক্তকেশী।
রামপ্রসাদ এই ঘরে বসি' পাবে কাশী দিবানিশি ॥
(দ্র. মধ্যযুগের বাঙলা গীতিকবিতা, পৃ ৩০১।)

+কৈবল্যরাশি : কৈবল্য + রাশি। মুক্তি বা মোক্ষসমূহ। কৈবল্য : (কেবল +য)। 'কেবলভাব', পুরুষার্থশূন্য সত্ত্বাদিগুণের প্রলয়রূপ বা প্রকৃতিরূপে অবস্থানরূপ মুক্তি; ঐকান্তিকভাবে ও আত্যন্তিকভাবে দুঃখত্রয়ের তিরোধানরূপ মুক্তি। রাশি : সমূহ। (সং.)। ['রাশি'= সমূহ (ঋগ্বেদ)]।

১৪. কাজী নজরুল ইসলাম-রচিত 'রাঙাজবা'-সঙ্গীতগ্রন্থে ৯৯টি শাক্তপদ রয়েছে। এসব শাক্তপদের মধ্যকার কতিপয় পদের প্রতিটির প্রথম চরণদ্বয় এখানে উদ্ধৃত হল :

ক. বল্ রে জবা বল্।
কোন্ সাধনায় পেলি শ্যামা মায়ের চরণতল ॥ (১-সংখ্যক পদ)

খ. মহাকালের কোলে এসে
গৌরী হল মহাকালী। (২-সংখ্যক পদ)

গ. তোর কালো রূপ লুকাতে মা বৃথাই আয়োজন।
ঢাক্‌তে নারে ওরূপ কোটি চন্দ্র ও তপন ॥ (৪-সংখ্যক পদ)

ঘ. কে বলে মোর মাকে কালো
মা যে আমার জ্যোতির্মতী। (১১-সংখ্যক পদ)

ঙ. জগৎ জুড়ে জাল ফেলেছিস্
শ্যামা কি তুই জেলের মেয়ে। (৩৩-সংখ্যক পদ)

চ. কালী কালী মন্ত্র জপি
বসে লোকের ঘোর শ্মশানে । (৩৪-সংখ্যক পদ)

ছ. আয় মা চঞ্চলা মুক্তকেশী শ্যামা কালী।
নেচে নেচে আয় বুকে আয় দিয়ে তাথৈ তাথৈ করতালি ॥ (৪৫-সংখ্যক পদ)

জ. শ্যামা মায়ের কোলে চড়ে

জপি আমি শ্যামের নাম। (৬৫-সংখ্যক পদ)

ঝ. যে কালীর চরণ পায় রে

কালীর চরণ পায়

সে মোক্ষ মুক্তি কিছুই নাহি চায় ৷৷ (৭৬-সংখ্যক পদ)

ঞ. রাঙা জবায় কাজ কি মা তোর

অরুণ-রাঙা চরণতলে। (৮৯-সংখ্যক পদ)

[দ্র. নজরুল রচনাবলী (৩য় খণ্ড), পৃ ১৪৩-১৮৮ ।]

নজরুল-সাহিত্যের চতুর্থ স্তরে আধ্যাত্মিকতা প্রাধান্য পেয়েছে। এপর্যায়েই কবি অন্তর্জ্যোতিদীপ্ত শাক্তপদ রচনা করেছেন। নজরুল একজন 'প্রকৃত মাতৃসাধক' বা পরম শাক্তরূপেই এপদগুলো রচনা করেছেন। সংশ্লিষ্ট কাব্যবিষয়ের যথাযথ অনুসরণ এবং অন্তরের অনুপ্রাণিত ভাবপ্রকাশের গুণে তাঁর শাক্তপদরচনা সফলতা পেয়েছে।

১৫. প্রণিধানযোগ্য :

১৯৭৭ খ্রিষ্টাব্দে প্রকাশিত 'গ্রামজনসংখ্যাপরিসংখ্যান'-শীর্ষক গ্রন্থ হতে এপ্রবন্ধের স্থাননামবিষয়ক অধিকাংশ তথ্য সংগ্রহ করা হয়েছে। এ-গ্রন্থ ১৯৭৪ খ্রিষ্টাব্দের 'লোকগণনা'-অনুসারে রচিত। গ্রন্থটিতে বাংলাদেশের পুরোনো উনিশটি জেলার সকল স্থাননামের বর্ণনা রয়েছে। এপ্রসঙ্গে আরও কিছু তথ্য অবহিত হওয়া দরকার।

খ্রিষ্টীয় বিশশতকের নব্বইয়ের দশকের নানা সময়ে, বাংলাদেশের বিভিন্ন পুরোনো জেলা ভেঙে, সর্বমোট ৬৪টি জেলা নতুনভাবে গঠিত হয়। বিগত শতকের আশির দশক পর্যন্ত এদেশের পুরোনো জেলার সংখ্যা ছিল সাকল্যে উনিশটি। উল্লিখিত গ্রন্থটিতে পুরানো উনিশটি জেলার নামই কেবল রয়েছে। এখনকার ৬৪টি জেলা তখন, প্রায়শ মহকুমারূপে, এসব পুরোনো জেলার মধ্যেই বিদ্যমান ছিল।

বর্তমান প্রবন্ধের অপর একটি সীমাবদ্ধ রয়েছে। এপ্রবন্ধে উপস্থাপিত অধিকাংশ গ্রামনামের বানান এবং সেসব গ্রামের বিবরণ আমরা সংগ্রহ করেছি পূর্বোক্ত পুরাতন গ্রন্থটি থেকে। ('গ্রামজনসংখ্যাপরিসংখ্যান'-সংজ্ঞক ওই গ্রন্থ ১৯৭৪ খ্রিষ্টাব্দে নিষ্পাদিত লোকগণনার ভিত্তিতে প্রণীত।)

এছাড়া আমাদের অন্য কোনো উপায়ও ছিল না। কেননা ১৯৭৪ খ্রিষ্টাব্দের লোকগণনার ফলই কেবল 'বাংলাভাষা'-য় প্রকাশ করা হয়েছিল এবং তা ওই গ্রন্থে। এরপরে বাংলাদেশে বহুবার লোকগণনা হয়েছে, তবে তার ফল প্রকাশ করা হয়েছে ইংরেজি ভাষায়, বাংলায় নয়। (বাংলা গ্রামনাম ইংরেজিবর্ণের সাহায্যে মুদ্রিত করা হলে তা আর বাস্তবানুগ গবেষণায় পোষকতা করে না।) সেজন্য আমরা বর্তমান প্রবন্ধে বর্ণিত স্থাননামবিষয়ক তথ্যাদি সংগ্রহ করতে বাধ্য হয়েছি ১৯৭৪ খ্রিষ্টাব্দের লোকগণনাভিত্তিক উল্লিখিত গ্রন্থটি থেকে।

আশার কথা : বর্তমান সরকার সম্প্রতি, দীর্ঘকালব্যাপী প্রচেষ্টার মাধ্যমে, বাংলায় এদেশের গ্রামনামবিবরণগ্রন্থ প্রস্তুত করেছেন। তবে সরকারের 'পরিসংখ্যান বিভাগ' থেকে আজও সে-বিবরণগ্রন্থটি প্রকাশিত হয়নি।

[দ্র. মৎপ্রণীত 'বাংলাদেশের গ্রামনাম : অবহেলিত জনগোষ্ঠীর প্রতি সহমর্মিতা', পৃ দশ-এগার।]

১৬. স্মরণযোগ্য :

বাংলাদেশের প্রায় সকলপ্রকার ভূপ্রকৃতিবিশিষ্ট স্থানেই কালীদেবীর স্মৃতিযুক্ত গ্রামনাম রয়েছে। তিনি আছেন : নদী-হ্রদ প্রভৃতির তীরদেশ- 'কচ্ছ'-এ (='কালীকচ্ছ'-এ), গভীর গর্তযুক্ত ভূমি- 'কন্দর'-এ (='কালিকন্দর'-এ), স্কন্ধতুল্য নদী-পুষ্করিণী প্রভৃতির তীর- 'কান্দা'-য় (='কালীহর কান্দা'-য়), নদীগর্ভে পলি হতে জাত তটবৎ উন্নত স্থান- 'চড়া'-য় অথবা 'চর'-এ (='কালিচড়া'-য় বা 'কালীর চর'-এ), খুব ছোট পাহাড়- 'টিলা'-য় (='কালিটিলা'-য়), নদীর বাঁকাতীর- 'টেক'-এ (='কালিটেকা'-য়), নিম্নভূমি-'ডহর'-এ (='কালিডহর'-এ), নদী বা জলাশয়ের অতলস্পর্শ ও ঘূর্ণিময় অংশ- 'দহ'-সন্নিহিত স্থানে (='কালীদহ'-এ) এবং দ্বীপতুল্য উঁচুভূমি- 'দিয়াড়া'-য় (='কালীগঞ্জ দিয়ারা'-য়)। এছাড়া নানাপ্রভেদ-সংবলিত জনপদ-আখ্যায় ও স্থাননামে কালীদেবীর সংজ্ঞা প্রসারিত। যথা : জঙ্গল কেটে গড়ে তোলা জনপদ- 'কাটি'-তে (='কালীকাটি'-তে), অন্তরালবর্তী স্থান- 'কোনা'-য় (='কালির কোনা'-য়), বাণিজ্যস্থান- 'গঞ্জ'-এ (='কালীগঞ্জ'-এ), রাইয়তের অধিকৃত ভূমি- 'গাঁতি'-তে (='কালিগাঁতি'-তে), বহুদূরব্যাপী বিস্তৃত মাঠ- 'চক'-এ (='কালীচক'-এ), ক্ষুদ্র জনবসতি- 'পাড়া'-য় (='কালিদাসপাড়া'-য়), পল্লিভূমি- 'গ্রাম'-এ (='কালিগ্রাম'-এ), 'নগর'-এ (='কালীনগর'-এ), 'পুর'-এ (='কালীপুর'-এ), 'শহর'-এ (='ধানজুরী কালীশহর'-এ) এবং প্রকাশ্য ক্রয়বিক্রয়ের স্থান– 'হাট'-এ (='কালীহাটা'-য়)। বস্তুত এদেশের প্রায় সকলপ্রকার ভূপৃষ্ঠেই কালীদেবীর অধিষ্ঠান।

## পরিশিষ্ট

### পরিশিষ্ট-১

### কালীদেবীর সংজ্ঞাযুক্ত কতিপয় মন্দিরের তালিকা

বাংলাদেশে কালীদেবীর সংজ্ঞাযুক্ত অনেকগুলো 'মন্দির' (=উপাসনাগৃহ) এখনও অস্তিত্বশীল। (সেখানে নিয়মিত পূজা-অর্চনা হয়।) এখানে এরূপ কিছু 'কালীমন্দির'-এর নামসূচি উপস্থাপন করা যায়।

(প্রত্যেক মন্দিরনামের সঙ্গে তার অবস্থানও, যথাসম্ভব, নির্দেশ করা হল।)

(১) শ্রীশ্রীভাটারা কালীমন্দির, ভাটারা রোড, ঢাকা।

(২) কালীমন্দির, বড় চন্দ্রাইল, ডাকঘর : বৈগাঁও, ঢাকা-১৩৫০।

(৩) শ্রীশ্রীরক্ষাকালীমাতা মন্দির, টিবি গেট রোড, মহাখালী, ঢাকা।

(৪) দেলিপাড়া, সর্বজনীন মহাশ্মশান এবং কালীমন্দির, নয়ামাটি বায়তুল ফালাহ্ জামে মসজিদ রোড, ঢাকা।

(৫) পুলপার কালীমন্দির, জাফরাবাদ, মোহাম্মদপুর, ঢাকা।

(৬) শ্রীশ্রীসিদ্ধেশ্বরী কালীমন্দির, সিদ্ধেশ্বরী লেন, ঢাকা-১২১৭।

(৭) কালীবাড়ী মন্দির, বাগানবাড়ী, রাজারবাগ রোড, ঢাকা।

(৮) রমনাকালী-মন্দির, ৯-১০, পুরোনো ময়মনসিংহ রোড, কাজী নজরুল ইসলাম অ্যাভিনিউ, ঢাকা-১০০০। (এটি পুনর্নির্মিত মন্দির।)

(৯) জয়কালীমন্দির, গুলিস্তান রোড, ঢাকা-১২০৫।

(১০) বনগ্রাম ক্ষেপাকালী মন্দির, বনগ্রাম রোড, ঢাকা-১০০০।

(১১) শ্রীশ্রীরক্ষাকালী মন্দির, বীরেন বোস স্ট্রিট, কালীবাড়ী, মিটফোর্ড রোড, ঢাকা-১১০০।

(১২) শ্রীশ্রীরক্ষাকালীমাতা মন্দির, ৫৮ শাঁখারিবাজার রোড, ঢাকা-১১০০।

(১৩) শ্রীশ্রীকালীমন্দির, হৃষীকেশ দাস রোড, ঢাকা।

(১৪) শ্রীশ্রীশীতলা এবং রক্ষাকালীমাতা মন্দির, বানিয়ানগর রোড, ঢাকা।

(১৫) দয়াগঞ্জ জেলেপাড়া কালীমন্দির, ২২ দয়াগঞ্জ জেলেপাড়া, ঢাকা-১১০০।

(১৬) দক্ষিণ সায়েদাবাদ কালীমন্দির, দক্ষিণ সায়েদাবাদ জেলেপাড়া, ঢাকা।

(১৭) মা কালী মন্দির, মাদ্রাসা গলি, পশ্চিম ধোলাইপার, যাত্রাবাড়ী, ঢাকা।

(১৮) শ্রীশ্রীকালীমন্দির, শের-এ-বাংলা রোড, ঢাকা-১২০৫।

(১৯) শ্রীশ্রীমা কালীমন্দির, জেলেপাড়া (জলাপাড়া), হাজারীবাগ, ৩৫ ভাগলপুর লেন, ঢাকা।

(২০) শ্রীশ্রীশ্মশানকালী মন্দির, রাজনারায়ণ ধর রোড, ঢাকা-১২১১।

(২১) কদমতলা কালীমন্দির, কদমতলা, একরামপুর মোড়, হৃষীকেশ দাস রোড, লক্ষ্মীবাজার, ঢাকা।

(২২) শ্রীশ্রীরক্ষাকালীমন্দির, কাঁচপুর, পশ্চিম বেহাকৈর, নারায়ণগঞ্জ।

(২৩) রক্ষাকালী মায়ের বাড়ী, ৩৬ দয়াগঞ্জ জেলেপাড়া লেন, ঢাকা।

(২৪) কালীমন্দির, মন্দির রোড, নয়াবাজার, পাঁচদোনা, নরসিংদি।

(২৫) শ্রীশ্রীমা রক্ষাকালীমন্দির, শেখরনগর, সিরাজদিখান, মুন্সীগঞ্জ।

(২৬) কালীমন্দির, সিরাজদিখান-নিমতলা রোড, কেয়াইন, সিরাজদিখান, মুন্সীগঞ্জ।

(২৭) কালীমন্দির, দত্তবাড়ী, ইছাপুরা, মালখানগর-কুসুমপুর রোড, সিরাজদিখান, মুন্সীগঞ্জ।

(২৮) সাহরাইল কালীমন্দির, সাহরাইল, সিঙ্গাইর, মানিকগঞ্জ।

(২৯) কালীবাড়ী মন্দির, দেউলা উত্তরপাড়া রোড, দেউলা, টাঙ্গাইল।

(৩০) কমল্লা কালীমন্দির, কমল্লা, কামারচর, কুমিল্লা।

(৩১) পশ্চিম ঋষিপাড়া কালীমন্দির, বড় বেরাইদ, তেজগাঁও উন্নয়ন, ঢাকা।

(৩২) কালীমন্দির, জিঞ্জিরা-কেরানিগঞ্জ-দোহার-শ্রীনগর রোড, সুরগাঁও, নওয়াবগঞ্জ, ঢাকা।

(৩৩) শ্রীশ্রীরক্ষাকালীমন্দির, ইসাদির বাজার, চানমাটি বাইপাস রোড, নারায়ণগঞ্জ।

(৩৪) শ্রীশ্রীরক্ষাকালীমন্দির, পারজোয়ার-ব্রাহ্মণগাঁও হাইস্কুল রোড, দক্ষিণ বাঘের, জাজিরা, মাদারীপুর।

(৩৫) শ্রীশ্রীরক্ষাকালী ও শ্রীশ্রীরাধাগোবিন্দ বিগ্রহ মন্দির, জজপাড়া জামে মসজিদ রোড, ইকুরিয়া, কেরানীগঞ্জ, ঢাকা।

(৩৬) ভোজপাড়া মা কালীমন্দির, বীরতারা, শ্রীনগর, মুন্সীগঞ্জ।

(৩৭) কালীবাড়ী মন্দির, কে.সি. নাগ রোড, নারায়ণগঞ্জ-১৪০০।

(৩৮) কালীমন্দির, মন্দিররোড, নয়াবাজার, আটি, কেরানীগঞ্জ-১৩১২, ঢাকা।

(৩৯) হাউজাল ঋষিপাড়া কালীমন্দির, বড় বেরাইদ, তেজগাঁও উন্নয়ন, ঢাকা।

(৪০) শ্রীশ্রীকালীমন্দির, দক্ষিণপাড়া, ধামরাই, ঢাকা।

(৪১) কালোডাঙ্গা কালীমন্দির, বাঘারপাড়া, যশোহর ।

(৪২) শ্মশানকালী মন্দির, দক্ষিণ শাহীবাগ রোড, শাহীবাগ, ভুড়ভুড়িয়া ছড়া, শ্রীমঙ্গল, মৌলভীবাজার ।

(৪৩) বেরাইদ জেলেপাড়া রক্ষাকালী মন্দির, বেরাইদ, তেজগাঁও উন্নয়ন, ঢাকা ।

(৪৪) বড় কালীবাড়ী মন্দির, ময়মনসিংহ ।

(৪৫) জয়কালী মন্দির, মুক্তাগাছা, ময়মনসিংহ ।

(৪৬) বরদা কালীমন্দির, কুমারপাড়া, রাজশাহী ।

(৪৭) জয়কালী মন্দির, রাজশাহী ।

(৪৮) শ্মশানকালী মন্দির, রাজশাহী ।

(৪৯) শ্রীকালীমন্দির, রাজারহাট, রাজশাহী ।

(৫০) শ্রীকালীমন্দির, ফুডকি পাড়া, সাহেববাজার, রাজশাহী ।

(৫১) তালাইমারী কালীমন্দির, রাজশাহী সিটি, রাজশাহী ।

(৫২) যশোরেশ্বরী কালীমন্দির, শ্যামনগর, সাতক্ষীরা ।

(৫৩) শ্রীশ্রীরক্ষাকালী মন্দির, চেওরিয়া, কালীদহ, ফেনী ।

(৫৪) জোকা সর্বজনীন কালীমন্দির, শ্রীপুর-লাঙ্গলবন্ধ রোড, জোকা, গয়েশপুর, শ্রীনগর, মাগুরা ।

(৫৫) বেরাইদ দাসপাড়া কালীমন্দির, বেরাইদ, তেজগাঁও উন্নয়ন, ঢাকা ।

(৫৬) শ্রীশ্রীবেরাইদ শ্মশানকালী আশ্রম, বেরাইদ, তেজগাঁও উন্নয়ন, ঢাকা ।

(৫৭) হরিণদী সর্বজনীন কালীমন্দির, শ্রীপুর-লাঙ্গলবন্ধ রোড, হরিণদী, শ্রীপুর, মাগুরা ।

(৫৮) চতুরিয়া সর্বজনীন কালীমন্দির, শ্রীপুর-লাঙ্গলবন্ধ রোড, চতুরিয়া, গয়েশপুর, শ্রীপুর, মাগুরা ।

(৫৯) নিমতলা কালীবাড়ী, ঘিওর-দৌলতপুর রোড, ঘিওর, মানিকগঞ্জ ।

(৬০) ছোট কালীবাড়ী মন্দির, ছোট কালীবাড়ী রোড (টাঙ্গাইল পুরোনো বাসস্ট্যান্ডের উত্তরপার্শ্বস্থ), টাঙ্গাইল ।

(৬১) লক্ষ্মীদিয়া কালীবাড়ী, ধুবড়িয়া, নাগরপুর, টাঙ্গাইল ।

(৬২) দাসপাড়া কালীবাড়ী, দাসপাড়া, কুলিয়ার চর, কিশোরগঞ্জ ।

[বি. দ্র. : কালীদেবীর সংজ্ঞাযুক্ত মন্দিরসমূহের এই তালিকা প্রস্তুত করা হয়েছে মূলত 'গুগলম্যাপ'-এর সহায়তায় ।]

দেখা যাচ্ছে : উল্লিখিত মন্দিরসমূহের সংজ্ঞায় কালীদেবীর অনেক নাম যুক্ত। কালীদেবীর নামসমূহ, মন্দিরের ক্রমিকসংখ্যাসহ, এখানে উল্লেখ করা যায় :

(ক) কালী (২,৪,৫,৭,৮,১৫,১৬,২১,২৪,২৬,২৭,২৮,২৯,৩০,৩১,৩২,৩৭,৩৮, ৩৯,৪১,৪৪,৫১,৫৪,৫৫,৫৭,৫৮,৫৯,৬০,৬১,৬২);

(খ) শ্রীকালী (৪৯ ও ৫০);

(গ) শ্রীশ্রীকালী (১৩,১৮ ও ৪০);

(ঘ) মা কালী (১৭,৩৬);

(ঙ) শ্রীশ্রীমা কালী (১, ১৯);

(চ) ক্ষেপাকালী (১০);

(ছ) জয়কালী (৯, ৪৫, ও ৪৭);

(জ) বরদা কালী (৪৬);

(ঝ) যশোরেশ্বরী কালী (৫২);

(ঞ) রক্ষাকালী (২৩ ও ৪৩);

(ট) রক্ষাকালী মাতা (১৪);

(ঠ) শ্রীশ্রীরক্ষাকালী (১১, ২২,৩৩,৩৪,৩৫ ও ৫৩);

(ড) শ্রীশ্রীমা রক্ষাকালী (২৫);

(ঢ) শ্রীশ্রীরক্ষাকালী মাতা (৩ ও ১২);

(ণ) শ্মশানকালী (৪২, ৪৮ ও ৫৬);

(ত) শ্রীশ্রীশ্মশানকালী (২০);

(থ) শ্রীশ্রীসিদ্ধেশ্বরী কালী (৬)।

কালীদেবীর আপাতঅবোধ্য কিছু নামের ব্যাখ্যা দেওয়া সঙ্গত। তাঁর কতিপয় দুর্বোধ নাম : ক্ষেপাকালী, জয়কালী, বরদাকালী, যশোরেশ্বরী কালী, রক্ষাকালী, শ্মশানকালী এবং শ্রীশ্রীসিদ্ধেশ্বরী কালী।

(অ) ক্ষেপাকালী : কালীমূর্তিবিশেষ। ক্ষেপা : অশান্ত, অধীর, পাগলা; ক্ষিপ্ত। রামপ্রসাদ সেনের একটি শাক্তপদে আছে :

'সে যে কৃতান্তদলনী* শ্যামা বড় ক্ষেপা মেয়ে।'

*কৃতান্তদলনী : শমনদমনকারিণী; কালিকাদেবী, কালী।

মহেন্দ্রনাথ ভট্টাচার্যের শাক্তপদে আছে : 'পাবি না ক্ষ্যাপা মায়েরে, ক্ষ্যাপার মত না ক্ষেপিলে।'

(আ) জয়কালী : কালীমূর্তিবিশেষ; জয়দায়িনী কালী, মধ্যপ।
রামপ্রসাদের শাক্তপদে আছে :
"তুমি, 'জয়কালী' 'জয়কালী' বলে, বলি দেও ষড়্ রিপুগণে॥"

(ই) বরদা কালী : বরদানকর্ত্রী, অভীষ্টদাত্রী।
বর : দেবাদি হতে লব্ধ অভীষ্ট বিষয়। (সং.)।
বরদা : বরদাত্রী। (সং.)।

(ঈ) যশোরেশ্বরী কালী : যে-'কালী'-র নাম 'যশোরেশ্বরী'; যশোরের অধিষ্ঠাত্রী কালীদেবী; প্রতাপাদিত্যের প্রতিষ্ঠাপিতা শিলাময়ী কালীপ্রতিমা। (পূর্বকালে সাতক্ষীরা-খুলনাঅঞ্চল 'যশোর'-জেলার অন্তবর্তী ছিল।) প্রতাপাদিত্য ১৬১১-১২ খ্রিষ্টাব্দে মুঘল সুবাদার ইসলাম খানের কাছে পরাজয় বরণ করেন। বর্তমান যশোর, খুলনা ও বাখরগঞ্জ জেলার অধিকাংশই তাঁর জমিদারির অন্তর্ভুক্ত ছিল। যশোর ছিল প্রতাপাদিত্যের রাজধানী। ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল'-কাব্যে আছে :
"যশোর নগর ধাম, প্রতাপ আদিত্য নাম, মহারাজা বঙ্গজ কায়স্থ।"
প্রতাপাদিত্যের গৃহে ছিলেন 'যশোরেশ্বরী' :
"শিলাময়ী নামে, ছিলা তাঁর ধামে, অভয়া যশোরেশ্বরী।"

(উ) রক্ষাকালী : রক্ষাকারিণী বা পালনকারিণী কালী। কালীমূর্তিভেদ।
রক্ষা : পালন। [√রক্ষ্ + অ-ভা (=ভাববাচ্য)+স্ত্রী আ (টাপ্)]।
নজরুলের 'রাঙাজবা'-সঙ্গীতগ্রন্থে আছে :
"রক্ষাকালীর রক্ষা-কবচ আছে আমায় ঘিরে।"

(ঊ) শ্মশানকালী : শ্মশানস্থিতা কালী; কালিকাবিশেষ।
কালীদেবীর নামান্তর : 'শ্মশানবাসিনী' (তন্ত্রসার)।
শ্মশান : শবের শয়নস্থান; শবদাহস্থান। (সং.)।
নজরুলের 'রাঙাজবা'-সঙ্গীতগ্রন্থে কালীদেবী সম্পর্কে বলা হয়েছে :
"শ্মশানপথে বেড়ায় একা, সহজে সে দেয় না দেখা..."।

(ঋ) শ্রীশ্রীসিদ্ধেশ্বরী কালী : যে-'কালী'-র নাম 'সিদ্ধেশ্বরী'। কর্মধা।
সিদ্ধেশ্বরী : সিদ্ধাগণের অধিকারিণী দেবীবিশেষ (মুণ্ডমালাতন্ত্র, বরাহপুরাণ)।
[সিদ্ধা+ঈশ্বরী]।
সিদ্ধা (স্ত্রী): যোগিনীবিশেষ। যোগিনী : দুর্গার সখী চৌষট্টিসংখ্যক দেবী।
ঈশ্বরী : অধিকারিণী। [সং. ঈশ্বর + স্ত্রী 'ঈ' (ঙীপ্)]।

**পরিশিষ্ট-২**

**সহায়ক রচনাপঞ্জি**

**ক. অভিধান ও কোষগ্রন্থ**


আশুতোষ দেব (সঙ্কলক), শব্দবোধ অভিধান (শব্দাভিধান ও সাইক্লোপিডিয়া), দেব সাহিত্যকুটীর প্রা. লি., কলিকাতা, ১৯৯৮ খ্রি. (পুনর্মুদ্রণ) ।

ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ (প্রকাশক), সংক্ষিপ্ত ইসলামী বিশ্বকোষ (প্রথম খণ্ড), ঢাকা, ১৯৮৬ খ্রি. (২য় সং.) ।

ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ (প্রকাশক), সংক্ষিপ্ত ইসলামী বিশ্বকোষ (দ্বিতীয় খণ্ড), ঢাকা, ১৯৮৭ খ্রি. (২য় সং.) ।

জ্ঞানেন্দ্রমোহন দাস (সঙ্কলক ও সম্পাদক), বাঙ্গালা ভাষার অভিধান (১ম ভাগ), সাহিত্যসংসদ, কলিকাতা, ১৯৯১ খ্রি. (পরিবর্তিত ও পরিবর্ধিত ২য় সং. : পুনর্মুদ্রণ) ।

জ্ঞানেন্দ্রমোহন দাস (সঙ্কলক ও সম্পাদক), বাঙ্গালা ভাষার অভিধান (২য় ভাগ), সাহিত্যসংসদ, কলিকাতা, ১৯৯৪ খ্রি. (পরিবর্তিত ও পরিবর্ধিত ২য় সং. : ৪র্থ মুদ্রণ) ।

শেখ গোলাম মকসূদ হিলালী (রচয়িতা), পারসো-অ্যারাবিক এলিমেন্টস্ ইন্ বেঙ্গলি (বাঙ্লায় ফারসী-আরবী উপাদান), [সম্পাদক : মুহম্মদ এনামুল হক], কেন্দ্রীয় বাঙলা উন্নয়ন বোর্ড, ঢাকা, ১৯৬৭ খ্রি. ।

শৈলেন্দ্র বিশ্বাস (সঙ্কলক), সংসদ্ বাঙ্গালা অভিধান, সাহিত্যসংসদ্, কলিকাতা, ১৯৯৩ খ্রি. (সংশোধিত ও পরিবর্ধিত ৩য় সং. : চতুর্দশ মুদ্রণ) ।

সিরাজুল ইসলাম (প্রধান সম্পাদক), বাংলাপিডিয়া (বাংলাদেশ জাতীয় জ্ঞানকোষ) [খণ্ড-২], বাংলাদেশ এশিয়াটিক সোসাইটি, ঢাকা, ২০০৩ খ্রি. ।

সুধীরচন্দ্র সরকার (সঙ্কলক), পৌরাণিক অভিধান, এম.সি সরকার এ্যাণ্ড সন্স প্রা. লি., কলিকাতা, ১৪১২ বঙ্গাব্দ (নবম সং.) ।

হরিচরণ বন্দ্যোপাধ্যায় (সঙ্কলক), বঙ্গীয় শব্দকোষ (১মখণ্ড), সাহিত্য অকাদেমি, নতুন দিল্লী, ১৯৮৮ খ্রি. (১ম সং. : ৩য় মুদ্রণ) ।

হরিচরণ বন্দ্যোপাধ্যায় (সঙ্কলক), বঙ্গীয় শব্দকোষ (২য়খণ্ড), সাহিত্য অকাদেমি, নতুন দিল্লী, ১৯৮৮ খ্রি. (১ম সং. : ৩য় মুদ্রণ) ।

## খ. ইতিহাস ও ঐতিহ্য

অচ্যুতচরণ চৌধুরী তত্ত্বনিধি (রচয়িতা), শ্রীহট্টের ইতিবৃত্ত [পূর্বাংশ (১ম ও ২য় ভাগ)], প্রকাশক : উপেন্দ্রনাথ পাল চৌধুরী, কলিকাতা, ১৩১৭ বঙ্গাব্দ ।

অচ্যুতচরণ চৌধুরী তত্ত্বনিধি (রচয়িতা), শ্রীহট্টের ইতিবৃত্ত [উত্তরাংশ (৩য় ও ৪র্থ ভাগ)], শিলচর সরস্বতী লাইব্রেরী হতে প্রকাশিত, ১৩২৪ বঙ্গাব্দ ।

অতুল সুর (রচয়িতা), আঠারো শতকের বাঙলা ও বাঙালী, সাহিত্যলোক, কলকাতা, ১৯৮৫ খ্রি. ।

আবদুল হক চৌধুরী (রচয়িতা ও প্রকাশক), চট্টগ্রামের ইতিহাসপ্রসঙ্গ (১ম খণ্ড), চট্টগ্রাম, ১৯৭৬ খ্রি. ।

আবুল কালাম মোহাম্মদ যাকারিয়া (সম্পাদনাপরিষৎসভাপতি), কুমিল্লা জেলার ইতিহাস, জেলাপরিষদ্ (কুমিল্লা), কুমিল্লা, ১৯৮৪ খ্রি. ।

করুণাসিন্ধু দাস (প্রণেতা), সংস্কৃত সাহিত্যের ইতিহাস, পশ্চিমবঙ্গ বাংলা অকাদেমি, কলকাতা, ২০০৮ খ্রি. (প্রথম প্রকাশ) ।

কেদারনাথ মজুমদার (রচয়িতা), ময়মনসিংহের বিবরণ, সান্যাল এণ্ড কোং, কলিকাতা, ১৯০৪ খ্রি. ।

খন্দকার আবদুর রহিম (প্রণেতা), টাঙ্গাইলের ইতিহাস (১ম ও ২য় খণ্ড), যমুনা প্রকাশনী, টাঙ্গাইল, ১৯৮৬ খ্রি. (৩য় বর্ধিত প্রকাশ) ।

চৌধুরী মহাম্মদ বদরুদ্দোজা (রচয়িতা ও প্রকাশক), জিলা পাবনার ইতিহাস (একত্রে ১ম, ২য়, ৩য় খণ্ডত্রয়) [জিলা সিরাজগঞ্জসহ], পাবনা (বাংলাদেশ), ১৯৮৬ খ্রি. ।

জেমস্ ওয়াইজ, এম.ডি. (মূল রচয়িতা), পূর্ববঙ্গের বিভিন্ন জাতি, বর্ণ ও পেশার বিবরণ (১ম ভাগ), সম্পাদক : মুনতাসীর মামুন; অনুবাদক : ফওজুল করিম; আইসিবিএস, ঢাকা, ২০০০ খ্রি. (প্রথম প্রকাশ : তৃতীয় মুদ্রণ) ।

জেমস্ টেলর (প্রণেতা), কোম্পানী আমলে ঢাকা, অনুবাদক : মোহাম্মদ আসাদুজ্জামান, বাংলা একাডেমী, ঢাকা, ১৯৭৮ খ্রি. । [জেমস্ টেলর প্রণীত মূলগ্রন্থের নাম : টপোগ্রাফি অভ্ ঢাকা; প্রকাশকাল : ১৮৪০ খ্রি.] ।

দীনেশচন্দ্র সরকার, ড. (রচয়িতা), পাল-সেন যুগের বংশানুচরিত, সাহিত্যলোক, কলিকাতা, ১৯৮২ খ্রি. ।

নীহাররঞ্জন রায় (প্রণেতা), বাঙালীর ইতিহাস (আদিপর্ব), দে'জ পাবলিশিং, কলকাতা, ১৪২০ বঙ্গাব্দ (১ম দে'জ সং. : ৮ম সং.) ।

মুহম্মদ আবদুর রহিম (মূলরচয়িতা), বাংলার সামাজিক ও সাংস্কৃতিক ইতিহাস (১ম খণ্ড), [মোহাম্মদ আসাদুজ্জামান-অনূদিত], বাংলা একাডেমী, ঢাকা, ১৯৯৫ খ্রি. (১ম প্রকাশ : ১ম পুনর্মুদ্রণ) ।

মুহম্মদ আবদুর রহিম ও অন্যান্য (রচয়িতা), বাংলাদেশের ইতিহাস, নওরোজ কিতাবিস্তান, ঢাকা, ১৯৮১ খ্রি. (২য় খণ্ড)।

মুহম্মদ শাহজাহান মিয়া (রচয়িতা), উল্লাপড়া-উপজেলার হারানো ইতিহাস, জ্যোতিঃপ্রকাশন, ঢাকা, ২০১৮ খ্রি.।

মুহম্মদ শাহজাহান মিয়া (প্রণেতা), বাংলাদেশের সামরিকপদবিযুক্ত গ্রামনাম, জ্যোতিঃপ্রকাশন, ঢাকা, ২০১৬ খ্রি.।

যতীন্দ্রমোহন রায় (রচয়িতা), ঢাকার ইতিহাস (১ম খণ্ড), প্রকাশক : যামিনীমোহন রায়, কলিকাতা, ১৩১৯ বঙ্গাব্দ।

যতীন্দ্রমোহন রায় (রচয়িতা), ঢাকার ইতিহাস (২য় খণ্ড), প্রকাশক : শশিমোহন রায় (কবিরত্ন), কলিকাতা, ১৩২২ বঙ্গাব্দ।

রমেশচন্দ্র মজুমদার (প্রণেতা), বাংলাদেশের ইতিহাস (১ম খণ্ড) [প্রাচীন যুগ], জেনারেল প্রিন্টার্স য়্যাণ্ড পাবলিশার্স প্রা. লি., কলকাতা, ২০১০ খ্রি. (১০ম সং.: ২য় মুদ্রণ)।

রমেশচন্দ্র মজুমদার (সম্পাদক), বাংলাদেশের ইতিহাস (২য় খণ্ড) [মধ্যযুগ], জেনারেল প্রিন্টার্স য়্যাণ্ড পাবলিশার্স প্রা. লি., কলকাতা, ২০০৩ খ্রি. (৬ষ্ঠ সং.)।

রাধারমণ সাহা (প্রণেতা), পাবনা জেলার ইতিহাস (১ম খণ্ড), পাবনা, ১৩৩০ বঙ্গাব্দ।

শিবপ্রসন্ন লাহিড়ী (রচয়িতা), সিলেটী ভাষাতত্ত্বের ভূমিকা, বাংলা একাডেমী, ঢাকা, ১৩৬৮ বঙ্গাব্দ।

সতীশচন্দ্র মিত্র (প্রণেতা), যশোহর-খুলনার ইতিহাস (১ম খণ্ড), দে'জ পাবলিশিং, কলকাতা, ২০০১ খ্রি. (প্রথম দে'জ সং.)। [প্রথম প্রকাশ : ১৯১৪ খ্রি. (১ম খণ্ড)]।

সতীশচন্দ্র মিত্র (প্রণেতা), যশোহর-খুলনার ইতিহাস (২য় খণ্ড), দে'জ পাবলিশিং, কলকাতা, ২০০১ খ্রি. (প্রথম দে'জ সং.)। [প্রথম প্রকাশ : ১৯২২ খ্রি. (২য় খণ্ড)]।

সিরাজউদদীন আহমেদ (প্রণেতা), বরিশালের ইতিহাস (প্রথম খণ্ড), প্রকাশক : বাকেরগঞ্জ জেলাপরিষদ্, বরিশাল, ১৯৮২ খ্রি.।

সুকুমার সেন (রচয়িতা), বঙ্গভূমিকা, ইস্টার্ন পাবলিশার্স, কলিকাতা, ১৯৭৪ খ্রি.।

সুবোধকুমার মুখোপাধ্যায় (প্রণেতা), প্রাক্-পলাশী বাংলা (সামাজিক ও আর্থিক জীবন, ১৭০০-১৭৫৭), কে পি বাগচী এ্যান্ড কোম্পানী, কলকাতা, ১৯৮২ খ্রি.।

সৈয়দ মুর্তাজা আলী (প্রণেতা), হজরত শাহজালাল ও সিলেটের ইতিহাস, উৎসপ্রকাশন, ঢাকা, ২০১৪ খ্রি. (২য় উৎস সংস্করণ)।

**গ. গ্রামজনসংখ্যাপরিসংখ্যানবিষয়ক গ্রন্থসমূহ :**

গ্রামজনসংখ্যাপরিসংখ্যান (কুমিল্লা জিলা), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (পরিকল্পনা-মন্ত্রণালয়), ঢাকা, ১৯৭৭ খ্রি. ।

গ্রামজনসংখ্যাপরিসংখ্যান (কুষ্টিয়া জিলা), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (পরিকল্পনা-মন্ত্রণালয়), ঢাকা, ১৯৭৭ খ্রি. ।

গ্রামজনসংখ্যাপরিসংখ্যান (খুলনা জিলা), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (পরিকল্পনা-মন্ত্রণালয়), ঢাকা, ১৯৭৭ খ্রি. ।

গ্রামজনসংখ্যাপরিসংখ্যান (চট্টগ্রাম জিলা), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (পরিকল্পনা-মন্ত্রণালয়), ঢাকা, ১৯৭৭ খ্রি. ।

গ্রামজনসংখ্যাপরিসংখ্যান (টাঙ্গাইল জিলা), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (পরিকল্পনা-মন্ত্রণালয়), ঢাকা, ১৯৭৭ খ্রি. ।

গ্রামজনসংখ্যাপরিসংখ্যান (ঢাকা জিলা), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (পরিকল্পনা-মন্ত্রণালয়), ঢাকা, ১৯৭৭ খ্রি. ।

গ্রামজনসংখ্যাপরিসংখ্যান (দিনাজপুর জিলা), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (পরিকল্পনা-মন্ত্রণালয়), ঢাকা, ১৯৭৭ খ্রি. ।

গ্রামজনসংখ্যাপরিসংখ্যান (নোয়াখালী জিলা), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (পরিকল্পনা-মন্ত্রণালয়), ঢাকা, ১৯৭৭ খ্রি. ।

গ্রামজনসংখ্যাপরিসংখ্যান (পটুয়াখালী জিলা), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (পরিকল্পনা-মন্ত্রণালয়), ঢাকা, ১৯৭৭ খ্রি. ।

গ্রামজনসংখ্যাপরিসংখ্যান (পাবনা জিলা), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (পরিকল্পনা-মন্ত্রণালয়), ঢাকা, ১৯৭৭ খ্রি. ।

গ্রামজনসংখ্যাপরিসংখ্যান (পার্বত্য চট্টগ্রাম জিলা), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (পরিকল্পনা-মন্ত্রণালয়), ঢাকা, ১৯৭৭ খ্রি. ।

গ্রামজনসংখ্যাপরিসংখ্যান (ফরিদপুর জিলা), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (পরিকল্পনা-মন্ত্রণালয়), ঢাকা, ১৯৭৭ খ্রি. ।

গ্রামজনসংখ্যাপরিসংখ্যান (বগুড়া জিলা), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (পরিকল্পনা-মন্ত্রণালয়), ঢাকা, ১৯৭৭ খ্রি. ।

গ্রামজনসংখ্যাপরিসংখ্যান (বাখরগঞ্জ জিলা), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (পরিকল্পনা-মন্ত্রণালয়), ঢাকা, ১৯৭৭ খ্রি. ।

গ্রামজনসংখ্যাপরিসংখ্যান (ময়মনসিংহ জিলা), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (পরিকল্পনা-মন্ত্রণালয়), ঢাকা, ১৯৭৭ খ্রি. ।

গ্রামজনসংখ্যাপরিসংখ্যান (যশোহর জিলা), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (পরিকল্পনা-মন্ত্রণালয়), ঢাকা, ১৯৭৭ খ্রি. ।

গ্রামজনসংখ্যাপরিসংখ্যান (রংপুর জিলা), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (পরিকল্পনা-মন্ত্রণালয়), ঢাকা, ১৯৭৭ খ্রি. ।

গ্রামজনসংখ্যাপরিসংখ্যান (রাজশাহী জিলা), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (পরিকল্পনা-মন্ত্রণালয়), ঢাকা, ১৯৭৭ খ্রি. ।

গ্রামজনসংখ্যাপরিসংখ্যান (সিলেট জিলা), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (পরিকল্পনা-মন্ত্রণালয়), ঢাকা, ১৯৭৭ খ্রি. ।

## ঘ. পুরোনো বাংলা সাহিত্য

আলাওল (রচয়িতা), পদ্মাবতী (দ্বিতীয় খণ্ড), সম্পাদক : দেবনাথ বন্দ্যোপাধ্যায়, পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ, কলিকাতা, ১৯৮৫ খ্রি. ।

কবিকঙ্কণ মুকুন্দরাম (মূলরচয়িতা), চণ্ডীমঙ্গল, সম্পাদক : সুকুমার সেন, সাহিত্য অকাদেমি, নতুন দিল্লী, ১৯৯৩ খ্রি. (২য় সং. : ৩য় মুদ্রণ) ।

কাশীরাম দাস (মূলরচয়িতা), কাশীদাসী মহাভারত, সম্পাদক : সুবোধচন্দ্র মজুমদার, দেবসাহিত্য কুটীর প্রা.লি., কলিকাতা, ১৯৭৬ খ্রি. ।

কৃত্তিবাস (প্রণেতা), রামায়ণ, সম্পাদক : শ্রীহরেকৃষ্ণ মুখোপাধ্যায়, সাহিত্যসংসদ্ কলিকাতা, ১৯৮৩ খ্রি. (১ম প্রকাশ : পুনর্মুদ্রণ) ।

কৃষ্ণদাস বাবাজী (রচয়িতা), ভক্তমালগ্রন্থ, সম্পাদক : দুর্গাদাস লাহিড়ী, বঙ্গবাসী প্রেস, কলিকাতা, ১৩২০ বঙ্গাব্দ (২য় সং.) ।

ঘনরাম চক্রবর্তী (প্রণেতা), শ্রীধর্মমঙ্গল, সম্পাদক : পীযূষকান্তি মহাপাত্র, কলিকাতা বিশ্ববিদ্যালয়, কলিকাতা, ১৯৬২ খ্রি ।

বিজয়গুপ্ত (মূলরচয়িতা), পদ্মাপুরাণ, সম্পাদক : জয়ন্তকুমার দাসগুপ্ত, কলিকাতা বিশ্ববিদ্যালয়, কলিকাতা, ১৯৬২ খ্রি. ।

ভারতচন্দ্র রায়গুণাকর (প্রণেতা), ভারতচন্দ্রগ্রন্থাবলী (অন্নদামঙ্গলসহ), সম্পাদক : ব্রজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ও সজনীকান্ত দাস, বঙ্গীয় সাহিত্যপরিষৎ, কলিকাতা, ১৯৪২-৪৩খ্রি. ।

মহাকবি চণ্ডীদাস (মূলরচয়িতা), শ্রীকৃষ্ণকীর্তন, সম্পাদক : বসন্তরঞ্জন রায়, বঙ্গীয় সাহিত্যপরিষৎ, কলিকাতা, ১৩৪২ বঙ্গাব্দ (২য় সং.)।

মানিকরাম গাঙ্গুলি (প্রণেতা), ধর্মমঙ্গল, সম্পাদক : বিজিতকুমার দত্ত ও সুনন্দা দত্ত, কলিকাতা বিশ্ববিদ্যালয়, কলিকাতা, ১৯৬০ খ্রি.।

মুকুন্দরাম (মূলরচয়িতা), কবিকঙ্কণচণ্ডী (প্রথম ভাগ), সম্পাদক : শ্রীকুমার বন্দ্যোপাধ্যায় ও বিশ্বপতি চৌধুরী, কলিকাতা বিশ্ববিদ্যালয়, কলিকাতা, ১৯৭৫ খ্রি.।

মুহম্মদ আবদুল হাই ও ড. আহমদ শরীফ (সম্পাদক), মধ্যযুগের বাঙলা গীতিকবিতা, মাওলা ব্রাদার্স, ঢাকা, ১৩৮০ বঙ্গাব্দ (পরিবর্তিত ও পরিবর্ধিত সংস্করণ : দ্বিতীয় মুদ্রণ)।

মুহম্মদ খান (মূলরচয়িতা), মক্তুল হোসেন, সম্পাদক : মুহম্মদ শাহজাহান মিয়া। [প্রকাশিতব্য গ্রন্থ]।

মুহম্মদ শাহজাহান মিয়া (রচয়িতা), শ্রীরায়বিনোদ : কবি ও কাব্য, বাংলা একাডেমী, ঢাকা, ১৯৯১ খ্রি.।

রাধামাধব দত্ত (মূলরচয়িতা), মনসাপাঁচালি, সম্পাদক : অমলেন্দু ভট্টাচার্য, প্রকাশক : সবিতা দত্ত ও নন্দিতা দত্ত, শিলঙ (মেঘালয় : ভারত), ২০০৪ খ্রি.।

রামপ্রসাদ সেন (প্রণেতা), বিদ্যাসুন্দর, (কবিরঞ্জন রামপ্রসাদ সেনের গ্রন্থাবলী : শ্রীউপেন্দ্রনাথ মুখোপাধ্যায়-সম্পাদিত), বসুমতী কার্যালয়, কলিকাতা, ১৩১৭ বঙ্গাব্দ।

শ্রীরায় বিনোদ (প্রণেতা), পদ্মাপুরাণ, সম্পাদক : মুহম্মদ শাহজাহান মিয়া, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা, ১৯৯৩ খ্রি.।

হরিপদ চক্রবর্তী, ড. (রচয়িতা), দাশরথি ও তাঁহার পাঁচালী, এ. মুখার্জী অ্যাণ্ড কোং প্রা. লি., কলিকাতা, ১৩৬৭ বঙ্গাব্দ (=১৯৬১ খ্রি.)।

হামিদ (প্রণেতা), সংগ্রামহুসন, সম্পাদনা ও আলোচনা : মুহম্মদ শাহজাহান মিয়া, জ্যোতিঃপ্রকাশন, ঢাকা, ২০০২ খ্রি.।

হেয়াতনন্দন নজরমামুদ (প্রণেতা), তৌহিদঈমান, সম্পাদক : ড. মুহম্মদ শাহজাহান মিয়া, জ্যোতিঃপ্রকাশন, ঢাকা, ১৯৯৯ খ্রি.।

### ঙ. ভাষা, সাহিত্য ও সংস্কৃতি

আবদুল কাদির (সম্পাদক), নজরুল-রচনাবলী (৩য় খণ্ড), বাংলা একাডেমী, ঢাকা, ১৯৯৬ (১ম পুনর্মুদ্রণ : নতুন সংস্করণের)।

আবদুল হক চৌধুরী (রচয়িতা), চট্টগ্রামের সমাজ ও সংস্কৃতি, প্রকাশিকা : জোবাইদা বানু চৌধুরী, চট্টগ্রাম, ১৯৮০ খ্রি. ।

আহমদ শরীফ (প্রণেতা), বাঙালী ও বাঙলাসাহিত্য (১ম খণ্ড), বর্ণমিছিল, ঢাকা, ১৯৭৮ খ্রি. ।

আহমদ শরীফ (রচয়িতা), মধ্যযুগের সাহিত্যে সমাজ ও সংস্কৃতির রূপ, সময়প্রকাশন, ঢাকা, ২০০০ খ্রি. ।

ক্ষেত্রগুপ্ত (রচয়িতা), বাংলা সাহিত্যের সমগ্র ইতিহাস, গ্রন্থনিলয়, কলকাতা, ১৯৯৮ খ্রি. (৩য় সং.) ।

দীনেশচন্দ্র সরকার, ড. (প্রণেতা), সাংস্কৃতিক ইতিহাসের প্রসঙ্গ (প্রথমখণ্ড), সাহিত্যলোক, কলিকাতা, ১৩৮৯ বঙ্গাব্দ ।

দীনেশচন্দ্র সরকার, ড. (রচয়িতা), সাংস্কৃতিক ইতিহাসের প্রসঙ্গ (দ্বিতীয় খণ্ড), সাহিত্যলোক, কলিকাতা, ১৩৮৯ বঙ্গাব্দ ।

বারট্রান্ড রাসেল (মূলরচয়িতা), কর্তৃত্ব ও ব্যক্তিসত্তা, (ভাষান্তর : শামীম আহ্‌মেদ), শব্দগুচ্ছ, ঢাকা, ২০০৪ খ্রি. ।

মুহম্মদ এনামুল হক (প্রণেতা), চট্টগ্রামী বাঙ্গালার রহস্যভেদ, কোহিনূর লাইব্রেরী, ১৯৩৫ খ্রি. ।

মুহম্মদ শাহজাহান মিয়া (সম্পাদক), "পীরমাহমুদ সংগৃহীত-সঙ্কলিত 'চিকিৎসাসংগ্রহ' ", অন্যপ্রকাশ, ঢাকা, ২০১২ খ্রি. ।

মুহম্মদ শাহজাহান মিয়া (সঙ্কলক), পুরোনো বাংলা দলিলপত্র, জ্যোতিঃপ্রকাশন, ঢাকা, ১৯৯১ খ্রি. ।

মুহম্মদ শাহজাহান মিয়া (প্রণেতা), প্রবন্ধপঞ্চক, জ্যোতিঃপ্রকাশন, ঢাকা, ২০১৭ খ্রি. ।

মুহম্মদ শাহজাহান মিয়া (রচয়িতা), প্রবন্ধসমুচ্চয়, জ্যোতিঃপ্রকাশন, ঢাকা, ২০০৮ খ্রি. ।

মুহম্মদ শাহজাহান মিয়া (প্রণেতা), বাংলাদেশের গ্রামনাম : অবহেলিত জনগোষ্ঠীর প্রতি সহমর্মিতা, জ্যোতিঃপ্রকাশন, ঢাকা, ২০২১ খ্রি. ।

মুহম্মদ শাহজাহান মিয়া (রচয়িতা), বাংলাদেশের গ্রামনাম : বঙ্গবহির্বর্তী ভারতীয় তীর্থসমূহের স্মৃতি, জ্যোতিঃপ্রকাশন, ঢাকা, ২০১৮ খ্রি. ।

মুহম্মদ শাহজাহান মিয়া (প্রণেতা), বাংলা পাণ্ডুলিপি পাঠসমীক্ষা, বাংলা একাডেমী, ঢাকা, ১৯৮৪ খ্রি. ।

রফিকুল ইসলাম (প্রণেতা), ভাষাতত্ত্ব, নওরোজ কিতাবিস্তান, ঢাকা, ১৯৭০ খ্রি. ।

সুকুমার সেন (প্রণেতা), বাঙ্গালা সাহিত্যের ইতিহাস (১ম খণ্ড : পূর্বার্ধ), ইস্টার্ণ পাবলিশার্স, কলকাতা, ১৯৭৮ খ্রি. ।

সুনীতিকুমার চট্টোপাধ্যায় (রচয়িতা), বাঙ্গলা ভাষা-প্রসঙ্গে, জিজ্ঞাসা, কলিকাতা, ১৯৭৫ খ্রি. ।

সুনীতিকুমার চট্টোপাধ্যায় (রচয়িতা), ভারতসংস্কৃতি, মিত্র ও ঘোষ পাবলিশার্স প্রা. লি., কলকাতা, ১৪২২ বঙ্গাব্দ (৩য় পরিমার্জিত সং. : ৭ম মুদ্রণ) ।

### চ. জেলাগেজেটীয়ারসমূহ
#### (বাংলা)

বাংলাদেশ জেলাগেজেটীয়ার কুষ্টিয়া (বর্তমান কুষ্টিয়া, চুয়াডাঙ্গা ও মেহেরপুর জেলার গেজেটীয়ারবদ্ধ বিবরণ), প্রধানসম্পাদক : নুরুল ইসলাম খান, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, ১৯৯১ খ্রি. ।

বাংলাদেশ জেলাগেজেটীয়ার টাঙ্গাইল, প্রধানসম্পাদক : নুরুল ইসলাম খান, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, ১৯৯০ খ্রি. ।

বাংলাদেশ জেলাগেজেটীয়ার বৃহত্তর দিনাজপুর (বর্তমান দিনাজপুর, পঞ্চগড় ও ঠাকুরগাঁও জেলার বিবরণ), প্রধানসম্পাদক : নুরুল ইসলাম খান, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, ১৯৯১ খ্রি. ।

বাংলাদেশ জেলাগেজেটীয়ার পটুয়াখালী (পটুয়াখালী ও বরগুনা জেলার পুনর্বিন্যাসের পূর্ববিবরণ), সাধারণসম্পাদক : মেজর জেনারেল (অবসরপ্রাপ্ত) এম.এ.লতিফ, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, ১৯৮৬ খ্রি. ।

বাংলাদেশ জেলাগেজেটীয়ার পাবনা (বর্তমান পাবনা ও সিরাজগঞ্জ জেলার গেজেটীয়ারবদ্ধ ইতিবৃত্ত), প্রধানসম্পাদক : নুরুল ইসলাম খান, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, ১৯৯০ খ্রি. ।

বাংলাদেশ জেলাগেজেটীয়ার বাখরগঞ্জ (বরিশাল, ভোলা, পিরোজপুর ও ঝালকাঠি জেলার পুনর্বিন্যাসের পূর্ববিবরণ), সাধারণসম্পাদক : মেজর জেনারেল (অবসরপ্রাপ্ত) এম.এ.লতিফ, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, ১৯৮৪ খ্রি. ।

বাংলাদেশ জেলাগেজেটীয়ার বৃহত্তর ময়মনসিংহ (বর্তমান ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোনা, শেরপুর ও কিশোরগঞ্জ জেলার আর্থ-সামাজিক-রাজনৈতিক-সাংস্কৃতিক বিবরণ), প্রধানসম্পাদক : নুরুল ইসলাম খান, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, ১৯৯২ খ্রি. ।

বাংলাদেশ জেলাগেজেটীয়ার বৃহত্তর যশোর (প্রাকৃতিক ও আর্থ-সামাজিক ইতিহাস), সাধারণ সম্পাদক : মাহবুব তালুকদার, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার (সংস্থাপন মন্ত্রণালয়), ঢাকা, ১৯৯৮ খ্রি. ।

বাংলাদেশ জেলাগেজেটীয়ার রংপুর (বর্তমান রংপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমণিরহাট ও নীলফামারী জেলার গেজেটীয়ারবদ্ধ বিবরণ), প্রধানসম্পাদক : নুরুল ইসলাম খান, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, ১৯৯০ খ্রি. ।

বাংলাদেশ জেলাগেজেটীয়ার বৃহত্তর রাজশাহী (বর্তমান রাজশাহী, নাটোর, নওগাঁ ও নবাবগঞ্জজেলার গেজেটীয়ারবদ্ধ আর্থ-সামাজিক-ঐতিহাসিক বিবরণ), প্রধানসম্পাদক : নুরুল ইসলাম খান, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা, ১৯৯১ খ্রি. ।

**(ইংরেজি)**

Bangladesh District Gazetteers BOGRA, General Editor : K.G.M. LATIFUL BARI, Bangladesh Government Press, Dacca, 1979.

Bangladesh District Gazetteers COMILLA, General Editor : NURUL ISLAM KHAN, Bangladesh Government Press, Dacca, 1977.

Bangladesh District Gazetteers FARIDPUR, General Editor : NURUL ISLAM KHAN, Bangladesh Government Press, Dacca, 1977.

East Pakistan District Gazetteers CHITTAGONG, General Editor : S.N.H. RIZVI, East Pakistan Government Press, Dacca, 1970.

East Pakistan District Gazetteers DACCA, General Editor : S.N.H. RIZVI, East Pakistan Government Press, Dacca, 1969.

East Pakistan District Gazetteers SYLHET, General Editor : S.N.H. RIZVI, East Pakistan Government Press, Dacca, 1970